 বাক্যও গ্রাহ্য কবিতেন্নে ন। ; সুতবাং উনি মোহিতেন্নে ত্রায়ই হইয়াছেন ॥১৬॥

অতএব আমি মনে কবি—নিষ্কয়ই মহাত্মা নিষধবাজের দোষ নাই।
 যেহেতু বাজা মোহিত বলিয়া আমাব কথাও গ্রাহ্য কবিতেন্নে ন। ॥১৭॥

সুতবাং সাবথি ! আমি তোমাব শবণাপন্ন হইলাম, তুমি আমাব কথা
 রক্ষা কব ; আমাব মন নিরুদ্ধেগ হইতেছে ন। ; হয় ত রাজা বাজ্যভ্রষ্টও হইতে
 পাবেন ॥১৮॥

অতএব বাজাব প্রিয় এবং মনেব ত্রায় বেগগামী অশ্বগুলিকে বথে যোজিত
 কবিয়া, তাহাতে এই বালক ও বালিকাটিকে তুলিয়া লইয়া তুমি আমাব
 পিতৃরাজধানী কুণ্ডিননগবে গমন কব ॥১৯॥

দময়ন্ত্যাস্ত তদ্বাক্যং বাৰ্ষেযো নলসারথিঃ ।
 শ্ৰবেদয়দশেষেণ নলামাত্যেবু মুখ্যশঃ ॥২১॥
 তৈঃ সমেত্য বিনিশ্চিত্য সোহনুজ্ঞাতো মহীপতে ! ।
 বর্যো মিথুনমাবোপ্য বিদভাংস্তেন বাহিনা ॥২২॥
 হয়ান্তত্র বিনিষ্কিপ্য সূতো বথববঞ্চ তম্ ।
 ইন্দ্রসেনাঞ্চ তাং কন্যামিন্দ্রসেনঞ্চ বালকম্ ॥২৩॥
 আমন্ত্র্য ভীমং বাজানমার্তঃ শোচন্ নলং নৃপম্ ।
 অটমানস্ততোহঘোধ্যাং জগাম নগরীং তদা ॥২৪॥ (যুগ্মকম্)
 স্বাতুপর্ণং স বাজানমুপতশ্ছে স্নহুঃখিতঃ ।
 ভূতিক্ষোপযর্যো তশ্চ সাবথেন মহীপতেঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি
 নলোপাখ্যানেন নলদ্যুতে পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মমেতি । জ্ঞাতিবু পিত্রাদিষু, দাবকো ইমে মৎপুত্রকণ্ঠে, শ্রদ্ধনং ব্রথম্ ॥২০॥
 দমেতি । শ্ৰবেদয়ৎ, তদমাত্যানামভিপ্ৰায়জ্ঞানার্থমিত্যাশয়ঃ, মুখ্যশঃ প্রধানেষু ॥২১॥
 তৈরিত্তি । সমেত্য মিলিত্বা । স বাৰ্ষেয়ঃ । মিথুনং পুত্রকণ্ঠে । বাহিনা ব্রথেন ॥২২॥
 হয়ানিত্তি । হয়ানখান্, তত্র দময়ন্ত্যা জ্ঞাতিবু । অটমানঃ পর্যটন ॥২৩—২৪॥

তা'ব পর, এই বালক দুইটীকে, বথখানাকে এবং এই অশ্বগুলিকে আমার
 জ্ঞাতিদেব নিকটে রাখিয়া তুমি ইচ্ছানুসাবে হয় সেখানে থাকিও, না হয়
 অত্র যাইও" ॥২০॥

কিন্তু নলসারথি বাৰ্ষেয় নলের প্রধান মন্ত্রিগণের নিকট যাইয়া দময়ন্তীব
 সেই কথা সম্পূর্ণ জানাইল ॥২১॥

বাজা । সেই মন্ত্রীরা মিলিত হইয়া স্থির কবিয়া বাৰ্ষেয়কে অনুমতি
 দিলেন ; তখন বাৰ্ষেয় নলেব পুত্রটী ও কন্যাটীকে রথে তুলিয়া লইয়া সেই
 বথেই বিদভদেশে চলিয়া গেল ॥২২॥

বাৰ্ষেয়—নলেব কন্যা ইন্দ্রসেনাকে, পুত্র ইন্দ্রসেনকে, অশ্বগুলিকে এবং
 সেই উৎকৃষ্ট বথখানাকে সেখানে রাখিয়া, ভীমবাজাব অনুমতি লইয়া, দুঃখিত
 অবস্থায় নলের সম্বন্ধে শোক কবিতে থাকিয়া, বিচরণ কবিতে কবিতে
 অযোধ্যানগরে যাইয়া উপস্থিত হইল ॥২৩—২৪॥

* '...যষ্টিতমঃ...'—বা ব কা, '...অষ্টপঞ্চাশঃ...'—পি, '...সপ্তপঞ্চাশঃ...'—নি ।

একপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৃহদশ্ব উবাচ ।

ততস্ত য়াতে বাৰ্ষেৰে পুণ্যল্লোকস্ত দীব্যতঃ ।
পুষ্কবেণ হতং রাজ্যং যচ্চান্যদ্বস্ত কিঞ্চন ॥১॥
হতরাজ্যং নলং বাজন্ । প্রহসন্ পুষ্কবোহব্রবীৎ ।
দ্যুতং প্রবর্ততাং ভূয়ঃ প্রতিপাণোহস্তি কস্তব ॥২॥
শিষ্টা তে দময়ন্ত্যেকা সৰ্ব্বমন্ত্যজ্জিতং ময়া ।
দময়ন্ত্যাঃ পণঃ সাধু বর্ততাং যদি মন্ত্যসে ॥৩॥

ভাবতকৌমুদী

ঋত্বিতি । ঋতুপৰ্ণং নাম, স বাৰ্ষেয়ঃ, উপতস্থে সেবিতবান্ । ভৃত্তিং বেতনম্ ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবির-
চিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপৰ্ব্বণি
নলোপাধ্যানে পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি । বাৰ্ষেয়ে সায়ৰ্থো, পুণ্যল্লোকস্ত নলস্ত, দীব্যতঃ ক্ৰীডতঃ । বস্তু ধনম্ ॥১॥
হতেতি । ভূয়ঃ পুনরপি । প্রতিপাণঃ প্রতিপক্ষভাবেন পণনীয়ভব্যম্ ॥২॥
শিষ্টেভি । শিষ্টা অবশিষ্টা । যদি সাধু মন্ত্যসে ইতি সঙ্কল্পঃ ॥৩॥

ভাবতভাবদীপঃ

শেষঃ ॥১৮॥ মিথুনং কুমারীং কুমারঞ্চ, কুণ্ডিনং ভীষ্মস্ত নগরম্ ॥১৯—২০॥ মুখ্যাশো
মুখ্যেবু মুখ্যেবু ॥২১॥ বাহিনা অশ্বরথেন ॥২২—২৩॥ অটমানো বেতনার্থী পর্য্যটন্ ॥২৪॥
ভৃত্তিং বেতনম্ ॥২৫॥

ইতি শ্ৰীমহাভারতে বনপৰ্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫০॥

অত্যন্ত দুঃখিত বাৰ্ষেৰ অযোধ্যার রাজা ঋতুপৰ্ণের আশ্রয় লইল এবং
সেই বাজাবই সাবথিব কার্য্য লইয়া বেতন পাইতে লাগিল” ॥২৫॥

—ঃ*ঃ—

বৃহদশ্ব বলিলেন—“বার্ষেয়সারথি চলিয়া গেলে পর, দ্যুতপ্রবৃত্ত নলের
বাজ্য এবং অত্র যে কিছু ধন ছিল, তাহা পুষ্কর হবণ কবিলেন ॥১॥

রাজা ! নল হতসৰ্ব্বস্ব হইলে, পুষ্কর হাসিতে হাসিতে তাঁহাকে
বলিলেন—“আবাবও খেলা আবস্ত হউক, আপনাব প্রতিপণ কি আছে ? ॥২॥

আপনাব একমাত্র দময়ন্তীই অবশিষ্ট আছেন, আব সকলই ত আমি
জয় করিয়াছি ; সুতবাং আপনি যদি ভাল মনে করেন, তবে দময়ন্তীকেই
পণ ধকন” ॥৩॥

পুঙ্কবেগৈবমুক্তস্য পুণ্যল্লোকস্য মনু্যনা ।
 ব্যদীর্ঘ্যতেব হৃদয়ং ন চৈনং কিঞ্চিদব্রবীৎ ॥৪॥
 ততঃ পুঙ্করমালোক্য নলঃ পবমমনু্যমান্ ।
 উৎসৃজ্য সৰ্ববগাত্রেভ্যো ভূষণানি মহাযশাঃ ॥৫॥
 একবাসা হৃসংবীতঃ স্তহ্ছেছোকবিবর্দ্ধনঃ ।
 নিশ্চক্রাম ততো বাজা ত্যক্ত্বা সুবিপুলাং শ্রিয়ম্ ॥৬॥ (যুগ্মকম্)
 দময়ন্ত্যেকবস্ত্রাথ গচ্ছন্তং পৃষ্ঠতোহনুগাৎ ।
 স তয়া বাহুতঃ সার্কং ত্রিবাত্রং নৈষধোহবসৎ ॥৭॥
 পুঙ্কবস্ত্র মহাবাজ । ঘোষণামাস বৈ পুরে ।
 নলে যঃ সম্যাগাতিষ্ঠেৎ স গচ্ছেৎ বধ্যতাং মম ॥৮॥
 পুঙ্কবস্ত্র তু বাক্যেন তস্য বিদ্বেষণেন্চ ।
 পৌবা ন তস্য সৎকারং কৃতবন্তো যুধিষ্ঠির । ॥৯॥

ভারতকৌমুদী

পুঙ্কবেগেতি । পুণ্যল্লোকস্য নলস্য, মনু্যনা দৈতেন । এনং পুঙ্করম্ ॥৪॥
 তত ইতি । পবমমনু্যমান্ অতীবদৈন্তমুক্তঃ । অসংবীতঃ অনাবৃত্তোর্দ্ধকারঃ ॥৫—৬॥
 দময়ন্তীতি । গচ্ছন্তং নলম্ । বাহুতো রাজধানীতো বাহির্দেশে ॥৭॥
 পুঙ্কর ইতি । সম্যাগাতিষ্ঠেৎ উপযুক্তসৎকারমাশ্রয়েৎ কুর্যাদিত্যর্থঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ১। প্রতিপাণঃ পণনীষং ত্রয়ম্ ২—৬। ময়া সার্কম্, বাহুতঃ বাহিঃ ৭—৮।

পুঙ্কব এইরূপ বলিলে, নলেব হৃদয় যেন বিষাদে বিদীর্ণ হইয়া গেল; অথচ তিনি পুঙ্কবকে কিছুই বলিলেন না ॥৪॥

তাহাব পব, মহাযশা ও অতি বিষন্নহৃদয় নল পুঙ্কবেব দিকে দৃষ্টিপাত করিয়া, সমস্ত অঙ্গ হইতে অলঙ্কার খুলিয়া ফেলিয়া, একবস্ত্র, অনাবৃত্ত দেহ এবং বন্ধুবর্গেব শোকবর্দ্ধক হইয়া, অতিবিপুল সম্পদ পবিত্যাগ কবিয়া, বাজধানী হইতে নির্গত হইলেন ॥৫—৬॥

তখন দময়ন্তীও একবস্ত্রে তাঁহাব পিছনে পিছনে গমন কবিলেন; এইভাবে নলবাজা দময়ন্তীব সহিত বাজধানীব বাহিবে তিন দিন বাস কবিলেন ॥৭॥

মহাবাজ! পুঙ্কর তখন বাজধানীতে ঘোষণা কবিয়া দিলেন যে, 'যে লোক নলেব সমাদব কবিবে, সে আমাব বধ্য হইবে' ॥৮॥

যুধিষ্ঠির! পুববাসীবা পুঙ্কবেব বাক্যে নলেব প্রতি তাঁহার গুণকতব বিদ্বেষ জন্মিয়াছে বুঝিয়া নলেব প্রতি সমাদব করিল না ॥৯॥

স তথা নগৰাভ্যাসে সৎকার্যহৌ ন সৎকৃতঃ ।
 ত্ৰিবাত্ৰমুষিতো বাজা জলমাত্ৰেণ বৰ্তয়ন্ ॥১০॥
 পীড়্যমানঃ ক্ষুধা তত্র ফলমূলানি কর্ষয়ন্ ।
 প্রাতিষ্ঠত ততো বাজা দময়ন্তী তমস্ৰগাৎ ॥১১॥
 ক্ষুধয়া পীড়্যমানস্ত নলো বহুতিথেহহনি ।
 অপশ্যচ্ছকুনান্ কাংশ্চিচ্ছিবণ্যসদৃশচ্ছদান্ ॥১২॥
 স চিন্তয়ামাস তদা নিষধাধিপতিৰ্বলী ।
 অস্তি ভক্ষ্যা মমাঢ্যায়ং বস্ব চেদং ভবিষ্যতি ॥১৩॥
 ততস্তান্ পরিধানেন বাসসা স সমাবরণোৎ ।
 তস্য তদ্বস্ত্রমাদায় সৰ্ব্বৈ জগ্মু বিহায়সা ॥১৪॥
 উৎপতন্তঃ ধগা'বাক্যমেতদাহুস্ততো নলম্ ।
 দৃষ্ট্বা দিগ্বাসসং ভূমৌ স্থিতং দীনমধৌমুখম্ ॥১৫॥

ভারতকৌমুদী

পুঙ্করশ্চেতি । তস্ত পুঙ্করস্ত, বিদ্বেষণেন নলং প্রতি বিদ্বেষ্যে জাত ইতি জ্ঞানেন ॥১॥
 স ইতি । স নলঃ নগরস্ত অভ্যাসে নিকটে । উষিতঃ স্থিতঃ । বৰ্তয়ন্ জীবন্ ॥১০॥
 পীড়্যমান ইতি । কর্ষয়ন্ অন্নিয়ন্ । ততো নগরাভ্যাসাদপি ॥১১॥
 ক্ষুধয়েতি । বহুতিথে বহুপূরণে । শকুনান পক্ষিণঃ, ছিবণ্যসদৃশচ্ছদান্ স্বৰ্ণতুল্যপক্ষান্ ॥১২॥
 স ইতি । অয়ং পক্ষিগণঃ, ইদম্ এতেষাং পক্ষগতং স্বৰ্ণম্, বস্ব ধনম্ ॥১৩॥
 তত ইতি । তান্ শকুনান্, বাসসা দেহাহুস্তেন । সৰ্ব্বৈ তে শকুনাঃ ॥১৪॥

স্নুতরাং আদবেব যোগ্য নলবাজা আদৃত না হইয়াও কেবল জল পান করিয়াই
 তিন দিন বাজধানীৰ নিকটে বাস কবিলেন ॥১০॥

নল সেখানে ক্ষুধায় পীড়িত হইতে থাকিয়া ফলমূলেব অন্বেষণ করিতে
 করিতে তথা হইতে প্রস্থান কবিলেন ; তখন দময়ন্তীও তাঁহাব অনুসরণ কবিতে
 লাগিলেন ॥১১॥

এইভাবে বহু দিন অতীত হইলে, একদিন ক্ষুধার্ত নল—স্বৰ্ণবর্ণপক্ষযুক্ত কতক-
 গুলি পক্ষী দেখিতে পাইলেন ॥১২॥

তখন বলবান্ নল চিন্তা করিলেন যে, 'আজ আমাব এই পাখীগুলি খাও হইবে
 এবং এই পাখীগুলি ধন হইবে' ॥১৩॥

তাহাব পব, তিনি আপন পবিধানের কাপড় খুলিয়া তাহা দ্বারা সেই পাখী-
 গুলিকে ঢাকিয়া ফেলিলেন ; অমনি সেই পাখীগুলি তাঁহাব সেই কাপড় লইয়া
 আকাশে উড়িয়া গেল ॥১৪॥

বয়মক্ষাঃ স্ত্রুবুদ্ধে । তব বাসো জিহীর্ষবঃ ।
 আগতা ন হি নঃ প্রীতিঃ সवासসি গতে ত্বয়ি ॥১৬॥
 তান্ সমীক্ষ্য গতানক্ষান্ আত্মানঞ্চ বিবাসসম্ ।
 পুণ্যশ্লোকস্তদা বাজন্ । দময়ন্তীমথাত্রবৌৎ ॥১৭॥
 যেষাং প্রকোপাদৈশ্বর্যাৎ প্রচ্যুতোহহমনিন্দিতে ! ।
 প্রাণযাত্রাং ন বিন্দেয়ং দুঃখিতঃ ক্ষুধয়ান্তিতঃ ॥১৮॥
 যেষাং কৃতে ন সৎকাবমকুর্বন্ ময়ি নৈষধাঃ ।
 ইমে তে শকুনা ভূত্বা বাসো ভীরু ! হরন্তি মে ॥১৯॥ (যুগ্মকম্)
 বৈষম্যং পরমং প্রাপ্তো দুঃখিতো গতচেতনঃ ।
 ভর্তা তেহহং নিবোধেদং বচনং হিতমাত্মনঃ ॥২০॥

ভাবতকৌমুদী

উৎপত্তন্ত ইতি । খগাস্তে পক্ষিণঃ । আত্মকুর্বন্তি স্ম । দিগামসং নগম্ ॥১৫॥
 বয়মিতি । জিহীর্ষবো হর্ষমিচ্ছবঃ সন্ত আগতাঃ । হি যস্মাৎ ॥১৬॥
 জানিতি । গতান্ ততঃ প্রস্থিতান্, অক্ষান্ পাশকান্ । পুণ্যশ্লোকো নলঃ ॥১৭॥
 যেষামিতি । ঐশ্বর্যাৎ রাজ্যাদিসম্পত্তিতঃ । প্রাণযাত্রাং প্রাণধারণোপযোগী খাত্তম্,
 ন বিন্দেয়ং ন লভেয় । কৃতে নিমিস্তে । নৈষধা নিষধদেশবাসিনো জনাঃ ॥১৮—১৯॥
 বৈষম্যমিতি । বৈষম্যং সঙ্কটম্ । অহং তে ভর্তা, অতো মদ্বচনং ত্বয়া গ্রাহম্ ॥২০॥

তখন নল নগ্ন হওয়ায় কাতব ও অধোমুখ হইয়া ভূতলে অবস্থান করিতে
 লাগিলেন, ইহা দেখিয়া সেই উড্ডীন পক্ষীগুলি নলকে এই কথা বলিল—॥১৫॥

“অতিদুবুদ্ধি নল । আমবা সেই পাশা, তোমাব বস্ত্র হরণ করিবাব ইচ্ছাতেই
 আসিয়াছিলাম । কাবণ, তুমি সবস্ত্র অবস্থায় গেলে আমাদেরব আনন্দ
 হয় না” ॥১৬॥

বাজা ! সেই পাশাগুলি চলিয়া গেল এবং নিজে বিবস্ত্র হইয়াই বহিলেন ইহা
 দেখিয়া নল তখন দময়ন্তীকে বলিলেন—॥১৭॥

“অনিন্দিতে ! দময়ন্তি ! যাহাদেব কোপে আমি ঐশ্বর্যভ্রষ্ট হইয়াছি এবং
 দুঃখিত ও ক্ষুধার্ত হইয়া প্রাণধারণের উপযোগী খাত্ত পাইতেছি না, আর যাহাদেব
 জন্ত নিষধবাসী লোকেবা আমাব আদর কবিল না, তাহাবাই এই পক্ষী হইয়া আমার
 বস্ত্র হরণ কবিতেছে । ॥১৮—১৯॥

আমি অত্যন্ত সঙ্কটে পড়িয়াছি এবং দুঃখিত ও চৈতন্যহীনের ন্যায় হইয়াছি ।
 (সে যাহা হউক,) আমি তোমার স্বামী ; সুতবাং তুমি নিজের হিতকব এই বাক্য
 শ্রবণ কর ॥২০॥

এতে গচ্ছন্তি বহবঃ পস্থানো দক্ষিণাপথম্ ।
 অবন্তীম্বক্ষবন্তঞ্চ সমতিক্রম্য পর্বতম্ ॥২১॥
 এষ বিক্ষ্যো মহাশৈলঃ পয়োষ্ণী চ সমুদ্রগা ।
 আশ্রমাশ্চ মহর্ষীগাং বহুমূলফলান্বিতাঃ ॥২২॥
 এষ পস্থা বিদর্ভাণামসৌ গচ্ছতি কোশলাম্ ।
 অতঃ পবঞ্চ দেশোহয়ং দক্ষিণে দক্ষিণাপথঃ ॥২৩॥
 এতদ্বাক্যং নলো রাজা দময়ন্তীং সমাহিতঃ ।
 উবাচাসকৃদার্ত্তো হি ভৈমীমুদ্दिश्य ভাবত ! ॥২৪॥
 ততঃ সা বাষ্পকলয়া বাচা ছুঃখেন কৰ্ষিতা ।
 উবাচ দময়ন্তী তং নৈষধং করুণং বচঃ ॥২৫॥
 উদ্বিপতে মে হৃদয়ং সীদন্ত্যঙ্গানি সর্ববশঃ ।
 তব পার্থিব ! সঙ্কল্পং চিন্তয়ন্ত্যাঃ পুনঃ পুনঃ ॥২৬॥

ভারতকৌমুদী

এত ইতি । দক্ষিণাপথং দেশম্, অবন্তীং তদাখ্যং দেশম্, ঋক্ষবন্তং নাম ॥২১॥
 এষ ইতি । পয়োষ্ণী তদাখ্যা, সমুদ্রগা নদী । আশ্রমাশ্চ দৃশ্যন্তে ॥২২॥
 এষ ইতি । বিদর্ভাণাং তব পিতৃদেশস্ত । অসৌ পস্থাঃ । কোশলামযোধ্যাম্ ॥২৩॥
 এতদ্বিত্তি । সমাহিতঃ নাগ্রহ ইত্যর্থঃ, দময়ন্ত্যা বিদর্ভদেশে গমনান্তেত্যাশয়ঃ ॥২৪॥
 তত ইতি । বাষ্পেণ কলয়া মধুরাশ্বটয়া গদগদয়েত্যর্থঃ । নৈষধং নলম্ ॥২৫॥

এই বহুতর পথ অবন্তীদেশ ও ঋক্ষবান্ পর্বত অতিক্রম কবিয়া দাক্ষিণাত্য-
 দেশের দিকে গিয়াছে ॥২১॥

এই বিক্ষ্যানামক মহাপর্বত, এই পয়োষ্ণী নদী এবং এই সকল মহর্ষিগণের
 প্রচুব ফলমূলযুক্ত আশ্রম দেখা যাইতেছে ॥২২॥

এইটী বিদর্ভদেশের পথ, এই পথটী অযোধ্যার দিকে গিয়াছে এবং ইহার পব
 দক্ষিণদিকে এই দাক্ষিণাত্যদেশ দেখা যাইতেছে” ॥২৩॥

ভরতনন্দন । নলবাজা কাতব হইয়া আগ্রহসহকাবে এই কথাগুলি বাব বার
 ভীমনন্দিনী দময়ন্তীকে লক্ষ্য কবিয়া বলিলেন ॥২৪॥

তাহার পব, দময়ন্তী অত্যন্ত ছুঃখিত হইয়া বাষ্পগদগদ বাক্যে করুণভাবে নলকে
 এই কথা বলিলেন— ॥২৫॥

“মহারাজ ! আপনার উদ্দেশ্যটাকে বার বার চিন্তা করিয়া আমার হৃদয় অত্যন্ত
 কম্পিত হইতেছে এবং অঙ্গ সকল অবসন্ন হইতেছে ॥২৬॥

(২৬) উদ্বিপতে মে হৃদয়ম্...বা ব কা ।

হতবাজ্যং হতদ্রব্যং বিবস্ত্রং ক্ষুচ্ছু মাশ্বিতম্ ।
 কথমুৎসৃজ্য গচ্ছেয়ং ত্বামহং নিৰ্জনে বনে ॥২৭॥
 শ্রান্তস্য তে ক্ষুধার্তস্য চিন্তয়ানস্য তৎ স্তম্ ।
 বনে ধোবে মহাবাজ । নাশযিষ্যাম্যহং ক্লমম্ ॥২৮॥
 ন চ ভার্য্যাসমং কিঞ্চিদ্ধিগৃতে ভিষজাং মতম্ ।
 ঔষধং সৰ্ব্বদুঃখেষু সত্যমেতদব্রবীমি তে ॥২৯॥

নল উবাচ ।

এবমেতদ্যথাথ ত্বং দমযন্তি । স্তুমধ্যমে । ।
 নাস্তি ভার্য্যাসমং মিত্রং নরশ্রার্তস্য ভেষজম্ ॥৩০॥
 ন চাহং ত্যক্তু কামস্ত্রাং কিমলং ভীৰু । শঙ্কসে ।
 ত্যজেয়মপি চাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে । ॥৩১॥

ভাবতকৌমুদী

উদ্বিতি । উদ্বেষতে অতীবকম্পতে । সঙ্কল্পং মৎপিতৃভবনগমনবিষয়কম্ ॥২৬॥
 উক্তসঙ্কল্পে বিপ্রতিপত্তিমাহ—হতেতি । হতদ্রব্যং হতধনম্ । উৎসৃজ্য বিহায় ॥২৭॥
 ত্বয়া স্থিত্বাপি কিং কর্তব্যমিত্যাহ—শ্রান্তশ্চেতি । তৎ রাজত্বকালীনম্ ॥২৮॥
 নেতি । ভিষজাং চিকিৎসকানামুপদেষ্টৃণামিত্যর্থঃ, মতমভিপ্রেতমৌষধম্ ॥২৯॥
 এবমিতি । আথ ব্রবীমি । মিত্রং ভেষজঞ্চ, সাহায্যকরত্বাদার্জিনাশকত্বাচ্ছেতি ভাবঃ ॥৩০॥
 নেতি । অলমত্যস্তম্, হে ভীৰু । ভয়শীলে । । ত্যজেয়ং ত্যক্তুং শঙ্কুশাম্ ॥৩১॥

আপনি হতবাজ্য, হতদ্রব্য, বিবস্ত্র, ক্ষুধার্ত ও পবিশ্রান্ত ; এই অবস্থায় নিৰ্জনে বনমধ্যে আপনাকে পবিত্যাগ কবিয়া আমি কি প্রকাবে পিতৃভবনে গমন কবি ॥২৭॥

মহাবাজ । আপনি যখন ভয়ঙ্কর বনমধ্যে পবিশ্রান্ত ও ক্ষুধার্ত হইয়া সেই বাজত্বকালীন স্তুখেব চিন্তা কবিবেন, আমি তখন আপনাব ক্লান্তি দূব করিব ॥২৮॥

বাজা । চিকিৎসকদিগেব এই মত যে, সৰ্ব্বপ্রকাব দুঃখতেই ভার্য্যাব তুল্য কোন ঔষধ নাই ; ইহা আপনাকে সত্য বলিতেছি” ॥২৯॥

নল বলিলেন—“স্তুমধ্যমে । দমযন্তি । তুমি যাহা বলিলে, তাহা সত্য—পীড়িত লোকেব পক্ষে ভার্য্যাব তুল্য স্তুহৎ বা ঔষধ নাই ॥৩০॥

ভয়শীলে ! আমি ত তোমাকে ত্যাগ কবিতে ইচ্ছা কবিতেছি না, তবে তুমি কেন অধিক আশঙ্কা কবিতেছ । আমি আপনাকেও ত্যাগ কবিতে পারি, কিন্তু তোমাকে ত্যাগ কবিতে পারি না” ॥৩১॥

(৩১)...ত্যজেয়মহমাআনম্...বা ব কা ।

দময়ন্ত্যবাচ ।

যদি মাং হুং মহারাজ ! ন বিহাতুমিহেচ্ছসি ।
 তৎ কিমর্থং বিদর্ভাণাং পত্ন্যাঃ সমুপদিশ্যতে ॥৩২॥
 অর্বেমি চাহং নৃপতে ! ন হুং মাং ত্যক্তুমর্হসি ।
 চেতসা ত্বপকৃষ্টেন মাং ত্যজেথা মহীপতে ! ॥৩৩॥
 পত্ন্যানং হি মমাতীক্ষমাখ্যাসি চ নবোত্তম ! ।
 অতো নিমিত্তং শোকং মে বর্দ্ধয়শ্চমরোপম ! ॥৩৪॥
 যদি চায়মভিপ্রায়স্তব জ্ঞাতীন্ ব্রজেদিতি ।
 সহিতাবেব গচ্ছাবো বিদর্ভান্ যদি মন্যসে ॥৩৫॥
 বিদর্ভরাজস্তত্র হ্মাং পূজয়িষ্যতি মানদ ! ।
 তেন হুং পূজিতো রাজন্ । হুং বৎস্শসি নো গৃহে ॥৩৬॥

ভাবতকৌমুদী

যদীতি । বিহাতুং ত্যক্তুম্ । তৎ তদা । সমুপদিশ্যতে মহমিতি শেষঃ ॥৩২॥
 অর্বেমীতি । অপকৃষ্টেন দৈবাকৃষ্টেন, দ্যুতে রাজ্যাদিত্যাগবদিত্যাশয়ঃ ॥৩৩॥
 পত্ন্যানমিতি । অতীক্ষ্মং পুনঃ পুনঃ, আখ্যাসি ব্রবীষি, পূর্বমসকৃদিত্যাভিধানাৎ ॥৩৪॥
 যদীতি । দময়ন্তী জ্ঞাতীন্ পিতৃদীন ব্রজেৎ, ইত্যয়ং যদি তবাভিপ্রায় ইত্যয়ম্ ॥৩৫॥
 বিদর্ভেতি । যত্ত্বং মানদস্তস্ত শস্ত্রস্ত সম্মানকারী । নঃ অশ্মাকম্ ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

তস্ত নলস্ত ॥২॥ নগরাত্যাসে নগরসমীপে ॥১০—৩০॥ অলমত্যর্থম্ ॥৩১—৩২॥ অপকৃষ্টেন
 কলিকর্ষিতেন ॥৩৩—৩৫॥ যত্বপি পূজয়িষ্যতি তথাপি হুং হুং নো বৎস্শসি ন বাসং করিষ্যসি

দময়ন্তী বলিলেন—“মহারাজ ! আপনি যদি আমাকে ত্যাগ করিতে
 ইচ্ছা না করেন, তবে কেন বিদর্ভদেশেব পথেব উপদেশ দিতেছেন ? ॥৩২॥

রাজা ! আমি জানি যে, আপনি আমাকে ত্যাগ কবিতে পাবেন না ;
 কিন্তু দৈব যদি আপনার চিত্ত আকর্ষণ করে, তবে আমাকে ত্যাগ কবিতেও
 পারেন ॥৩৩॥

হে দেবতুল্যা ! নরশ্রেষ্ঠ ! আপনি বাব বার আমাব নিকট বিদর্ভদেশেব
 পথেব কথা বলিয়াছেন, সেই জন্তই আমার শোকবৃদ্ধি কবিয়াছেন ॥৩৪॥

‘দময়ন্তী তাঁহার জ্ঞাতিগণের নিকট গমন করুন’ ইহাই যদি আপনার
 অভিপ্রায় হয় এবং ইহা যদি মত করেন, তবে চলুন, আমবা ছুই জনেই মিলিত
 হইয়া বিদর্ভদেশে যাই ॥৩৫॥

(৩৩)....ন হু মাং...বা ব কা নি । (৩৬) শ্লোকাৎ পরম্ ‘...একষষ্টিতমঃ...’—বা ব
 কা, ‘...উনষষ্টিতমঃ...’—পি, ‘...অষ্টপঞ্চাশঃ...’—নি ।

নল উবাচ ।

যথা বাজ্যং তব পিতৃস্তুথা মম ন সংশয়ঃ ।
 ন তু তত্র গমিষ্যামি বিষমস্বঃ কথঞ্চন ॥৩৭॥
 কথং সম্বুদ্ধো গত্বাহং তব হর্ষবিবর্দ্ধনঃ ।
 পরিচ্যুতো গমিষ্যামি তব শোকবিবর্দ্ধনঃ ॥৩৮॥

বৃহদশ্ব উবাচ ।

ইতি ব্রুবন্ নলো রাজা দময়ন্তীং পুনঃ পুনঃ ।
 সান্ত্বয়ামাস কল্যাণীং বাসসোহর্দেন সংবৃতাম্ ॥৩৯॥
 তাবেকবস্ত্রসংবীতাবটমানাবিতস্ততঃ ।
 ক্ষুৎপিপাসাপরিশ্রান্তৌ সভাং কাঞ্চিদুপেয়তুঃ ॥৪০॥

ভারতকৌমুদী

যথেতি । তু কিন্তু তথাপি তত্র ভব পিতৃগৃহে । বিষমস্বো নিতাস্তনিস্বঃ ॥৩৭॥
 কথমিতি । সম্বুদ্ধো গতা স্বয়ংবরকালে । পরিচ্যুত ইদানীং তৎসম্বুদ্ধিভ্রষ্টঃ ॥৩৮॥
 ইতীতি । বাসসো দময়ন্ত্যা এব বস্ত্রম্ । অপরেণার্দেনাস্বনঃ সংবৃতদ্বাং ॥৩৯॥
 তাবিতি । একেন বস্ত্রেণ সংবীর্তৌ আবৃত্তাধরকারৌ । সভাং পথিকবিশ্রামমণ্ডপম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

শুভ্রয়গৃহবাসস্ত নীচতাবহদ্বাং ॥৩৬॥ এতদেব সমর্থব্রহ্মল উবাচ—যথেতি ॥৩৭—৩৯॥

সম্মানকারী ! বিদর্ভবাজ সেখানে আপনাব সম্মানই করিবেন ; অতএব রাজা । তৎকর্তৃক সম্মানিত হইয়া আপনি আমাদের গৃহে সুখেই বাস কবিবেন” ॥৩৬॥

নল বলিলেন—“প্রিয়ে । সে রাজ্য যেমন তোমার পিতার, তেমন আমাবও বটে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ; কিন্তু তথাপি আমি এখন নিতাস্ত নিস্ব বলিয়া কোন প্রকারেই সেখানে যাইতে পারি না ॥৩৭॥

কাবণ, পূর্বে আমি সম্বুদ্ধ অবস্থায় তোমাব আনন্দবর্দ্ধকভাবে যাইয়া, এমন নিস্ব অবস্থায় তোমার শোকবর্দ্ধক হইয়া কি প্রকারে যাইব” ॥৩৮॥

বৃহদশ্ব বলিলেন—“এই সময়ে দময়ন্তীর বস্ত্রখানিরই এক অর্দ্ধ দময়ন্তী এবং অপর অর্দ্ধ নল পবিধান করিয়াছিলেন ; এই অবস্থায় নল রাজা কল্যাণী দময়ন্তীকে বার বার ঐ কথা বলিয়া সান্ত্বনা দিতে লাগিলেন ॥৩৯॥

তাহাব পর, একবস্ত্রপরিধায়ী নল ও দময়ন্তী ইতস্ততঃ বিচরণ করিতে কবিত্তে ক্ষুৎপিপাসায় পবিশ্রান্ত হইয়া কোন পান্থশালায় উপস্থিত হইলেন ॥৪০॥

তাং সভামুপসংপ্রাপ্য তদা স নিষধাধিপঃ ।
 বৈদৰ্ভ্যা সহিতো বাজা নিষসাদ মহীভলে ॥৪১॥
 স বৈ বিবস্ত্রো বিকটো মলিনঃ পাংশুগুণ্ঠিতঃ ।
 দময়ন্ত্যা সহ শ্রান্তঃ স্বেষাপ ধবণীভলে ॥৪২॥
 দময়ন্ত্যপি কল্যাণী নিদ্রয়াপহতা ততঃ ।
 সহসা দুঃখমাসাঢ় স্কুমারী তপস্বিনী ॥৪৩॥
 স্বেপ্তায়াং দময়ন্ত্যান্ত নলো রাজা বিশাংপতে ! ।
 শোকোন্মথিতচিত্তাত্মা ন স্ম শেতে যথা পুরা ॥৪৪॥
 স তদ্রাজ্যাপহবণং স্বেপ্ত্যাগঞ্চ সৰ্ব্বশঃ ।
 বনে বস্ত্রপবিধবংসং প্রেক্ষ্য চিন্তামুপেযিবান্ ॥৪৫॥
 কিং নু মে শ্রাদিদং কৃত্বা কিং নু মে শ্রাদকুৰ্ব্বতঃ ।
 কিং নু মে মরণং শ্রেয়ঃ পরিত্যাগো জনশ্চ বা ॥৪৬॥

ভাবতকৌমুদী

তামিতি । নিষসাদ উপবিশে, মহীভলে তজ্জামনাত্তাবাদিতি ভাবঃ ॥৪১॥
 স ইতি । বিবস্ত্রঃ পূৰ্ব্বজ্বরহিতঃ, বিকটঃ পাংশুগুণ্ঠিতবাদেব বিকটাকৃতিঃ ॥৪২॥
 দময়ন্তীতি । অপিশবস্ত্রার্থে । স্কুমারী কোমলাঙ্গী, তপস্বিনী দীনা ॥৪৩॥
 স্বেপ্তায়ামিতি । স্বেপ্তায়াং নিদ্রিতায়াম্ । ন শেতে স্ম ন নিদ্রিতবান্ ॥৪৪॥
 স ইতি । স নলঃ । বস্ত্রশ্চ পরিধবংসং লোপম্ । উপেযিবান্ প্রাপ্তবান্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

পাঠান্তরে উপোষতুঃ উপেত্য বাসং চক্রতুঃ ॥৪০—৪১॥ বিকটঃ কটক্ৰুগাননং তদ্রহিতঃ, অন্ত-

তখন নলরাজা সেই পান্থশালায় উপস্থিত হইয়া দময়ন্তীব সহিত ভূতলেই উপবেশন করিলেন ॥৪১॥

ক্রমে—বিবস্ত্র, বিকটাকৃতি, মলিনদেহ, ধূলিধূসবগাত্র ও পরিশ্রান্ত নলরাজা দময়ন্তীব সহিত ভূতলেই শয়ন করিলেন ॥৪২॥

তৎপরে কল্যাণী, কোমলাঙ্গী ও দীনা দময়ন্তী হঠাৎ দুঃখভোগ কবায় তখনই নিদ্রিত হইয়া পড়িলেন ॥৪৩॥

মহারাজ! দময়ন্তী নিদ্রিত হইলে, নলরাজাব চিত্ত শোকে উদ্বেলিত হইতে লাগিল ; তাই তিনি পূৰ্বের শ্রায় নিদ্রিত হইলেন না ॥৪৪॥

তিনি সেই বাজ্যাপহরণ, সমস্ত বন্ধুত্যাগ এবং বনে পক্ষিগণকর্তৃক বস্ত্র হরণ—এই সকল আলোচনা কবিয়া চিন্তা কবিতে লাগিলেন—॥৪৫॥

(৪৫)---বনে চ শুং পরিধবংসম্...বা ব কা নি ।

মামিয়ং হনুরক্লেবং দুঃখং প্রাপ্নোতি মৎকৃতে ।
 মদ্বিহীনা ত্বিয়ং গচ্ছেৎ কদাচিৎ স্বজনং প্রতি ॥৪৭॥
 ময়ি নিঃসংশয়ং দুঃখমিয়ং প্রাপ্ন্যত্যনুভ্রতা ।
 উৎসর্গে সংশয়ঃ স্মাত্তু বিন্দেতাপি স্মুখং কচিৎ ॥৪৮॥
 স বিনিশ্চিত্য বহুধা বিচার্য চ পুনঃ পুনঃ ।
 উৎসর্গং মন্যতে শ্রেয়ো দময়ন্ত্যা নরাধিপঃ ॥৪৯॥
 ন চৈষা তেজসা শক্যা কৈশ্চিদ্ধর্ষয়িতুং পথি ।
 যশস্বিনী মহাভাগা মদ্বক্তেয়ং পতিব্রতা ॥৫০॥
 এবং তস্য তদা বুদ্ধির্দময়ন্ত্যাং ন্যবর্তত ।
 কলিনা দুষ্কভাবেন দময়ন্ত্যা বিসর্জনে ॥৫১॥

ভারতকৌমুদী

চিন্তায়াঃ প্রকারমাহ ত্রিভিঃ—কিমিতি । ইদং বনভ্রমণম্ । জনস্ত ভাৰ্য্যায়াঃ ॥৪৬॥
 মামিতি । মাম্ অল্প লক্ষ্যকৃত্য রক্তা । এবমিথম্, মৎকৃতে মনিমিত্তে ॥৪৭॥
 ময়ীতি । ময়ি অহুভ্রতা অহুগমনেনাহুকুনা । উৎসর্গে ত্যাগে, বিন্দেত লভেত ॥৪৮॥
 স ইতি । দময়ন্ত্যা উৎসর্গং ত্যাগমেব তস্তাঃ শ্রেয়ো মঙ্গলং মন্যতে স্ম ॥৪৯॥
 নেতি । তেজসা পাতিব্রাত্যপ্রভাবেণ । ধর্ষয়িতুং বলাভ্রময়িতুম্ ॥৫০॥
 এবমিতি । ন্যবর্তত সাহচর্য্যবিষয়ে নিবৃত্তা ; বিসর্জনে তু নিশ্চয়েনাবর্তত ॥৫১॥

‘এইরূপ বনে বনে ভ্রমণ করিয়া আমার কি হইবে, ইহা না করিলেই বা
 কি হইবে, আমার মরণ কি ভাল, না—দময়ন্তীকে ত্যাগ করা ভাল ? ॥৪৬॥

(আমি পরিত্যাগ না করিলে,) আমার প্রতি অভ্যস্ত অনুরক্তা দময়ন্তী
 আমার জন্য এইরূপ দুঃখই ভোগ করিতে থাকিবেন ; আর, আমি পরিত্যাগ
 করিলে হয়ত ইনি কখনও পিতৃগৃহে যাইতে পারেন ॥৪৭॥

(আমি পরিত্যাগ না কবিলে,) আমার অনুকূলা দময়ন্তী দুঃখভোগই
 কবিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ; আর উহাকে ত্যাগ করিলে, উহার
 দুঃখভোগে সন্দেহ আছে ; হয়ত কখনও উনি সুখভোগ করিতেও পারেন’ ॥৪৮॥

নলরাজা এইরূপ বার বার নানাবিধ আলোচনাপূর্ব্বক স্থির করিয়া ইহাই
 মনে করিলেন যে, দময়ন্তীকে পরিত্যাগ করাই দময়ন্তীর পক্ষে ভাল ॥৪৯॥

কিন্তু ইনি যশস্বিনী, ভাগ্যবতী, আমার ভক্তা ও পতিব্রতা, স্মরণ্য ইহার
 তেজেই ইহাকে পথে কেহই ধর্ষণ করিতে পারিবে না ॥৫০॥

এইভাবে খলপ্রকৃতি কলির প্রভাবে নলরাজার বুদ্ধি দময়ন্তীকে সহচরী
 রাখার পক্ষ হইতে ফিরিয়া গেল এবং তাঁহাকে পরিত্যাগ করিবার পক্ষেই
 প্রবৃত্ত হইল ॥৫১॥

সোহবদ্রতামাত্মনশ্চ তস্মাশ্চাপ্যেকবদ্রতাম্ ।
 চিন্তয়িত্বাধ্যগাদ্রাজা বদ্রার্দ্ধিস্থাবকর্ত্তনম্ ॥৫২॥
 কথং বাসো বিকর্ভেয়ং ন চ বুধ্যত মে প্রিয়া ।
 বিচিন্ত্যেবং নলো রাজা সভাং পর্য্যচরত্তদা ॥৫৩॥
 পরিধাবন্নথ নল ইতশ্চেতশ্চ ভারত ! ।
 আসসাদ সভোদ্দেশে বিকোষং খড়্গমুক্তমম্ ॥৫৪॥
 তেনাৰ্দ্ধং বাসসশিচ্ছ্বা বিবশ্ব চ পরন্তপঃ ।
 স্পৃষ্টামুৎসৃজ্য বৈদৰ্ভীং প্রাদ্ৰবদৃগতচেতনাম্ ॥৫৫॥
 ততো নিবৃত্তহৃদয়ঃ পুনরাগত্য তাং সভাম্ ।
 দময়ন্তীং তদা দৃষ্ট্বা রুরোদ নিষধাধিপঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি । অবদ্রতাং নয়তাম্ । অধ্যগাৎ অবধারিতবান্ । তস্মা এব বদ্রার্দ্ধিস্ত ॥৫২॥
 কথমিতি । বিকর্ভেয়ং হিলাম্ । কৃত্তেৰ্ত্তোবাদিকত্বমার্থম্ । পর্য্যচরদস্ত্রাঘেষণায় ॥৫৩॥
 পরীতি । আসসাদ প্রাপ, সভায় উদ্দেশে একপ্রান্তে, বিকোষমুক্তম্ ॥৫৪॥
 তেনেতি । বাসো দময়ন্তীপরিহিতবদ্রস্ত । বিবশ্ব, তদর্দ্ধং স্বয়ং পবিধায় ॥৫৫॥

ভাবতভাবদীপঃ

এব পাংশুগুপ্তিতঃ ॥৪২—৪৪॥ পরিধবংসং কলিনা বস্ত্রাপহরণাদিক্লেশম্ ॥৪৫॥ জনশ্চ
 পরিশেষান্তার্থায়্যা এব ॥৪৬—৫০॥ দময়ন্ত্যাং বিষয়ে শ্রবণত নিবৃত্তা সতী বিলঙ্কনেভূদিতি
 শেষঃ ॥৫২—৫৪॥ নিবশ্ব পরিধায় ॥৫৫—৬৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫১॥

তাহাব পর, 'নিজের কাপড় নাই, দময়ন্তীবও একখানি মাত্র কাপড় আছে
 এইরূপ চিন্তা করিয়া নল স্থিব কবিলেন যে, দময়ন্তীব কাপড়খানিকবই অর্দ্ধ-
 ছেদন করিতে হইবে ॥৫২॥

'কিন্তু দময়ন্তী বুঝিতে না পারেন এইভাবে কি কবিয়া উঁহাব বস্ত্রখানি ছেদন
 করি' এইরূপ চিন্তা কবিয়া নলরাজা তখন অস্ত্রাঘেষণে সেই পাংশুশালায় বিচরণ
 করিতে লাগিলেন ॥৫৩॥

ভবতনন্দন ! তাহাব পব নল ইতস্ততঃ বিচরণ কবিতে থাকিয়া সেই
 গৃহেব একপ্রান্তে একখানি কোষমুক্ত উত্তম খড়্গ পাইলেন ॥৫৪॥

নল সেই খড়্গদ্বারা দময়ন্তীর বস্ত্রেব অর্দ্ধ ছেদনপূর্ব্বক তাহা পবিধান
 করিয়া নিদ্রিতা চৈতন্যহীনা দময়ন্তীকে পবিত্যাগপূর্ব্বক দ্রুত প্রস্থান
 করিলেন ॥৫৫॥

যাং ন বায়ুর্ন চাদিত্যঃ পুবা পশ্চতি মে প্রিয়াম্ ।
 সেয়মগ্ন সভামধ্যে শেতে ভূমাবনাথবৎ ॥৫৭॥
 ইয়ং বজ্রাবকর্ভেন সংবীতা চারুহাসিনী ।
 উন্মত্তেব ময়া হীনা কথং বুদ্ধা ভবিষ্যতি ॥৫৮॥
 কথয়েকা সতী ভৈমী ময়া বিবহিতা শুভা ।
 চরিস্যতি বনে ঘোবে যুগব্যালনিষেবিতো ॥৫৯॥
 আদিত্যা বসবো রুদ্রা অশ্বিনৌ সমরুদৃগণৌ ।
 বক্ষন্তু ত্বাং মহাভাগে । ধর্মোণাসি সমাবৃত্তা ॥৬০॥
 এবমুক্ত্বা প্রিয়াং ভার্য্যাং কপেণাপ্রতিমাং ভুবি ।
 কলিনাপহতজ্ঞানো নলঃ প্রাতিষ্ঠতান্যতঃ ॥৬১॥

ভাবতকৌমুদী

ভূত ইতি । নিবৃন্তহৃদয়ো দময়ন্তীং প্রত্যাগভচিত্তঃ । সভাং পান্থশালাম্ ॥৫৬॥
 যামিতি । পুবা ন পশ্চতি স্ম, অনবরতমেবাস্তঃপুয়ে স্থিভেরিতি ভাবঃ ॥৫৭॥
 ইয়মিতি । বজ্রস্ত্র অবকর্ভেন চ্ছেদনেন, সংবীতা বজ্রাঙ্কেনাবৃত্তা । কথমিতি খেদে ॥৫৮॥
 কথমিতি । যুগৈর্ব্যাভ্রাদিভিঃ পশ্চতিঃ ব্যাটৈঃ সর্পৈশ্চ নিষেবিতো ॥৫৯॥
 আদিত্যা ইতি । মরুদৃগৈরপর্দৈর্দেবগণৈঃ সহেতি সমরুদৃগণৌ ॥৬০॥

তাহাব পব তখনই নলেব হৃদয় ফিবিল বলিয়া তিনি আবাব সেই ঘবে আসিয়া দময়ন্তীকে দেখিয়া বোদন কবিতো লাগিলেন ॥৫৬॥

‘পূর্বে বায়ু বা সূর্য্যও আমাব যে প্রিয়তমাকে দেখিতে পান নাই, সেই প্রিয়তমা আজ এই পান্থশালায় ভূতলে অনাথার গ্নাষ শয়ন কবিয়া রহিয়াছেন ॥৫৭॥

বজ্রচ্ছেদন করায় অর্দ্ধবজ্রাবৃত্তা এই মধুবহাসিনী চৈতন্য লাভ কবিয়া আমা, ব্যতীত হায় উন্মত্তার গ্নায়ই হইবেন ॥৫৮॥

কল্যাণী দময়ন্তী আমা ব্যতীত একাকিনী হইয়া হিংস্র পশু ও সর্পগণে পবিপূর্ণ এই ভয়ঙ্কর বনে কি প্রকাবে বিচরণ কবিবেন ॥৫৯॥

মহাভাগে ! তুমি ত ধর্মদ্বাবাই আবৃত্ত বহিষাছ ; তথাপি আদিত্য-গণ, বসুগণ, কদ্রুগণ, অশ্বিনীকুমাবদ্বয় এবং গন্ধাশ্রু দেবগণ তোমাকে, বক্ষা ককন’ ॥৬০॥

কলি নলেব বুদ্ধি হরণ করিয়াছিলেন ; তাই নল জগতে অতুলনীয় সুন্দবী প্রিয়তমা ভার্য্যাকে এইরূপ বলিয়া অশ্রুত প্রস্থান কবিলেন ॥৬১॥

(৫৮)...উন্মত্তেব বরায়োহা...বা ব কা নি । (৬১)...নলঃ প্রাতিষ্ঠতান্যতঃ—বা ব কা নি

গত্বা গত্বা নলো রাজা পুনরেতি সভাং মুহুঃ ।

আকৃষ্যমাণঃ কলিনা সৌহৃদেনাবকৃষ্যতে ॥৬২॥

দ্বিধেব হৃদয়ং তস্মা দুঃখিতশ্চাভবত্তদা ।

দোলোব মুহুরায়াতি যাতি চৈব সভাং প্রতি ॥৬৩॥

সৌহবকৃষ্ণস্ত কলিনা মোহিতঃ প্রাদ্রবন্নলঃ ।

সুপ্তামুৎসৃজ্য তাং ভার্য্যাং বিলপ্য করুণং বহু ॥৬৪॥

নষ্ঠাত্মা কলিনা স্পৃষ্টস্তত্রদিগণয়ন্ নৃপঃ ।

জগামৈকাং বনে শূন্থে ভার্য্যামুৎসৃজ্য দুঃখিতঃ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াক্যং বনপৰ্ব্বাণি
নলোপাখ্যানে নলশ্চ দময়ন্তীত্যাগে একপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥১০॥ *

—:~:—

ভারতকৌমুদী

এবমিতি । অন্তঃ অন্তঃ প্রাতিষ্ঠত, কলিনাপহৃতজ্ঞানঘাদেবেত্যাশয়ঃ ॥৬১॥

গত্বেতি । যদা কলেরাকর্ষণং তদা গমনম্, যদা প্রণয়াকর্ষণং তদা চাগমনম্ ॥৬২॥

দ্বিধেতি । কলেরাকর্ষণাদৃষিয়াসু, প্রণয়াকর্ষণাচ্চ তিষ্ঠাসু ইতি দ্বিবিধম্ ॥৬৩॥

ন ইতি । অবকৃষ্টো দময়ন্তীং বিহার্য গমনায়াকৃষ্টঃ । সুপ্তাং নিদ্রিতাম্ ॥৬৪॥

উক্তমেবার্থং কিঞ্চিৎশেষং বক্তুং পুনরাহ—নষ্টেতি । নষ্টাত্মা লুপ্তপূর্বস্বভাবঃ, স্পৃষ্টঃ
অধিষ্ঠিতঃ, তন্ত্ৰং দময়ন্ত্যাঃ স্বজনালয়গমনাদিকম্, বিগণয়ন্ পর্য্যালোচয়ন্ ॥৬৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধাস্তবাগীশভট্টাচার্য্যবির-

চিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপৰ্ব্বাণি

নলোপাখ্যানে একপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥১০॥

—:~:—

নলবাজা বাইয়া বাইয়া আবার সেই পান্থনিবাসে বার বাব আসিতে
লাগিলেন । কাবণ, কলি তাঁহাকে বাহিবের দিকে আকর্ষণ করিতেছিলেন
এবং দময়ন্তীকে প্রণয় ভিতবেব দিকে আকর্ষণ করিতেছিল ॥৬২॥

তখন দুঃখিত নলবাজার হৃদয় দুই প্রকাব হইয়াছিল ; তাই সে হৃদয়
দোলাব শায় বাব বার সেই সভাগৃহে আসিতে লাগিল ও যাইতে লাগিল ॥৬৩॥

তৎপবে নলবাজা কলিকর্তৃক আকৃষ্ট ও মোহিত হইয়া, বহুতব করুণ বিলাপ
কবিয়া, নিদ্রিত ভার্য্যা দময়ন্তীকে পবিত্যাগপূর্বক দ্রুত প্রস্থান কবিলেন ॥৬৪॥

কলিব সংস্পর্শে নলবাজার পূর্বস্বভাব নষ্ট হইয়াছিল ; তাই তিনি দুঃখিতচিত্তে
সেই সেই বিষয় পর্য্যালোচনাপূর্বক শূন্থ বনে একাকিনী দময়ন্তীকে পবিত্যাগ
কবিয়া চলিয়া গিয়াছিলেন ॥৬৫॥

* '...দ্বিধেতিতমঃ...'—বা ব কা, '...বষ্টিতমঃ...'—পি, '...একোনবষ্টিতমঃ...'—নি ।

द्विपक्षशतमोहध्यायः ।

—३*३—

बृहदश्रु उवाच ।

अपक्रांके नले राजन् । दमयन्ती गतरुमा ।
अबुध्यत ववाबोहा सल्लस्ता विजने वने ॥१॥
अपश्रुमाना भर्तावंग शोकदुःखसमन्विता ।
प्राक्रोशदुःखैः सल्लस्ता महावाजेति नैषधम् ॥२॥
हा नाथ ! हा महाराज ! हा स्वामिन् ! किं जहासि माम् ।
हा हतास्मि विनष्टास्मि भीतास्मि विजने वने ॥३॥
ननु नाम महावाज ! धर्मज्ञः सत्यवागसि ।
कथमुक्तुं तथा सत्यं सुश्रुतामृश्रुतं मां गतः ॥४॥
कथमुश्रुतं गन्तासि दक्षां भार्यामनुव्रताम् ।
विशेषतोऽनपकृते पवेणोपकृते सति ॥५॥

भावतर्कौमुदी

अपेति । गतरुमा निद्रया नष्टक्रान्तिः । अबुध्यत जागरितवती ॥१॥
अपश्रुति । अपश्रुमाना अपश्रुती । प्राक्रोशदाहृतवती ॥२॥
हेति । हता दैवेन, विनष्टा तवाददर्शनं गता ॥३॥
नश्चिती । तथा सत्यम् “त्यजेयमहमाद्यानं न चैव त्वाग्निन्दिते ।” इति प्रोक्तनम् ॥४॥
कथमिति । अनपकृते मङ्कतापकाराभावे, परेण पुङ्कवेर्णैव विशेषतः अपकृते सति,
दक्षां स्वसेवानिपुणाम् अनुव्रतामनुकुलाङ्ग भार्यामृश्रुतं कथं गन्तासि ॥५॥

बृहदश्रु बलिलेन—“वाजा! नल चलिषा गेले, सुनितश्रा दमयन्ती सेई निर्ज्जन वनमध्ये क्राञ्चिशृत्र अथच भीत हईया जागवित हईलेन ॥१॥

तिनि स्वामीके ना देखिया शोक, दुःख ओ त्रासयुक्त हईया ‘महाराज’ बलिया उच्चस्ववे नलके डकिते लागिलेन ॥२॥

हा नाथ ! हा महावाज ! हा स्वामिन् ! आपनि केन आमाके त्याग कविलेन ; आमि आपनाव अदर्शने भीत ओ हत हईलाम ॥३॥

महावाज ! आपनि त धर्मज्ञ एवं सत्यवादी ; सुतवां सेईरूप सत्य-कथा बलिया, एखन निद्रित अवस्थाय आमाके पवित्याग करिया केन चलिया गेलेन ॥४॥

आमि आपनाव कोन अपकाव कवि नाई ; अश्रु व्यक्तिई आपनाव विशेष

(२)...प्राक्रोशदुःखैः सहसा—पि । (३)...सुश्रुतामृश्रुतं कानिने—वा व का ।

শক্যসে তা গিরঃ সম্যক্ কৰ্ত্তুং ময়ি নরেশ্বর ! ।
 যাস্তেষাং লোকপালানাং সন্নিধৌ কথিতাঃ পুরা ॥৬॥
 নাকালে বিহিতো মৃত্যুৰ্মৰ্ত্ত্যানাং পুরুষৰ্ষভ ! ।
 যত্র কান্তা হুয়োংসৃষ্টা মুহূৰ্ত্তমপি জীবতি ॥৭॥
 পর্যাপ্তঃ পরিহাসোহয়মেতাবান্ পুরুষৰ্ষভ ! ।
 ভীতাহমতিদুর্দ্ধৰ্ষ ! দৰ্শযাত্মানমীশ্বর ! ॥৮॥
 দৃশ্যসে দৃশ্যসে রাজন্ ! এষ দৃষ্টোহসি নৈষধ ! ।
 আবার্য গুল্লৈবাত্মানং কিং মাং ন প্রতিভাষসে ॥৯॥
 নৃশংসং বত রাজেন্দ্র ! যন্মামেবং গতামিহ ।
 বিলপন্তীং সমাগম্য নাশ্বাসয়সি পার্থিব ! ॥১০॥

ভারতকৌমুদী

শক্যস ইতি । শকধাতুরয়ং দৈবাদিক উভয়পদী । সম্যক্ সমীচীনঃ, মঘচনেনৈবাত্মা-
 গমনাদিতি ভাবঃ । যাঃ—“যন্তং ভজসি কল্যাণি । পুমাংসং দেবসন্নিধৌ । তস্মান্নাং বিদ্ধি
 ভৰ্ত্তারমেবং তে বচনে ব্রতম্ ॥” ইত্যাদিরূপাঃ ॥৬॥

নেতি । হে পুরুষৰ্ষভ ! বিধাতা অকালে মৰ্ত্ত্যানাং মরণধৰ্ম্মণাং প্রাণিনাং মৃত্যুর্ন
 বিহিতঃ । অতএব হুয়া যত্র কান্তা ভার্য্যা উৎসৃষ্টা ত্যক্তা, তত্রাপি সা মুহূৰ্ত্তমপি জীবতি ।
 ঈদৃগধিককালানাং পরম্ অস্মিৎসেবেতি ভাবঃ ॥৭॥

পরিহাসেন পলায়নং সত্বাহ—পর্যাপ্ত ইতি । পর্যাপ্তঃ প্রচুরো জাতঃ ॥৮॥

দৃশ্যস ইতি । আবার্য আচ্ছাত, গুল্লৈব কুল্লৈঃ, আত্মানং দেহম্ ॥৯॥

অপকাব কবিয়াছে ; তা'ব পর, আমি আপনার পবিচৰ্য্যায় নিপুণা, অনুকূলা
 এবং ভার্য্যা ; তথাপি আমাকে ত্যাগ করিয়া কেন যাইতেছেন ॥৫॥

নরনাথ ! আপনি স্বয়ংববসভাষ দিকপালগণের নিকটে যে সকল কথা
 বলিয়াছিলেন, আমাব বিষয়ে সে কথাগুলি এখন সত্য কবিতে পাবেন ॥৬॥

পুরুষশ্ৰেষ্ঠ ! বিধাতা অকালে প্রাণিগণের মৃত্যু বিধান কবেন নাই বলিয়াই
 আপনি যেখানে আপনার ভার্য্যাকে পবিত্যাগ কবিয়াছেন, সেখানেও সে
 মুহূৰ্ত্তকালও জীবিত বহিতেছে ॥৭॥

নবশ্ৰেষ্ঠ ! এতখানি এই পবিহাসই যথেষ্ট হইয়াছে ; হে অতিদুর্দ্ধৰ্ষ !
 আমি ভয়ে আকুল হইয়াছি ; প্রাণেশ্বর ! দৰ্শন দান ককন ॥৮॥

বাজা ! আপনাকে দেখিতেছি দেখিতেছি ! নিষধেশ্বর ! এই আপনাকে
 দেখিয়া ফেলিয়াছি । মহাবাজ ! আপনি বৃক্ষস্তম্বে আপনাকে আবৃত
 রাখিয়া কেন আমাব কথাব প্রত্যুত্তব দিতেছেন না ॥৯॥

ন শোচাম্যহমাত্মানং ন চান্যদপি কিঞ্চন ।
 কথং নু ভবিতাশ্চেক ইতি হ্রাং নৃপ ! শোচয়ে ॥১১॥
 কথং নু রাজংস্তুঃষিতঃ ক্ষুধিতঃ শ্রমকর্ষিতঃ ।
 সায়াহ্নে বৃক্ষমূলেষু মামপশ্যন্ ভবিষ্যসি ॥১২॥
 ততঃ সা তীব্রশোকার্ভা প্রদীপ্তেব চ মন্যুনা ।
 ইতশ্চেতশ্চ রুদতী পর্য্যধাবত দুঃখিতা ॥১৩॥
 মুহুরংপততে বালা মুহুঃ পততি বিহ্বলা ।
 মুহুবালীষতে ভীতা মুহুঃ ক্রোশতি রোদিতি ॥১৪॥
 সা তীব্রশোকসম্ভৃগ্না মুহুর্নিশ্বস্ব দুঃখিতা ।
 উবাচ ভৈমী নিজ্রাস্তা রোদমানা পতিব্রতা ॥১৫॥

ভারতকৌমুদী

নৃশংসমিতি । এতৎ নৃশংসং নিষ্ঠুরকার্যম্ । বত খেদে । এবং দুঃখম্ ॥১০॥

নেতি । কথং কীদৃশঃ, এক একাকী, ইতি বিভাব্য ॥১১॥

কথমিতি । কথং কীদৃশো ভবিষ্যসি, অতীবাকুলো ভবিষ্যসীত্যর্থঃ ॥১২॥

তত ইতি । মন্যুনা বিবাদানলেন, প্রদীপ্তা প্রজ্বলিত্বেব ॥১৩॥

মুহুরিতি । উৎপত্তে উত্তিষ্ঠতি স্ম । আলীয়েতে মগুপস্তস্তান্তরালে লুঙ্কান্নিতাভূৎ ॥১৪॥

হা বাজশ্ৰেষ্ঠ । আমি এখানে এইকপ দুঃখভোগ কবিতে থাকিয়া বিলাপ কবিতেছি, তথাপি আপনি আসিয়া যে আমাকে আশ্বস্ত কবিতেছেন না, ইহা আপনার পক্ষে নৃশংসেব কার্য হইতেছে ॥১০॥

বাজা ! আমি নিজেব জগ্ন শোক কবিতেছি না, অগ্ন কিছুর জগ্নও শোক কবিতেছি না ; কিন্তু আপনি একাকী কিরূপ হইবা পড়িবেন ইহা ভাবিয়া আপনার জগ্নই শোক কবিতেছি ॥১১॥

বাজা ! আপনি তৃষিত, ক্ষুধিত ও পবিশ্রাস্ত হইয়া অগ্ন সন্ধ্যাকালেই বৃক্ষমূলে আমাকে না দেখিয়া কিরূপ হইয়া পড়িবেন !' ॥১২॥

তাহাব পব, দুঃখিতা ও তীব্র শোকার্ভা দময়ন্তী বিবাদানলে যেন দগ্ন হইতে থাকিয়া বোদন কবিতে কবিতে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৩॥

এবং আকুলা দময়ন্তী বাব বাব উঠিতে লাগিলেন, বার বার পড়িতে থাকিলেন, আবাব ভীত হইবা বাব বাব মগুপস্তস্তের অন্তবালে লুঙ্কায়িত হইতে লাগিলেন এবং বাব বাব নলকে ডাকিতে লাগিলেন ও বোদন কবিতে থাকিলেন ॥১৪॥

(১১)....নৃপ ! শোচিমি—বা ব কা,....নৃপ । রোদিমি—পি । (১৫) অতীবশোকসম্ভৃগ্না—
 বা ব কা ।

তাং শুশ্রমাণামত্যর্থং কুববৌমিব বাশতীম্ ।
 করুণং বহু শোচন্তীং বিলপন্তীং মুহুমূর্ছঃ ॥২০॥
 সহসাভ্যাগতাং ভৈমীমভ্যাসপরিবর্তিনীম্ ।
 জগ্রাহাজগরো গ্রাহো মহাকায়ঃ ক্ষুধান্নিতঃ ॥২১॥ (যুগ্মকম্)
 সা গ্রশ্রমানা গ্রাহেণ শোকেন চ পরিপ্লুতা ।
 নাত্মানং শোচতি তথা যথা শোচতি নৈষধম্ ॥২২॥
 হা নাথ ! মামিহ বনে গ্রশ্রমানামনাথবৎ ।
 গ্রাহেণানেন বিজনে কিমর্থং নানুধাবসি ॥২৩॥
 কথং ভবিষ্যসি পুনর্মামনুস্মৃত্য নৈষধ ! ।
 কথং ভবান্ জগামাণ্য মামুৎসৃজ্য বনে প্রভো ! ॥২৪॥
 পাপান্মুক্তঃ পুনলঙ্ক্ণা বুদ্ধিধেতো ধনানি চ ।
 শ্রান্তস্ত তে ক্ষুধার্ত্তস্ত পরিপ্লানস্ত নৈষধ ! ।
 কঃ শ্রমং রাজশাদ্দূল । নাশয়িষ্যতি তেহনঘ ! ॥২৫॥

ভাবতকৌমুদী

তামিতি । শুশ্রমাণাং শোকেন । কুবরীং তদাখ্যাং পক্ষিণীমিব, বাশতীম্ উর্দ্ধৈঃ
 শকায়মানাম্ । অভ্যাসপরিবর্তিনীং নিকটবর্তিনীম্ । গ্রাহো জলজন্তুরিব ॥২০—২১॥
 সেতি । গ্রাহেণ জলজন্তুতুল্যাকৃতিনা অজগরেণ । পরিপ্লুতা সমাকুলা ॥২২॥
 হেতি । অনাথবৎ অনাথামিব । নানুধাবসি রক্ষিতুং ক্রতং নাগচ্ছসি ॥২৩॥
 কথমিতি । কথং কীদৃশো ভবিষ্যসি, নিতান্তবিহ্বল এব ভবিষ্যদীত্যর্থঃ ॥২৪॥
 পাপাদিতি । পাপান্মোহাৎ । ইতঃ পরম্ । বটপাদোহয়ং শ্লোকঃ ॥২৫॥

শোকে শুকুপ্রায়া, কুবরী-(বাজকুরুল) পক্ষিণীমিব ত্রায় উচ্চস্ববে শকায়মানা,
 করুণস্বরে বহুতব শোককাবিনী এবং অনববত বিলাপপবায়ণা দময়ন্তী নিকটবর্তিনী
 হইলে, তৎক্ষণাৎ জলজন্তুর ত্রায় বিশাল দেহ ও ক্ষুধার্ত্ত এক অজগর তাঁহাকে
 ধরিল ॥২০—২১॥

অজগব গ্রাস করিতে লাগিলে, শোকাকুলা দময়ন্তী নলের জন্তু যেরূপ শোক
 করিতে লাগিলেন, নিজেব জন্তু সেরূপ শোক কবিলেন না ॥২২॥

‘হা নাথ ! এই অজগব এই নির্জ্বল বনमध्ये অনাথার ত্রায় আমাকে গ্রাস
 করিতেছে ; আপনি কেন সত্বব আসিতেছেন না ॥২৩॥

নিষধবাজ ! আপনি আমাকে স্মরণ কবিয়া কি প্রকার হইয়া পড়িবেন ; প্রভু !
 আপনি কেন আজ আমাকে বনে পরিত্যাগ কবিয়া চলিয়া গেলেন ॥২৪॥

ততঃ কশ্চিন্মৃগব্যাধো বিচরন্ গহনে বনে ।
 আক্রন্দমানাং সংশ্রুত্য জবেনাভিসসাব হ ॥২৬॥
 তাং স দৃষ্ট্বা তথা শ্রুস্তামুরগেণায়তেক্ষণাম্ ।
 ত্বরমাণো মৃগব্যাধঃ সমভিক্রম্য বেগতঃ ॥২৭॥
 মুখতঃ পাটয়ামাস শস্ত্রেণ নিশিতেন চ ।
 নির্বিচেষ্টং ভুজঙ্গং তং বিশস্ত মৃগজীবনঃ ॥২৮॥
 মোক্ষয়িত্বা স তাং ব্যাধঃ প্রক্ষাল্য সলিলেন হ ।
 সমাশ্বাস্ত কৃতাহারামথ পপ্রচ্ছ ভাবত ! ॥২৯॥ (বিশেষকম)
 কস্ত্ব ত্বং মৃগশাবাক্ষি । কথঞ্চাভ্যাগতা বনম্ ।
 কথঞ্চৈদং মহৎ কৃচ্ছং প্রাপ্তবত্যসি ভাবিনি ! ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি । মৃগং বিদ্যভীতি মৃগব্যাধঃ কিরাতঃ । গহনে নিবিড়ে । জবেন বেগেন ॥২৬॥
 ভামিতি । উরগেণ অঙ্গগরেণ । সমভিক্রম্য ক্রতমাক্রম্য । বেগতো বেগেন, মুখতো
 মুখকপার্থম্ । নির্বিচেষ্টং বৃহদ্বাদচলম্ । অস্তএব ব্যাধোপরি লাকুলেনাঘাতেহপাল্য-
 মসমর্থ ইতি ভাবঃ । বিশস্ত বিনাস্ত, মৃগজীবনো মৃগৈর্জীবিকানির্কাহী । কৃত আহারো
 ব্যাধদন্তফলাদিভক্ষণং যন্না তাম্, সমাশ্বাস্ত পপ্রচ্ছ ॥২৭—২৯॥

কশ্চেতি । কস্ত্ব সধ্বিনী । ইদম্ অঙ্গগরমুখপ্রবেশজনিতম্, কৃচ্ছং কষ্টম্ ॥৩০॥

হে নিষ্পাপ রাজশ্রেষ্ঠ নিবধরাজ ! আপনি ইহার পরে মোহমুক্ত হইয়া নিজের
 প্রকৃত জ্ঞান ও ধন লাভ করিয়া যখন পরিশ্রান্ত, ক্ষুধার্ত ও অত্যন্ত ঘান হইবেন,
 তখন কে আপনার ক্লান্তি দূর করিবে' ॥২৫॥

তাহার পর, কোন ব্যাধ নিবিড় বনে বিচরণ কবিতেছিল, সে—দময়ন্তীর
 আর্তনাদ শুনিয়া সত্বর আগমন কবিল ॥২৬॥

তৎপরে বৃহৎ অঙ্গগর আয়তনয়না দময়ন্তীকে গ্রাস করিতেছে দেখিয়া সেই
 ব্যাধ সত্বর আক্রমণ করিয়া, নিশিত অস্ত্রদ্বারা বেগে সেই অঙ্গগবের মুখের একপার্শ্ব
 ফাড়িয়া ফেলিল । এইভাবে সেই ব্যাধ সেই অচল সর্পকে সংহার করিয়া
 দময়ন্তীকে মুক্ত করিল এবং জলদ্বাৰা তাহার অঙ্গ প্রক্ষালন কবিয়া তাঁহাকে কিছু
 খাইতে দিল, দময়ন্তী তাহা আহার করিলে, ব্যাধ তাঁহাকে আশ্বস্ত করিয়া জিজ্ঞাসা
 করিল—॥২৭—২৯॥

“হরিণশাবকনয়নে । তুমি কাহার লোক ? কি জন্তুই বা বনে আসিয়াছ ?
 এবং কি কারণেই বা এই গুরুতর কষ্ট ভোগ করিলে ?” ॥৩০॥

দময়ন্তী তথা তেন পৃচ্ছ্যমানা বিশাংপতে !।

সর্বমেতদ্বথাবৃত্তমাচচক্ষেহস্ম ভাবত । ৩১।

তামর্দ্ধবস্ত্রসংবীতাং পীনশ্রোণিপয়োধরাম্ ।

সুকুমারানবদ্যাসীং পূর্ণচন্দ্রনিভাননাম্ ॥৩২॥

অবালপক্ষ্মনয়নাং তথা যধুবভাষিণীম্ ।

লক্ষ্ময়িত্ত্বা যুগব্যাধঃ কামস্ম বশযীষিবান্ ॥৩৩॥ (যুগ্মকম্)

তামথ শ্লক্ষ্ময়া বাচা লুক্কো যুহুপূর্ব্বযা ।

সান্ত্বয়ামাস কামার্ত্তস্তদবুধ্যত ভাবিনী ॥৩৪॥

দময়ন্ত্যপি তং দুষ্কম্পলভ্য পতিব্রতা ।

তীব্ররোষসমাবিষ্টা প্রজ্জ্বালেব মন্যুনা ॥৩৫॥

ভারতকৌমুদী

দময়ন্তীতি । তেন ব্যাধেন । আচচক্ষে উবাচ, অস্ম ব্যাধস্ম সমীপে ॥৩১॥

তামিতি । অর্দ্ধবস্ত্রং সংবীতাম্ আবৃত্তাধরকারাম্, পীনো স্থূলো শ্রোণী নিতর্ঘো পয়োধরৌ স্তনৌ চ যস্তাস্তাম্ । অরালানি সরলানি পক্ষ্মাণি লোমানি যস্মোস্তে তাদৃশে নয়নে যস্তাস্তাম্ । লক্ষ্ময়িত্ত্বা অবলোক্য । ঐষিবান্ প্রাপ্তবান্ ॥৩২—৩৩॥

তামিতি । শ্লক্ষ্ময়া কোমলয়া, লুক্কো ব্যাধঃ, যুহুপূর্ব্বয়া কোমলভাবপূর্ব্বয়া ॥৩৪॥

দময়ন্তীতি । দুষ্কং দুষ্টাভিপ্রায়ম্, উপলভ্য জ্ঞাত্বা । মন্যুনা ক্রোধেন ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

বাশতীং ক্রোশন্তীম্ ॥২০॥ গ্রাহঃ সর্পঃ, অঙ্গগরঃ তদ্বৎ স্থূলঃ ॥২১—২৩॥ বুদ্ধিলাভাদূর্দ্ধং মাং বিনা কথং জীবিস্যসি ॥২৪—২৬॥ বিশস্ম বিদার্য্য ॥২৮—৩২॥ অরালানি কুটিলানি শোভমানানি বা পক্ষ্মাণি নবনপ্রাস্তকেশা যস্মোস্তাদৃশে নয়নে যস্তা ইতি তথা ॥৩৩—৩৪॥ মন্যুনা

ভবতনন্দন রাজ্ঞা ! ব্যাধ সেইরূপ জিজ্ঞাসা করিলে, দময়ন্তী যথাবৎ বৃত্তান্ত সমস্তই তাহার নিকট বলিলেন ॥৩১॥

তখন দময়ন্তীব নাভি হইতে নিম্নভাগ বস্ত্রখণ্ডে আবৃত ছিল, নিতম্ব দুইটা ও স্তন দুইটা স্থূল, সমস্ত অঙ্গ কোমল ও অনিন্দনীয়, মুখখানি পূর্ণচন্দ্রের তুল্য, নয়নের লোমগুলি সবল এবং ভাষা সুমধুর; এই সমস্ত দেখিয়া ব্যাধ কামেব বশবর্তী হইল ॥৩২—৩৩॥

তাহার পব, কামার্ত্ত ব্যাধ কোমল বাক্যে ও কোমল ভাবে দময়ন্তীব অনুনয় কবিত্তে লাগিল; দময়ন্তী তাহা বুঝিতে পাবিলেন ॥৩৪॥

তখন পতিব্রতা দময়ন্তী ব্যাধের দুরভিসন্ধি বুঝিতে পাবিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন, ক্রমে ক্রোধে যেন অগ্নিয়া উঠিলেন ॥৩৫॥

স তু পাপমতিঃ ক্রুদ্ধঃ প্রধৰ্ষয়িতুমাতুরঃ ।

— দুৰ্দ্ধৰ্ষাং তৰ্কয়ামাস দীপ্তামগ্নিশিখামিব ॥৩৬॥

দময়ন্তী তু দুঃখার্ভা পতিবাজ্যবিনাকৃতা ।

অতীতবাক্পথে কালে শশাপৈনং রুধাঘ্নিতা ॥৩৭॥

যথায়ং নৈষধাদন্যং মনসাপি ন চিন্তয়ে ।

তথায়ং পততাং ক্ষুদ্রেঃ পবাস্থমু'গজীবনঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

স ইতি । আতুরঃ কামার্তঃ পাপমতিশ্চ স তু ব্যাধঃ, ক্রুদ্ধঃ সন, প্রধৰ্ষয়িতুং বলাভ্রমবিতু-
মিচ্ছন্নপি, দীপ্তাং প্রজ্জলিতামগ্নিশিখামিব, দময়ন্তীং দুৰ্দ্ধৰ্ষাং তৰ্কয়ামাস ॥৩৬॥

দময়ন্তীতি । পত্যা নলেন রাজ্যেন চ বিনাকৃতা বিরহিতা । এতেন ক্রোধশ্রুতি-
প্রবলত্বং সূচিত্তম্ । অতএব দুঃখার্ভা দময়ন্তী তু রুধাঘ্নিতা সতী, অতীতো বাক্পথো
বাগ্-বিষয়ো যেন তস্মিন্ পতিরাজ্যাদিবিনাকৃতত্বাদময়ন্তীপক্ষে বর্ণয়িতুমযোগ্যে ইত্যর্থঃ,
কালে সময়ে, এনং ব্যাধং শশাপ । অত্র “অতীতবাক্পথে বাচাপ্যনিবার্ধ্যে সতি, কালে
ধূত্ৰবর্ণে ব্যাধে” ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্, বাচা নিবারণশ্রুতত্বাৎ এনমিত্যস্ত পুন-
রুক্তবাপস্তেচ ।

অথ জীবনদাতুব্যাধস্ত জীবননাশায়ৈব শাপেন দময়ন্ত্যাঃ কৃতঘ্নতাপাপমিতি চেৎ সত্যম্,
তৎপাপাপেক্ষয়া সতীধর্মো গরীয়ানিতি মহাসতী দময়ন্তী তৎপাপমঙ্গীকৃত্যেব শাপেনাস্মনঃ
সতীধর্মং রক্ষ । দৃশ্যতেহপি লোকে বেদে চ লঘুপাপাদীকারেণ গরীয়সো ধর্মস্ত রক্ষণ-
মর্জ্জনঞ্চ । যথা ধর্মস্ত এব জনো মিথ্যাভাবণেন কশ্চিচ্ছীবনং রক্ষতি । স্মৃতিশাস্ত্রোক্ত-
যুক্তিম্ভা—“নানুভবচনে দোষো জীবনক্ষেত্ৰদধীনম্ ।” “অগ্নীবোমীষং পশুমালাভেত” ইতি
শ্রুত্যা অগ্নীবোমযাগধর্মার্জ্জনার্থং পশুমালাভনম্ । মিথ্যাভাবণেন পাপং স্মৃতিশাস্ত্রাদৌ হিংসামাত্রেণ
চ পাপং সাংখ্যাশাস্ত্রে দ্রষ্টব্যম্ ॥৩৭॥

কিং শশাপেত্যাহ—যথেতি । নৈষধান্নাৎ । পততাং ভূমো পততু, পবাস্থর্নিশ্রাণঃ ॥৩৮॥

কিন্তু কামাতুব এবং পাপবুদ্ধি ব্যাধও ক্রুদ্ধ হইয়া বলপূর্বক বমণ কবিবার
ইচ্ছা করিয়াও প্রজ্জলিত অগ্নিশিখার তুল্যই দময়ন্তীকে দুৰ্দ্ধৰ্ষা বলিয়া মনে
কবিল ॥৩৬॥

রাজ্য ত পূর্বেই গিয়াছে, পতিও চলিয়া গিয়াছেন ; তাই অত্যন্ত দুঃখার্ভা
দময়ন্তী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই অবর্ণনীয় সময়ে ব্যাধকে অভিসম্পাত
কবিলেন—॥৩৭॥

‘যখন আমি নলভিন্ন অন্য পুরুষকে মনেও চিন্তা কবি না, তখন এই ক্ষুদ্র
ব্যাধ প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হউক’ ॥৩৮॥

(৩৭)...পতিরাজ্যনিরাকৃতা...রুধা কিল—পি । (৩৮) যদ্বহং নৈষধাৎ...বা ব কা নি ।

উক্তমাत्रে তু বচনে তথা স মৃগজীবনঃ ।

ব্যস্মঃ পপাত মেদিন্যাময়িদন্ধ ইব দ্রুমঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি

নলোপাখ্যানে দময়ন্তীব্যাধশাপে দ্বিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥১॥ *

—:~:—

ত্রিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ।

—:~:—

বৃহদশ্ব উবাচ ।

সা নিহত্য মৃগব্যাধং প্রতশ্চে কমলেক্ষণা ।

বনং প্রতিভয়ং শূন্যং ঝিল্লিকাগণনাদিতম্ ॥১॥

সিংহ-ব্রীষি-রুর-ব্যাঘ্র-মহিষক্ক' মৃগৈর্যুতম্ ।

নানাপক্ষিগণাকীর্ণং শ্লেচ্ছতক্ষবসেবিতম্ ॥২॥

ভাবতকৌমুদী

উক্তেতি । তথা তাদৃশে, মৃগজীবনো ব্যাধঃ । ব্যস্মবিগতপ্রাণঃ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভরতচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিন্দাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির-
চিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ বনপর্বণি

নলোপাখ্যানে দ্বিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥১॥

—:~:—

সেতি । মৃগব্যাধং কিরাতম্ । প্রতিভয়ং ভয়ঙ্করম্ । ঝিল্লিকা তীব্রববঃ কীটবিশেষঃ ।

ভারতভাবদীপঃ

ক্রোধেন ॥৩৫—৩৬॥ পতিরাজ্যবিনাকৃত্য পত্যা রাজ্যেন চ রহিতা, অতীতবাক্পথে
বাচাপ্যনিবার্যে সতি, কালে ধূমবর্ণে ব্যাধে ॥৩৭॥ পরাস্বর্গতপ্রাণঃ ॥৩৮॥ ব্যস্মবিগতপ্রাণঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫২॥

দময়ন্তী সেইরূপ কথা বলিবামাত্র সেই ব্যাধ—অয়িদন্ধ বৃকের ছায় প্রাণ-
শূন্য হইয়া ভুলে পতিত হইল” ॥৩ঃ॥

—:~:—

বৃহদশ্ব বলিলেন—“পদ্মনয়না দময়ন্তী ব্যাধকে বধ করিয়া (নলেব অন্বেষণে)
ভয়ঙ্কর শূন্য বনে প্রবেশ করিলেন । সে বনে ঝিঝি ডাকিতেছিল এবং সে
বন—সিংহ, ব্যাঘ্রবিশেষ (কেঁছুয়া বাঘ), সাধাবণ ব্যাঘ্র, করহরিণ, অগ্ন্যাগ্ন
হরিণ, মহিষ, ভল্লুক ও নানাবিধ পক্ষিগণে পরিপূর্ণ ছিল, আর তাহাতে

(৩৯)...তয়া স মৃগজীবনঃ...পি । * ‘...ত্রিপঞ্চাশত্তমঃ...’—বা ব কা, ‘...এক যষ্টিতমঃ...’
—পি, ‘...যষ্টিতমঃ...’—নি ।

শাল-বেণু-ধবাধ্বখ-তিন্দুকেশুদ-কিংশুকৈঃ ।
 অৰ্জ্জুনাবিষ্টসংছন্নং স্তন্দনৈশ্চ সশালম্বলৈঃ ॥৩॥
 জম্বুত্র-লোভ্র-খদিব-শাক-বেত্র-সমাকুলম্ ।
 পদ্মকামলক-প্লক্ষ-কদম্বোডুম্বরারুতম্ ॥৪॥
 বদরী-বিষ্ব-সংছন্নং স্ত্রোগ্রোধৈশ্চ সমাকুলম্ ।
 প্রিয়াল-তাল-খৰ্জ্জু ব-হরীতক-বিভীতকৈঃ ॥৫॥ (কুলকম্)
 নানাধাতুশতৈর্নদ্বান্ বিবিধানপি চাচলান্ ।
 নিকুঞ্জান্ পক্ষিসংঘুষ্ঠান্ দবীশ্চাত্তদর্শনাঃ ॥৬॥
 নদীঃ সরাংসি বাপীশ্চ বিবিধাংশ্চ যুগদ্বিজান্ ।
 সা বহুন্ ভীমরূপাংশ্চ পিশাচোরগরাক্ষসান্ ॥৭॥
 পল্ললানি তড়াগানি গিরিকূটানি সৰ্ব্বশঃ ।
 সরিতো নিৰ্বাৰাংশ্চৈব দদর্শাত্তদর্শনান্ ॥৮॥ (বিশেষকম্)
 যুথশো দদৃশে তত্র বিদৰ্ভাধিপনন্দিনী ।
 মহিষাংশ্চ বরাহাংশ্চ ঋক্ষাংশ্চ বনপন্নগান্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বীপী ব্যাঘ্রবিশেষঃ, কক্কর্করিণবিশেষঃ, ঋক্ষো ভল্লুকঃ । বেণুর্বেণঃ । অস্মিষ্টো নিষঃ ।
 স্তন্দনৈস্তিন্দনৈশ্চ সংছন্নমিতি শেবঃ । প্লক্ষঃ পর্কটী । স্ত্রোগ্রোধৈর্ঘটৈঃ ॥১—৫॥

নানেভি । নদ্বান্ বদ্বান্ আবৃতানিত্যর্থঃ । অচলান্ পর্বতান্ । দরীশুর্হাঃ । যুগ-
 দ্বিজান্ পশুপক্ষিণঃ । পল্ললানি অল্পজলাশয়ান্ । গিরীণাং কূটানি শৃঙ্গানি ॥৬—৮॥

শ্লেচ্ছ ও তক্ষরগণ বিচরণ কবিত এবং সে বন—শাল, বাঁশ, ধব, অশ্বখ, তিন্দুক,
 ইক্ষুদ, কিংশুক, অৰ্জ্জুন, নিম্ব, তিনিশ, শাল্মলী, জম্বু, আত্র, লোভ্র, খদির,
 শাক, বেত্র, পদ্মক, আমলকী, পর্কটী, কদম্ব, উডুম্বর, বদরী, বিষ্ব, বট, পিয়াল,
 তাল, খৰ্জ্জু, হরীতকী ও বিভীতকীবৃক্ষে পবিপূর্ণ ছিল ॥১—৫॥

ক্রমে দময়ন্তী দেখিলেন—সেই বনে নানাবিধ পর্বত বহিয়াছে, সেগুলি
 হইতে বহুবিধ ধাতু নির্গত হইতেছে; বহুতর কুঞ্জ আছে, তাহাব ভিতরে
 পক্ষিগণ রব কবিতোছে এবং অনেক গুহা আছে, সেগুলিব আকৃতি অদ্ভুত;
 আব দেখিলেন—বহুতর নদী, সর্বোবব, দীঘি, নানাবিধ পশু ও পক্ষী, ভয়ঙ্কবা-
 কৃতি বহুতর পিশাচ, সর্প ও বাক্ষস; অনেক ক্ষুদ্র জলাশয়, বৃহৎ জলাশয়,
 সর্বপ্রকার পর্বতশৃঙ্গ, ক্ষুদ্র নদী এবং অদ্ভুতাকৃতি নিৰ্বাৰ বহিয়াছে ॥৬—৮॥

(৪)...শাল-বেত্র—বা ব কা পি । (৫)...পিয়ালতাল—কা পি । (৬)...স্ববহুন্ ভীম-
 রূপাংশ্চ—পি । (৭)...মহিষান্ বরাহান্ গোমায়ুর্ক্ষবানরণগান্—পি নি ।

তেজসা যশসা লক্ষ্ম্যা স্থিত্যা চ পরয়া যুতা ।
 বৈদৰ্ভী বিচরত্যেকা নলমশ্বেষতী তদা ॥১০॥
 নাবিভ্যৎ সা নৃপসুতা ভৈমী তত্রাথ কশ্চিৎ ।
 দারুণামটবীং প্রাপ্য ভৰ্তৃব্যসনপীড়িতা ॥১১॥
 বিদৰ্ভতনয়া বাজন্ । বিলাপাৎ স্তুঃখিতা ।
 ভৰ্তৃশোকপরীতাসী শিলাতলমথাক্রিতা ॥১২॥

দময়ন্ত্যবাচ ।

সিংহোরক্ষ । মহাবাহো । নিষধানাং জনাধিপ ! ।
 ক্ব নু রাজন্ ! গতৌহস্মাৎ ত্যক্ত্বা মাং নির্জনে বনে ॥১৩॥
 অশ্বমেধাদিভিবীর ! ক্রতুভিভূরিদক্ষিণেঃ ।
 কথমিচ্ছা নবব্যাত্ন । ময়ি মিথ্যা প্রবর্তসে ॥১৪॥

ভারতকৌমুদী

যুশ ইতি । যুশো বহুশ্রেণীবদ্ধভাবান্, দদৃশে দদর্শ । ঋক্ষান্ ভল্লুকান্ ॥১০॥
 তেজসেতি । স্থিত্যা সতীমৰ্যাদয়া, পরয়া উত্তময়া । অশ্বেষতী অশ্বিন্ধুস্তী ॥১১॥
 নেতি । নাবিভ্যৎ ন ভীতা । অটবীং বনম্ । ভৰ্তৃব্যসনেন বিরহবিপদা পীড়িতা ॥১১॥
 বিদৰ্ভেতি । ভৰ্তৃশোকেন পরীতানি ব্যাণ্থানি ব্যাণ্ডতয়া আকুলানি অঙ্গানি
 যশ্ভাঃ সা ॥১২॥

সিংহেতি । সিংহশ্বেব উরো বক্ষো যশ্চ তৎসম্বোধনম্ । নিষধানাং তদেদশ্চ ॥১৩॥

দময়ন্তী সেই বনমধ্যে বহু শ্রেণীবদ্ধভাবে মহিষ, শূকর, ভল্লুক ও বন্য সর্প
 দেখিলেন ॥১০॥

অসাধারণ তেজ, যশ, কাস্তি ও মৰ্যাদাসম্পন্ন দময়ন্তী তখন একাকিনীই
 নলেব অশ্বেষণে বিচরণ করিতে লাগিলেন ॥১১॥

ভৰ্তৃবিরহপীড়িতা দময়ন্তী সেই ভয়ঙ্কর বনমধ্যেও কোন জন্তু হইতেই ভীত
 হইলেন না ॥১১॥

রাজা ! তাহার পব, ভৰ্তৃশোকে আকুলা ও অতিঃখিতা দময়ন্তী একখানি
 শিলার উপরে বসিয়া বিলাপ করিতে লাগিলেন ॥১২॥

দময়ন্তী বলিলেন—“সিংহবক্ষা মহাবাহু নিষধরাজ ! আপনি আজ আমাকে
 নির্জন বনে পবিত্যাগ করিয়া কোথায় গেলেন ॥১৩॥

বীর নরশ্রেষ্ঠ ! আপনি প্রচুব-দক্ষিণায়ুক্ত অশ্বমেধপ্রভৃতি যজ্ঞ করিয়া
 আমাব উপবে কেন মিথ্যা ব্যবহাব করিতেছেন ॥১৪॥

(১৩)...ব্যুদ্যোয়ক্ষ ।—বা ব কা, গতৌহস্মাৎ বিস্ময় বিজনে বনে—বা ব কা নি ।

যত্ত্বযোক্তং নবশ্ৰেষ্ঠ । মৎসমক্ষং মহাদ্ব্যতে ।।
 কর্তুর্মহিসি কল্যাণ ! তদৃতং পার্থিবর্ষভ ।।১৫।।
 যচ্চোক্তং বিহগৈর্হংসৈঃ সমীপে তব ভূমিপ ! ।
 মৎসমক্ষং যদুক্তঞ্চ তদবেক্ষিতুর্মহিসি ॥১৬।।
 চত্বাব একতো বেদাঃ সাক্ষোপাঙ্গাঃ সবিস্তরাঃ ।
 স্বধীতা মনুজব্যাত্ন । সত্যমেকং কিলৈকতঃ ॥১৭।।
 তস্মাদহিসি শত্রুন্ন । সত্যং কর্তুং নবেশ্বব ! ।
 উক্তবানসি যদ্বীব । মৎসকাশে পুরা বচঃ ॥১৮।।
 হা বীব । ননু নামাহমিফা কিল তবানঘ ।।
 অন্ত্যামটব্যং ধোবায়্যং কিং মাং ন প্রতিভাষসে ॥১৯।।

ভাবতকৌমুদী

অথেতি । ইষ্টা দেবান্ পূজয়িত্বা । মিথ্যা প্রবর্তসে, পূর্বোক্তিব্যত্যয়করণাৎ ॥১৪।।
 যদিতি । “ত্যাঞ্জয়মপি চাত্মানং ন চৈব স্বামিন্দিতে ।” ইতি যদুক্তম্ । স্বতং সত্যম্ ॥১৫।।
 যদিতি । “ত্বঞ্চাপি যত্ত্বং নারীণাং নয়েষু চ নলো বরঃ” ইত্যাদিরূপং পূর্বং যচ্চোক্তম্ ।
 তথা চ রত্নং বরত্বঞ্চ সত্যব্যাত্নাত্মাত্মাহতত এবোতি ভাবঃ ॥১৬।।
 চত্বাব ইতি । অষ্টৈর্ব্যাকরণাদিভিঃ উপাঙ্গৈর্মীমাংসাদিভিঃ সহেতি সাক্ষোপাঙ্গাঃ,
 বিস্তরৈঃ পুবাণাদিভিঃ সহেতি সবিস্তরাঃ । স্বধীতাঃ সম্যক্ শিক্ষিতাঃ ॥১৭।।
 তস্মাদিতি । যৎ—“ত্যাঞ্জয়মপি চাত্মানম্” ইত্যাদিরূপম্ ॥১৮।।
 হেতি । ইষ্টা প্রিয়া । নাম সত্তাবনায়াম্ । অটব্যাম্ অরণ্যে ॥১৯।।

নবশ্ৰেষ্ঠ । মহাতেজা । মঙ্গলভাজন । বাজশ্ৰেষ্ঠ । আপনি আমার সমক্ষে
 যাহা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৫।।

এবং রাজা ! হংসপক্ষীবা আপনার নিকটে যাহা বলিয়াছিল এবং আমার
 সমক্ষে যাহা কহিয়াছিল, সেই সকল বিষয়ে লক্ষ্য করুন ॥১৬।।

নবশ্ৰেষ্ঠ । অঙ্গ, উপাঙ্গ ও পুরাণপ্রভৃতিব সহিত সম্যক্ অধীত চাবিটী
 বেদ একদিক্ এবং সত্য একদিক্ ॥১৭।।

অতএব হে শত্রুহস্তা বীর নবনাথ ! আপনি পূর্বের আমার নিকটে যে
 সকল কথা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৮।।

হা নিষ্পাপ বীব ! আমি ধারণা করি যে, আমি আপনার প্রিয় ; কিন্তু
 তবে, এই ভয়ঙ্কর বনে আমার কথার উত্তর দিতেছেন না কেন ? ॥১৯।।

(১৫)...শ্রুর্মহিসি কল্যাণ । বচনম্—বা ব কা । (১৬) - মৎসকাশে চ তৈরুক্তম্—
 পি । (১৭) একতশ্চতুরো বেদাঃ—পি ।

ধৰ্ময়তোষ মাং বৌদ্ধো ব্যাত্তাশ্চো দারুণাকৃতিঃ ।
 অরণ্যবাট্ স্ফুধাবিষ্কঃ কিং মাং ন ত্রোতুমর্হসি ॥২০॥
 ন মে হৃদন্যা কাচিদ্ধি প্রিয়াস্তুীত্যববীঃ সদা ।
 তামৃতং কুরু কল্যাণ ! পুরোক্তাং ভাবতীং নৃপ ! ॥২১॥
 উন্নতাং বিলপন্তীং মাং ভার্য্যামিষ্ঠাং নবাধিপ ! ।
 ঈপ্সিতামীপ্সিতোহসি হুং কিং মাং ন প্রতিভাষসে ॥২২॥
 কৃশাং দীনাং বিবর্ণাঞ্চ মলিনাং বসুধাধিপ ! ।
 বস্ত্রাঙ্কপ্রাবৃতামেকাং বিলপন্তীমনাথবৎ ॥২৩॥
 যুথভ্রষ্টামিবেকাং মাং হরিণীং পৃথুলোচন ! ।
 ন মানয়সি মানাই ! রুদতীমরিকর্ষণ ! ॥২৪॥ (যুগ্মকম)
 মহারাজ ! মহারণ্যে অহমেকাকিনী সতী ।
 দমরন্ত্যভিভাষে স্থাং কিং মাং ন প্রতিভাষসে ॥২৫॥

ভারতকৌমুদী

ধৰ্ময়তীতি । ধৰ্ময়তি বলাদগ্রহীশ্চতি, ব্যাত্তাশ্চো বিবৃতবদনঃ, অরণ্যবাট্ সিংহঃ ॥২০॥
 নেতি । স্বতাং সত্যাম্ । পুরা পূৰ্ব্বম্ । ভাবতীং বাচম্ ॥২১॥
 উন্নতামিতি । ইষ্টাং ভ্রষ্টমভিলষিতাম্, ঈপ্সিতাং প্রিয়াম্, ঈপ্সিতঃ প্রিয়ঃ ॥২২॥
 কৃশামিতি । দীনাং কাতরাম্ । মলিনাং ধূল্যাদিমনদিষ্টাক্ষীম্ । একামেকাকিনীম্ ।
 যুথভ্রষ্টাং শ্রেণীচ্যুতাম্ । হে পৃথুলোচন । বিশালনেত্র । মানয়সি আশ্রিয়সে ॥২৩—২৪॥

ভয়ঙ্কর স্বভাব, দারুণাকৃতি ও বিবৃতবদন স্ফুধাৰ্ভ সিংহ আমাকে নিশ্চয়ই
 আক্রমণ করিবে, আপনি কি রক্ষা করিবেন না ॥২০॥

মঙ্গলভাজন ! আপনি সর্বদা বলিতেন যে, তুমি ভিন্ন অশ্রু কোন রমণীই
 আমাব প্রিয় নহে । রাজা ! আপনার এই পূর্বোক্ত কথা সত্য কখন ॥২১॥

নরনাথ ! আপনি আমার প্রিয় ভর্তা, আমিও আপনার প্রিয়া ভার্য্যা, এই
 অবস্থায় আমি উন্নত হইয়া বিলাপ কবিতেছি, আপনি উত্তর দেন না কেন ? ॥২২॥

হে বিশালনয়ন সম্মানযোগ্য শক্রহস্তা বাজা ! আমি এখন যুথভ্রষ্টা এককিনী
 হরিণীব স্থায় কৃশা, কাতবা, বিবর্ণা, ধূলিধূসরা ও অর্দ্ধবস্ত্রে আবৃত হইয়া
 অনাথার স্থায় একা বিলাপ ও রোদন করিতেছি ; আপনি আসিয়া কেন আদর
 করিতেছেন না ? ॥২৩—২৪॥

(২০) কর্ময়তোষ মাম্—বা ব কা, ভৎসয়তোষ মাম্—নি । (২৪)•• মামার্য্য ! রুদতীম্
 —বা ব কা নি,•••ন মানয়সি কল্যাণ ! রুদতীম্—পি । (২৫)•••মামিহেকাকিনীং সতীম্ ।
 স্বপন্নীমভিভাষন্তীম্—পি,•••আভাষমাণাং স্থাং পন্নীম্—নি ।

কুলশীলোপসম্পন্নং চারুসৰ্ব্বাঙ্গশোভনম্ ।
 নাগ্ন ত্বামনুপশ্যামি গিবাবস্মিন্ নবোত্তম ! ॥২৬॥
 বনে চাস্মিন্ মহাধোরে সিংহব্যাত্ত্রনিষেবিতে ।
 শয়ানমুপবিষ্টং বা স্থিতং বা নিষধাধিপ । ॥২৭॥
 প্রস্থিতং বা নরশ্ৰেষ্ঠ । মম শোকবিবৰ্দ্ধন । ।
 কং নু পৃচ্ছামি দুঃখার্থা ত্বদৰ্থে শোককৰ্ষিতা ॥২৮॥ (যুগ্মকম্)
 কচ্চিদৃষ্টিস্বয়াবণ্যে সঙ্গত্যেহ নলো নৃপঃ ।
 কো নু মে বাথ প্রয্যবো বনেহস্মিন্ প্রস্থিতং নলম্ ॥২৯॥
 অভিরূপং মহাত্মানং পববৃহবিনাশনম্ ।
 যমহ্বেষসি বাজানং নলং পদ্বনিভেক্ষণম্ ॥৩০॥

ভারতকৌমুদী

মহেতি । দমযন্তী ভবতঃ পরমপ্রিয়া ভার্য্যেত্য্যোশয়ঃ ॥২৫॥
 কুলেতি । চারুভিঃ সৰ্ব্বৈরঙ্গৈঃ শোভনং সমুদায়েন স্তন্দরম্ । গিরৌ পৰ্ব্বতে ॥২৬॥
 বন ইতি । স্থিতং দণ্ডায়মানম্ । প্রস্থিতং গচ্ছন্তম্ । কং জনম্ ॥২৭—২৮॥
 কচ্চিদিতি । সঙ্গত্যা সম্মেলনেন । পূৰ্ব্বাঙ্কবাক্যেন কো জনঃ প্রষ্টব্য ইত্যর্থঃ ॥২৯॥
 অভীতি । অভিরূপং পরমস্তন্দরম্ । পববৃহস্ত শক্রসৈন্যস্ত বিনাশনম্ । অহ্বেষসি

ভারতভাবদীপঃ

সেতি । প্রতিভয়ং ভীষণং বিল্লিকাভীক্ৰমকঃ পতঙ্গবিশেষঃ ॥১—১৯॥ অরণ্যরাট্
 শাৰ্দূলঃ, মাং মম চিত্তং কৰ্ষয়তি ব্যথয়তি ॥২০—২১॥ পববৃহাঃ শক্রসৈন্যানি । পর-

মহারাজ ! আমি দমযন্তী এই মহাবনে একাকিনী হইয়া আপনার উদ্দেশে
 কত বলিতেছি, আপনি কেন আমাকে কিছুই বলিতেছেন না ? ॥২৫॥

নরশ্ৰেষ্ঠ ! আপনি কুল ও শীলসম্পন্ন এবং সৰ্ব্বাঙ্গসুন্দর ; হায় ! সেই
 অবস্থায় আপনাকে আজ এই পৰ্ব্বতে দেখিতে পাইতেছি না ॥২৬॥

নিষধরাজ ! নবশ্ৰেষ্ঠ ! আমাব শোকবৰ্দ্ধক । সিংহ ও ব্যাঘ্রে পবিপূৰ্ণ
 এই মহাভয়ঙ্কর বনে আমি দুঃখার্থী ও শোকাকুলা অবস্থায় শয়িত, উপবিষ্ট,
 দণ্ডায়মান বা গমনকারী কোন ব্যক্তিকে আপনার বিষয় জিজ্ঞাসা কবিব ॥২৭—২৮॥

‘আপনি কি সম্মিলিত হইয়া এই বনে নলরাজকে দেখিয়াছেন ?’ এই-
 ভাবে আমি এই বনমধ্যে প্রস্থিত নলবাজাব বিষয় কাহার নিকট জিজ্ঞাসা
 করিব ॥২৯॥

‘সুন্দবি ! মনোহর মূৰ্ত্তি, মহাত্মা, শক্রসৈন্যহস্তা এবং পদ্বনয়ন যে নল-

অয়ং স ইতি কস্তাং শ্রোয়ামি মধুবাং গিরম্ ।
 অরণ্যবাড়য়ং শ্রীমাংশচতুর্দংশ্চৈ মহাহনুঃ ॥৩১॥
 শার্দূলোহভিমুখোহভ্যেতি প্রক্ষ্যাম্যেনমশঙ্কিতা ।
 ভবান্ মৃগাণামধিপস্বমস্মিন্ কাননে প্রভুঃ ॥৩২॥
 বিদর্ভবাজ্রতনয়াং দময়ন্তীতি বিদ্ধি মাম্ ।
 নিষধাধিপতের্ভার্য্যাং নলশ্চামিত্রেযাতিনঃ ॥৩৩॥
 পতিম্নেষতীমেকাং কৃপণাং শোককর্ষিতাম্ ।
 আশ্বাসয় মৃগেন্দ্রেহ । যদি দৃষ্টস্তুরা নলঃ ॥৩৪॥ (কুলকম্)
 অথবা ত্বং বনপতে । নলং যদি ন শংসসি ।
 মাং খাদয় মৃগশ্চেষ্ট । দুঃখাদস্মাদ্বিমোচয় ॥৩৫॥
 শ্রুত্বাবণ্যে বিলাপিতং ন মামাশ্বাসয়ত্যয়ম্ ।
 যাতে্যতাং স্বাদুসলিলামাপগাং সাগরঙ্গমাম্ ॥৩৬॥

ভাবতকৌমুদী

অস্মিন্। ইতি ইখম্। অরণ্যরাট বনাধিপতিঃ, শ্রীমান্ কান্তিশালী, চতশ্চো দষ্টাঃ
 সশুখবর্তিনো বৃহস্তো দস্তা যশ্চ সঃ। প্রক্ষ্যামি প্রঞ্জং করিষ্যামি। মৃগাণাং পশ্নাম্। কৃপণাং
 দীনাম্। আশ্বাসয় নলবৃত্তান্তকথনেন ॥৩০—৩৪॥

অথবেতি। ন শংসসি ন ব্রবীষি। খাদয়েতি স্বার্থে ইন্। মৃগশ্চেষ্ট। পশুশ্চেষ্ট। ॥৩৫॥

রাজাকে তুমি অন্বেষণ করিতেছ, এই তিনি।' এইকপ মধুব বাক্য আজ আমি
 কাহার নিকট শুনিব। (সে যাহা হউক,) হৃষ্টপুষ্ঠ শবীর, বিশালদন্তচতুর্দশযুক্ত
 ও বিশাল হনুশালী এই বনাধিপতি ব্যাঘ্র এই দিকেই আসিতেছে; আমি
 নিঃশঙ্কচিত্তে উহাকেই জিজ্ঞাসা করি—“পশুশ্চেষ্ট। আপনি পশুদের অধিপতি
 এবং এই বনের বাজা; আপনি অবগত হউন যে, আমি বিদর্ভবাজের দুহিতা
 এবং শত্রুহস্তা নিষধাধিপতি নলরাজাব ভার্য্যা, আমাব নাম—‘দময়ন্তী’; আমি
 শোকার্ভা ও কাতরা হইয়া একাকিনী পতিব অন্বেষণ করিতেছি; অতএব
 পশুবাজ। আপনি যদি নলবাজাকে দেখিয়া থাকেন, তবে তাঁহার বৃত্তান্ত
 বলিয়া আমাকে আশ্বস্ত করুন” ॥৩০—৩৪॥

অথবা, বনাধিপতি পশুশ্চেষ্ট। আপনি যদি নলবাজার বিষয় না বলেন,
 তবে আমাকে ভক্ষণ করুন এবং এই দুঃখ হইতে মুক্ত করুন ॥৩৫॥

হায়! এই ব্যাঘ্র আমার বিলাপ শুনিয়াও আমাকে আশ্বস্ত কবিল না;
 কিন্তু স্বাদুজলা সাগরগামিনী এই নদীব দিকে যাইতেছে ॥৩৬॥

(৩২)...ব্রহ্মায়োনমশঙ্কিতা—বা ব কা,...পৃচ্ছায়োনমশঙ্কিতা—নি।

ইমং শিলোচ্চয়ং পুণ্যং শৃঙ্গৈর্বহুভির্গচ্ছিতৈঃ ।
 বিবাজিতং দিবস্পৃগ্ভিনৈকবর্ণৈর্মনোরমৈঃ ॥৩৭॥
 নানাধাতুসমাকৌর্ণং বিবিধোপনভূষিতম্ ।
 অশ্রাবণস্য মহতঃ কেতুভূতমিবোথিতম্ ॥৩৮॥
 সিংহশাৰ্দূলমাতঙ্গ-বরাহক্ষ্মুগায়ুতম্ ।
 পতঞ্জিভিবহুবিধৈঃ সমস্তাদনুনাদিতম্ ॥৩৯॥
 কিংশুকশোকবকুল-পুন্নাগৈরুপশোভিতম্ ।
 কর্ণিকাবধবপ্লক্ষৈঃ স্থপুষ্পৈরুপশোভিতম্ ॥৪০॥
 সরিদ্ভিঃ সবহুজ্জাভিঃ শিখবৈশ্চ সমাকুলম্ ।
 গিরিরাজমিমং তাবৎ পৃচ্ছামি নৃপতিং প্রতি ॥৪১॥ (কুলকম্)
 ভগবন্মচলশ্ৰেষ্ঠ ! দিব্যদর্শন ! বিশ্রুত ! !
 শরণ্য ! বহুকল্যাণ ! নমস্তেহস্ত মহীধব ! ॥৪২॥

ভারতকৌমুদী

শ্ৰেণেতি । অহং শাৰ্দূলঃ । আপগাং নদীম্, সাগরসমাং নচন্তবামিলিতাম্ ॥৩৬॥

ইমমিতি । শিলোচ্চয়ং পৰ্ব্বতম্ । উচ্ছ্রিতৈরনৈকৈঃ । দিবস্পৃগ্ভির্গগনস্পর্শিভিঃ । বিবিধৈধ্বন্যপলৈঃ
 পাবাণৈভূষিতম্ । কেতুভূতং ধ্বন্যরূপম্ । ঋক্ষো ভল্লুকঃ, আযুতং সমধিতম্ । পতঞ্জিভিঃ
 পক্ষিভিঃ । কর্ণিকারৈঃ স্থলপদ্মবৃক্ষৈঃ, প্লক্ষৈঃ পকটীবৃক্ষৈঃ । শিখরৈর্জলপর্ধ্যস্তাবনর্তৈর্বৃক্ষাট্টৈঃ ।
 নৃপতিং প্রতি নলবাজার বিষয়ে ॥৩৭—৪১॥

এই একটা পবিত্র পৰ্ব্বত উন্নত, আকাশস্পর্শী, নানাবর্ণ ও মনোহর বহুতর
 শৃঙ্গে শোভা পাইতেছে ; এই পৰ্ব্বতটী গৈবিকপ্রভৃতি বহু ধাতুতে ব্যাপ্ত, নানা-
 বিধ প্রস্তবে ভূষিত এবং এই মহারণ্যের ধ্বজেব স্তায় উথিত বহিয়াছে ;
 ইহাতে সিংহ, ব্যাঘ্র, হস্তী, ববাহ, ভল্লুক ও হবিগণ বিচরণ কবিতোছে ; নানা-
 বিধ পক্ষী সকল দিকে বব কবিয়া বেড়াইতেছে ; মনোহর পুষ্পশালী কিংশুক,
 অশোক, বকুল, পুন্নাগ, স্থলপদ্ম, ধব ও পকটীবৃক্ষ সকল শোভা জন্মাইতেছে ;
 অনেক নদী প্রবাহিত হইতেছে, তাহাতে আবার পক্ষিগণ বিচরণ কবিতোছে
 এবং বহুতর বৃক্ষেব অগ্রদেশ আসিয়া জলস্পর্শ কবিয়াছে । এই পৰ্ব্বতবাজেব
 নিকট নলবাজার বিষয় জিজ্ঞাসা কবি ॥৩৭—৪১॥

ভগবন্ ! দিব্যদর্শন ! বিশ্ববিখ্যাত ! শরণাগতবন্ধক ! বহুমঙ্গলময় !
 পৃথিবীধর ! পৰ্ব্বতশ্ৰেষ্ঠ ! আপনাকে নমস্কাব ॥৪২॥

(৩৭)...বিবাজন্তিবিবানেকৈঃ—বা ব কা, ...বিবাজন্তির্দিবস্পৃগ্ভিঃ—পি ।

(৪১)...শিখরৈশ্চোপশোভিতম্—পি ।

প্রণমে স্নানগম্যাং বাজপুত্রীং নিবোধ মাম্ ।
 রাজ্ঞঃ স্নুশাং বাজভার্য্যাং দময়ন্তীতি বিশ্রুতাম্ ॥৪৩॥
 বাজা বিদর্ভাধিপতিঃ পিতা মম মহারথঃ ।
 ভীমো নাম ক্ষিতিপতিশ্চাতুর্বর্ণ্যস্য বক্ষিতা ॥৪৪॥
 রাজসূয়াশ্বমেধানাং ক্রেতুনাং দক্ষিণাবতাম্ ।
 আহর্তা পার্শ্বিবেশ্রেষ্ঠঃ পৃথুচার্বক্ষিতেক্ষণঃ ॥৪৫॥
 ব্রহ্মণ্যঃ সাধুব্রহ্মচ সত্যবাগনসূযকঃ ।
 শীলবান্ বীর্য্যসম্পন্নঃ পৃথুশ্রীর্ধর্ম্মবিচছুচিঃ ॥৪৬॥
 সম্যগ্গোপ্তা বিদর্ভাণাং নির্জিজ্ঞাতাবিগণঃ প্রভুঃ ।
 তস্য মাং বিদ্ধি তনয়াং ভগবৎস্বামুপস্থিতাম্ ॥৪৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ভগবন্তিতি । হে ভগবন্ । মাহাআশালিন্ । দিব্যদর্শন । অলৌকিকাকৃতে । ॥৪২॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধাস্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বনপর্কণি নলোপাখ্যানেন ষট্‌পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥

—:~:—

অথেতি । দীর্ঘস্ব কালস্ব অতিক্রমে সতীতি শেষঃ । পর্ণমন্তীতি পর্ণাদঃ ॥১॥

নৈষধমিতি । যুগযাণেন যুগযমাণেন । ভাগস্বরশ্রাপত্যং ভাগস্ববিঃ ঋতুপর্ণঃ ॥২॥

শ্রাবিত ইতি । মহাজনে পাত্রমিত্রাদিবিশালজনমণ্ডলমধ্যে । যথোক্তং ত্বয়া ॥৩॥

তদिति । পাবিষদঃ সভ্যঃ । অসকুৎ বারং বাবম্ ॥৪॥

নবনাথ । দময়ন্তী যেমন ভাবে বলিয়া দিয়াছিলেন, তেমন ভাবেই সেই সকল
বাক্য সেই সেই স্থানে ব্রাহ্মণেবা শুনাইয়াছিলেন ॥৮৯॥

—:~:—

বৃহদশ্ব বলিলেন—“তাহাব পব দীর্ঘকাল অতীত হইলে, ‘পর্ণাদ’-নামে এক
ব্রাহ্মণ বাজধানীতে ফিবিয়া আসিয়া দময়ন্তীকে এই কথা কবিলেন— ॥১॥

“দময়ন্তি ! আমি নিষধবাজ নলেব অবেষণ কবিতে থাকিষা, অযোধ্যানগলে
যাইয়া ঋতুপর্ণবাজাব নিকটে উপস্থিত হইলাম ॥২॥

এবং বববর্ণিনি ! আপনি যেমন ভাবে বলিয়া দিয়াছিলেন, তেমন ভাবেই আমি
বিশাল সভামধ্যে সেই ঋতুপর্ণবাজাকে আপনাব সেই কথাগুলি শুনাইলাম ॥৩॥

তাহা শুনিয়া ঋতুপর্ণবাজা কিছুই বলিলেন না, কিংবা আমি বাব বাব বলিলেও
কোন সভ্যই কোন কথা কহিলেন না ॥৪॥

(২)...ভাঙ্গাহবিমুপস্থিতঃ—বা ব কা, • ভার্গস্ববিকপস্থিতঃ—পি ।

অনুজ্ঞাতস্ত মাং বাজ্ঞা বিজনে কশ্চিদব্রবীৎ ।
 ঋতুপর্ণস্য পুরুষো বাহুকো নাম নামতঃ ॥৫॥
 সূতস্তস্য নবেদ্রস্য বিরূপো হ্রস্ববাহুকঃ ।
 শীঘ্রযানেষু কুশলো মিষটকর্তা চ ভোজনে ॥৬॥ (যুগ্মকম্)
 স বিনিশ্চস্য বহুশো কৰ্দ্দিত্বা চ পুনঃ পুনঃ ।
 কুশলৈশ্চৈব মাং পৃষ্ঠ্ব। পশ্চাদিদমভাষত ॥৭॥
 বৈষম্যমপি সম্প্রাপ্তা গোপায়ন্তি কুলস্ত্রিয়ঃ ।
 আত্মানমাত্মনা সত্যো জিতস্বর্গা ন সংশয়ঃ ॥৮॥
 বহিতা ভর্তৃভিশ্চৈব ন কুপ্যন্তি কদাচন ।
 প্রাণাংশ্চাবিত্রকবচান্ ধাবয়ন্তি কুলস্ত্রিয়ঃ ॥৯॥

ভারতকৌমুদী

অস্থিতি । রাজ্ঞা বক্তুবিদ্বিতং দৃষ্ট্বা বিজনে গন্তমল্পজ্ঞাতং তত্র গতঞ্চ মামিত্যর্থঃ । তস্য
 ঋতুপর্ণস্য, স্মৃতঃ সাবথিঃ । ভোজনে খাণ্ডদ্রব্যে, মিষ্টকর্তা স্বাদুতাকরণদক্ষঃ ॥৫—৬॥

স ইতি । কুশলং বক্তৃজনস্য মঙ্গলং কিমিতি ভঙ্গ্যা পৃষ্ঠ্বা ॥৭॥

আদাবাঅরক্ষামুপদিশতি—বৈষম্যমিতি । সতীধর্ম্মবলে নৈব জিতঃ স্বর্গো যাভিস্তাঃ সত্যঃ
 কুলস্ত্রিয়ঃ, বৈষম্যং বিষমাবস্থাম্, সম্প্রাপ্তা অপি, আত্মনৈবাত্মানম্, গোপায়ন্তি বক্ষন্তি, অত্র সংশয়ো
 নাস্তি । অতস্তমপ্যাআনং রক্ষন্তি ভাবঃ ॥৮॥

বহিতা ইতি । ন কুপ্যন্তি ভর্তৃষু । চারিত্রং সচ্চবিত্রমেব কবচং যেথাং তান্ ॥৯॥

তৎপবে বাজ্ঞা আমাকে নির্জনে যাইবাব অনুমতি কবিলে আমি নির্জনস্থানে
 গেলাম, তখন 'বাহুক'-নামে ঋতুপর্ণবাজ্ঞাবই কোন লোক আমাকে বলিতে
 লাগিল—সে লোকটী নাকি সেই বাজ্ঞাবই সাবথি এবং দ্রুত বথ চালাইতে নিপুণ ও
 সুস্বাদু খাণ্ডদ্রব্য নির্মাণ কবিতে দক্ষ, আব তাহাব আকৃতি বিকৃত এবং বাহুযুগল
 খর্ব্ব ॥৫—৬॥

সেই লোকটী বহুতব নিশ্চাস ত্যাগ কবিয়া, বাব বাব বোদন কবিয়া এবং
 আমাব নিকট মঙ্গল জিজ্ঞাসা কবিয়া পবে এই কথা বলিল—৭॥

স্বর্গবিজয়িনী সতী কুলস্ত্রীবা সঙ্কটাবস্থাব পড়িয়াও আপন ক্ষমতাবলেই আপনা-
 দিগকে বক্ষা কবিয়া থাকেন ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৮॥

ভর্তৃবা পবিত্যাগ কবিলেও, কুলস্ত্রীবা কখনও তাঁহাদেব উপবে ক্রুদ্ধ হন না
 এবং প্রাণ ধাবণ কবিয়া থাকেন, সেই সময়ে তাঁহাদেব সচ্চবিত্রই সেই প্রাণেব
 কবচস্বরূপ থাকে ॥৯॥

বিষমস্থেন মূঢ়েন পবিভ্রষ্টস্থথেন চ ।
 যৎ সা তেন পবিত্যক্তা তত্র ন ক্রোদ্ধুমহীতি ॥১০॥
 প্রাণযাত্রাং পরিপ্রোম্পোঃ শকুনৈর্হৃতবাসসঃ ।
 আধিভির্দহমানস্য শ্যামা ন ক্রোদ্ধুমহীতি ॥১১॥
 সংকৃতাহসংকৃত্য বাপি পতিং দৃষ্ট্বা তথাগতম্ ।
 ভ্রষ্টবাজ্যং শ্রিয়া হীনং ক্ষুধিতং ব্যসনাপ্লুতম্ ॥১২॥ (যুথাকম্)
 তস্য তদ্বচনং শ্রুত্বা ত্ববিতোহহমিহাগতঃ ।
 শ্রুত্বা প্রমাণং ভবতী বাজ্ঞশ্চৈব নিবেদয় ॥১৩॥
 এতচ্ছ্রুত্বাহশ্রুপূর্ণাক্ষী পর্ণাদস্য বিশাংপতে ! ।
 দময়ন্তী বহোহভ্যেত্য মাতবং প্রত্যভাষত ॥১৪॥
 অযমর্থো ন সংবেদ্যো ভীমে মাতঃ । কদাচন ।
 ত্বৎসন্নিধৌ নিযোক্যেহহং স্তদেবং দ্বিজসন্তমম্ ॥১৫॥

ভাবতকৌমুদী

বিষমোতি । বিষমস্থেন সঙ্কটাবস্থাপন্নেন । তেন পত্যা, তত্র পত্যো ॥১০॥

প্রাণেতি । পত্যা সংকৃত্য আদৃতা, অসংকৃত্য অনাদৃতা বাপি, শ্যামা প্রাণুল্ললক্ষণা দময়ন্তী, পতিম্, তথাগতং তাদৃশম্, ভ্রষ্টবাজ্যং শ্রিয়া হীনম্, ক্ষুধিতং ব্যসনাপ্লুতং বিপদাক্রান্তঞ্চ দৃষ্ট্বা, প্রাণ-যাত্রাং পবিপ্রোম্পোঃ পক্ষিমাংসৈঃ প্রাণবক্ষাং কর্তুমিচ্ছোঃ, শকুনৈর্হৃতবেব পক্ষিভিঃ হৃতবাসসঃ, অতএব আধিভির্মনঃপীড়াভির্দহমানস্য তস্য পত্যুৎপত্তি ক্রোদ্ধুং নারহীতি ॥১১—১২॥

তস্মেতি । ভবতী ত্বম্, ইদং মতুল্লিজাতং শ্রুত্বা, প্রমাণং কর্তব্যনিশ্চায়িকা ॥১৩॥

এতদিতি । পর্ণাদস্য তদাখ্যস্য ব্রাহ্মণস্য । বহো নির্জনস্থানে ॥১৪॥

অতএব সঙ্কটাপন্ন, মোহিত এবং সুখশূন্য ভর্তা যে তাঁহাকে পবিত্যাগ কবিয়াছিল, সেই জন তাহাব উপবে তিনি ক্রুদ্ধ হইতে পাবেন না ॥১০॥

কুলজ্ঞী পতিকর্তৃক আদৃতাই হউন বা অনাদৃতাই হউন, সে পতিকে সেইকপ ভ্রষ্টবাজ্য, সমৃদ্ধিবিহীন, ক্ষুধার্ত এবং বিপদাক্রান্ত দেখিয়া তাহাব উপবে ক্রুদ্ধ হইতে পাবেন না । বিশেষতঃ, সে পতি তখন প্রাণবক্ষাব চেষ্টা করিতেছিল, সেই অবস্থাতেই পক্ষীর তাহার বস্ত্র হরণ কবিয়া নিয়াছিল ; তাহাতে সে পতি মনোদুঃখে দগ্ন হইতেছিল” ॥১১—১২॥

বাজপুত্রি ! বাহকেব সেই কথা শুনিয়া সত্বব আমি এখানে আসিযাছি । এখন এই সকল কথা শুনিয়া যাহা হয় আপনি ককন এবং বাজাব নিকট নিবেদন ককন” ॥১৩॥

নবনাথ । দময়ন্তী পর্ণাদেব নিকট এই বৃত্তান্ত শুনিয়া অশ্রুপূর্ণমননা হইয়া নির্জনে যাইয়া মাতাকে বলিলেন—॥১৪॥

যথা ন নৃপতিভীমঃ প্রতিপত্তেত মে মতম্ ।
 তথা ত্বয়া প্রকর্তব্যং মম চেৎ প্রিয়মিচ্ছসি ॥১৬॥
 যথৈবাহং সমানীতা হৃদেবেনাশু বান্ধবান্ ।
 তেনৈব মঙ্গলেনাশু হৃদেবো যাতু মা চিরম্ ॥১৭॥
 সমানেতুং নলং মাতবযোধ্যাং নগরীমিতঃ ।
 ঋতুপর্ণশ্চ নগবে নিবসন্তমবিন্দমম্ ॥১৮॥ (যুগ্মকম্)
 বিশ্রান্তস্ত ততঃ পশ্চাৎ পর্ণাদং দ্বিজসত্তমম্ ।
 অর্চয়ামাস বৈদর্ভী ধনেনাতীব ভাবিনী ॥১৯॥
 উবাচ চৈনং মহতা সম্পূজ্য দ্রবিণেন বৈ ।
 নলে চেহাগতে বিপ্র । ভূয়ো দাস্ত্যামি তে বহু ॥২০॥

ভাবতবৌমুদা

অমিতি । অযং হৃদেবনিয়োগকপঃ, অর্থো বিষয়ঃ, ভীমে বাজনি ॥১৫॥
 যথেনি । প্রতিপত্তেত বুদ্ধোত । জানন্ ভীমো লোকনিন্দাভাবান্নিবারষেদিত্যাশয়ঃ ॥১৬॥
 যথেনি । সমানীতা প্রাপিতা, বান্ধবান্ পিত্রাদীন্ । মঙ্গলেন মঙ্গলকবেণ কোশলেন । মা
 চিবং বিলম্বং ন কবোতু । অরিন্দমং নলং সমানেতুং যাস্বিত্তি সম্বন্ধঃ ॥১৭—১৮॥
 বিশ্রান্তমিতি । অতীবার্চয়ামাস তোষয়ামাস । ভাবিনী প্রশস্তস্বভাবা ॥১৯॥
 উবাচেতি । এনং পর্ণাদম্, মহতা প্রচুবেণ, দ্রবিণেন ধনেন । বহু ধনম্ ॥২০॥

“মা ! আপনি এ বিষয়টা কখনও বাজাকে জানাইবেন না । আমি আপনার
 নিকটেই ব্রাহ্মণশ্রেষ্ঠ হৃদেবকে নিযুক্ত করিব ॥১৫॥

আপনি যদি আমার প্রিয়কার্য্য করিতে ইচ্ছা করেন, তবে যাহাতে বাজা আমার
 অভিপ্রায় না জানেন, আপনি তাহা করিবেন ॥১৬॥

মা ! হৃদেব যেমন সম্ববই আমাকে বন্ধুবর্গের নিকট আনয়ন করিয়াছেন,
 তিনি সেইরূপ মঙ্গলময় কোশলেই ঋতুপর্ণবাজাব নগবনিবাসী শত্রুহন্তা নলকে
 আনয়ন করিবাব জন্য সম্ববই এ স্থান হইতে অযোধ্যানগরে গমন করুন, বিলম্ব যেন
 করেন না” ॥১৭—১৮॥

তৎপবে ব্রাহ্মণশ্রেষ্ঠ পর্ণাদ বিশ্রাম করিলে, সম্বভাবা দময়ন্তী ধনদ্বাবা তাঁহাকে
 অত্যন্ত সন্তুষ্ট করিলেন ॥১৯॥

প্রচুব ধনদ্বাবা তাঁহাকে সন্তুষ্ট করিবা বলিলেন—“ব্রাহ্মণ ! নল এখানে আসিলে
 আমি আবার আপনাকে ধনদান করিব ॥২০॥

ত্বয়া হি মে বহু কৃতং যদন্তো ন কবিষ্যতি ।
 যদ্বত্রোহং সমেষ্যামি শীঘ্রমেব দ্বিজোত্তম । ॥২১॥
 স এবমুক্তোহথাশ্বাস্ত্র আশীৰ্ব্বাদৈঃ স্তমঙ্গলৈঃ ।
 গৃহানুপবসৌ চাপি কৃতার্থঃ স্তমহামনাঃ ॥২২॥
 ততঃ স্তদেবমানাস্য দময়ন্তী যুধিষ্ঠিব ! ।
 অত্রবৌৎ সন্নিধৌ মাতুর্হুঃখশোকসমম্বিতা ॥২৩॥
 গত্বা স্তদেব ! নগরীমযোধ্যাবাসিনং নৃপম্ ।
 ঋতুপৰ্ণং বচো ক্রহি সম্পত্নিব কামগঃ ॥২৪॥
 আস্থাস্ত্রতি পুনর্ভৈমী দময়ন্তী স্বয়ংববম্ ।
 তত্র গচ্ছন্তি বাজানো রাজপুত্রাশ্চ সৰ্ব্বশঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

স্মৃষতি । বহু উপকৃতম্ উপকাব ইতি যাবৎ । সমেষ্যামি সন্নিহিতা ভবিষ্যামি ॥২১॥
 স ইতি । স পর্ণাদঃ । আশ্বাস্ত্র দময়ন্তীম্ । কৃতার্থঃ প্রচুবধনলাভাৎ ॥২২॥
 তত ইতি । মাতুঃ সন্নিধাবিতি তস্তা ইতবসন্দেশসন্দেহনিবাসার্থম্ ॥২৩॥
 গচ্ছতি । নগরীমযোধ্যামেব । কামগ ইব সম্পতন্ সবেগং গচ্ছন্ । নলং প্রত্যভিধানে
 যচ্ছবিশ্বাসাৎ স নাগচ্ছেদিত্যাশঙ্ক্য রাজানং প্রত্যেবোক্ত্যুপদেশঃ, বাজাদেশং নলো ন লজ্জযেদिति ।
 অহো ! মহাচাতুৰ্য্যমাবিক্তং দময়ন্ত্যা ॥২৪॥
 আস্থেতি । আস্থাস্ত্রতি বিধাস্ত্রতি । দময়ন্তী অগ্ন্যপি স্তাদিত্যুক্তং ভৈমীতি । ভীমশ্রাপর-
 কণ্যাপি স্তাদিত্যাহ—দময়ন্তীতি । তন্মাজাহরানে তস্ত সন্দেহঃ স্তাদিত্যাহ—তত্রৈতি । কণ্যাস্তবস্বয়ং-
 বরাভিধানে নলো যদ্যুপেক্ষেতেতি দময়ন্ত্যা এব স্বয়ংবরাভিধানম্ । যেন তৎসন্দেহনিবাসায় নলো
 ঙ্গবমেবাগচ্ছৎ ॥২৫॥

কাবণ, আপনি আমার বহু উপকাব কবিয়াছেন, যাহা অন্তে কবিতো পাবিবে
 না । যেহেতু সত্ববই আমি ভর্তাব সহিত মিলিত হইব” ॥২১॥

দময়ন্তী এইরূপ বলিলে, পর্ণাদ কৃতার্থ হইয়া সাতিশয় মাস্কলিক আশীৰ্ব্বাদে
 দময়ন্তীকে আশ্বস্ত কবিয়া অতি প্রফুল্লচিত্তে আপন গৃহে চলিয়া গেলেন ॥২২॥

যুধিষ্ঠিব ! তাহাব পব দময়ন্তী স্তদেবকে আনাইয়া, দুঃখিত ও শোকাক্ত হইয়া
 মাতাব নিকটেই স্তদেবকে বলিলেন—॥২৩॥

“স্তদেব ! আপনি কামগামীব ত্রায় দ্রুত গমন কবিয়া অযোধ্যানগবে উপস্থিত
 হইয়া অযোধ্যাবাসী ঋতুপর্ণবাজাকে এই কথা বলুন—॥২৪॥

“ভীমবাজার ছহিতা দময়ন্তী পুনর্বাষ স্বয়ংবব (নিজেই পতি ববণ) কবিবেন ;
 সেখানে সকল বাজা এবং সকল বাজপুত্রই ষাইতেছেন ॥২৫॥

যথা চ গণিতঃ কালঃ শো ভূতে স ভবিষ্যতি ।
 যদি সম্ভাবিনীয়ং তে গচ্ছ শীত্ৰমবিন্দম । ॥২৬॥
 সূর্য্যোদয়ে দ্বিতীয়ং সা ভর্তারং বরষিষ্যতি ।
 ন হি স জ্ঞায়তে বীবো নলো জীবতি বা ন বা ॥২৭॥
 এবং তয়া যথোক্তং বৈ গত্র বাজানমব্রবীৎ ।
 ঋতুপর্ণং মহাবাজ ! স্তদেবো ব্রাহ্মণস্তদা ॥২৮॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্কণি
 নলোপাখ্যানে দময়ন্তীপুনঃস্বয়ংববকথনে সপ্তপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

যথেনিতি । ঋঃ পবদিনে । যদিতি সম্ভাবনাযাম্, ইং দময়ন্তী, তে তব, সম্ভাবিনী ভবিতা ।
 বিলম্বাভিধানে বাজা অল্পমপি সাবধিং গৃহীষাদিত্যতঃ ঋ ইতি ॥২৬॥

অধিকশৈল্প্যার্থং পুনবাহ—সূর্য্যোদয় ইতি । অথ নলে বিত্তমানে সতি কথং দময়ন্তী পুনঃ
 স্বয়ংববং কুর্যাদিত্যাৎ—নেতি । হি যস্মাৎ । পবপূর্কবাঃ পত্নীত্বাসম্ভবেহপি ভোগ্যস্বং শ্রাদেবেতি
 ঋতুপর্ণস্ত প্রবৃত্তিঃ, নলস্ত তু দুঃখক্ষোভকৌতুকসন্দেহাদিবশাৎ প্রত্যক্ষীকরণে রুচিরবশস্তাবিনীতীখ-
 ম্পদদেশঃ ॥২৭॥

এবমিতি । তয়া দময়ন্ত্যা । গত্র তর্দেব ঋতুপর্ণং বাজানমেবমব্রবীৎ ॥২৮॥
 ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
 মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বনপর্কণি নলোপাখ্যানে সপ্তপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥

ভাবতভাবদীপঃ

অথেনিতি ॥১॥ ভাষ্কাস্তুবিম্বতুপর্ণম্ ॥২—৭॥ গোপাযস্তি পালযস্তি, জিতঃ স্বর্গস্তাভিবিতি শেষঃ
 ॥৮—২৫॥ সম্ভাবিনী সম্ভাবিতা ইং গতিবিতি শেষঃ ॥২৬—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্কণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে সপ্তপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫॥

অবিন্দম । যেকপ সময় স্থিব হইয়াছে, তাহাতে আগামী দিনেই সে স্বয়ংবব
 হইবে । অতএব দময়ন্তী যদি এবাবে আপনাবই হন, সেইজন্য সত্ব গমন
 ককন ॥২৬॥

দময়ন্তী আগামী কল্য সূর্য্যোদয়েব সময়ে দ্বিতীয় পতি গ্রহণ কবিবেন । কাবণ,
 বীব নলরাজা জীবিত আছেন কি না, তাহা জানা যাইতেছে না” ॥২৭॥

মহাবাজ ! দময়ন্তী এইরূপ বলিলে, তাহা ব্রাহ্মণ স্তদেব অযোধ্যায় যাইয়া
 তখনই ঋতুপর্ণবাজাকে যথোক্তরূপ বলিলেন” ॥২৮॥

(২৮) এবং তয়া যথোক্তো বৈ...বা ব কা নি । * ‘...সপ্ততিতমঃ...’ ...বা ব কা,
 ‘...উনসপ্ততিতমঃ .’ ...পি, ‘...অষ্টবষ্টিতমঃ...’ ...নি ।

অষ্টপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ।

—:~:—

বৃহদশ্ব উবাচ ।

শ্রদ্ধা বচঃ স্তুদেবশ্চ ঋতুপর্ণো নবাধিপঃ ।
সান্ত্বয়ন্ শঙ্কযা বাচা বাহুকং প্রত্যভাষত ॥১॥
বিদর্ভান্ যাতুমিচ্ছামি দমযন্ত্যাঃ স্বয়ংববম্ ।
একাহা হযতত্ত্বজ্জ । মন্যসে যদি বাহুক । ॥২॥
এবমুক্তশ্চ কোন্তেয । তেন বাঞ্জা নলশ্চ হ ।
ব্যদীর্ঘ্যত মনো দুঃখাৎ প্রদধ্যো স মহামনাঃ ॥৩॥
দমযন্তী বদেদেতৎ কুর্যাদদুঃখেন মোহিতা ।
অশ্নদর্থো ভবেদ্বায়মুপায়শ্চিচ্ছিত্তো মহান্ ॥৪॥
নৃশংসং বত বৈদর্ভী কর্ত্বুকামা তপস্বিনী ।
মযা ক্ষুদ্রেণ নিকৃতা পাপেনাকৃতবুদ্ধিনা ॥৫॥

ভাবতকৌমুদী

শ্রদ্ধেতি । সান্ত্বয়ন্ অহ্ননয়ন্, শঙ্কযা কোমলযা, বাহুকং তদাখ্যং নলম্ ॥১॥
বিদর্ভানিতি । স্বয়ংববমুদ্গিচ্ছোতি শেষঃ । একাহা একাহেন ॥২॥
এবমিতি । ব্যদীর্ঘ্যত বিদীর্ঘমিব জাতম্ । প্রদধ্যো চিন্তয়ামাস ॥৩॥
কিং প্রদধ্যাবিত্যাং পঞ্চভিঃ—দমযন্তীতি । সর্বত্র সম্ভাবনাযাং সপ্তমী ॥৩॥
নৃশংসমিতি । নৃশংসং নিষ্ঠুবম্ । তপস্বিনী শোচ্যা । নিকৃতা প্রতাবিতা ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—“ঋতুপর্ণবাজা স্তুদেবের কথা শুনিয়া, কোমল বাক্যে অহ্ননয়
করিয়া বাহুককে বলিলেন—॥১॥

“অশ্বতত্ত্বজ্জ বাহুক ! তোমাব যদি মত হয়, তবে আমি দমযন্তীব স্বয়ংবব উদ্দেশ্য
করিয়া বিদর্ভদেশে যাইতে ইচ্ছা কবি” ॥২॥

কুস্তীনন্দন । ঋতুপর্ণরাজা এইরূপ বলিলে, নলেব হৃদয় যেন দুঃখে বিদর্গ হইয়া
গেল , তাই তিনি চিন্তা কবিতে লাগিলেন—॥৩॥

‘দমযন্তী কি এই কথা বলিয়াছেন ? অথবা দুঃখে মোহিত হইয়া তিনি কবিতেও
পাবেন , কিংবা আমাব জন্ম এই একটা গুণকতব উপায় উদ্ভাবিত কবা হইয়াছে ॥৪॥

আমি ক্ষুদ্র, পাপিষ্ঠ ও অশিক্ষিত বলিয়া তাঁহাকে প্রতারিত কবিয়াছি ; তাহাতেই
সেই শোচনীয় দমযন্তী এই নিষ্ঠুব কার্য্য করিতে ইচ্ছা করিয়াছেন ॥৫॥

(২) বিদর্ভাং যাতুম্...বা ব কা, বিদর্ভাং গন্তুম্...পি । (৫)...ভর্ত্বুকামা তপস্বিনী...পি ।

বন-৭৮ (৭)

স্ত্রীস্বভাবশ্চলো লোকে মম দোষশ্চ দারুণঃ ।
 স্মাদেবমপি কুর্য্যাৎ সা বিবাসাদ্গতসৌহৃদা ॥৬॥
 মম শোকেন সংবিগ্না নৈবাশ্চাত্তনুমধ্যমা ।
 মৈবং সা কর্হিচিৎ কুর্য্যাৎ সাপত্য চ বিশেষতঃ ॥৭॥
 যদত্রে সত্যং বাহসত্যং গত্বা বেৎস্মামি নিশ্চয়ম্ ।
 ঋতুপর্ণস্য বৈ কামমাত্মার্থঞ্চ কবোম্যহম্ ॥৮॥
 ইতি নিশ্চিত্য মনসা বাহুকো দীনমানসঃ ।
 কৃতাজ্জলিরুবাচেদমৃতুপর্ণং নবাধিপম্ ॥৯॥
 প্রতিজানামি তে সত্যং গমিষ্যামি নরাধিপ । ।
 একাহা পুরুষব্যাস্ত্র । বিদর্ভনগরং নৃপ । ॥১০॥
 ততঃ পরীক্ষামশ্বানাং চক্রে বাজন্ । স বাহুকঃ ।
 অশ্বশালামুপাগম্য ভাগস্ববিনৃপাজ্জয়া ॥১১॥

ভাবতকৌমুদী

স্ত্রীতি । চলচ্চলঃ । বিবাসাৎ প্রবাসবিচ্ছেদাৎ, গতসৌহৃদা ভয়প্রণয়া ॥৬॥
 মমেতি । সংবিগ্না অস্থিবা । তনুমধ্যমা কৃশকটীদেশা । সাপত্য পুত্রকন্যায়ুক্তা ॥৭॥
 যদিতি । অসত্যং মিথ্যা । আত্মার্থং স্বার্থম্, স্বার্থশ্চ তৎ স্বয়ংববস্ত সত্যাসত্যত্বজ্ঞানম্ ॥৮॥
 ইতীতি । দীনমানসো দমযন্ত্যাঃ স্বয়ংববসন্দেহাদ্বিষণ্ণচিত্তঃ ॥৯॥
 প্রতীতি । প্রতিজানামি প্রতিজ্ঞাং কবোমি । একাহা একাহেইনৈব ॥১০॥

জগতে স্ত্রীলোকের স্বভাব চঞ্চল, আমরা অপবাধও ভয়ঙ্কর, অতএব একপ হইতেও পাবে, বিশেষতঃ বিচ্ছেদবশতঃ প্রণয় ভাঙ্গিয়া গিয়াছে, তাই তিনি একপ কবিতে পাবেন ॥৬॥

ক্লগমধ্যা দমযন্তী আমরা শোকে ও নৈবাশ্চে একেবাবে অস্থি হইয়া পড়িয়াছেন কি না। না—তিনি একপ কখনও কবিবেন না, বিশেষতঃ, তাঁহার সম্ভান বহিয়াছে ॥৭॥

যাহা হউক, এ বিষয়ে যাহা সত্য বা মিথ্যা, তাহা সে স্থানে যাইয়া নিশ্চিতভাবে জানিব, আমি আজ স্বার্থেব জগুই ঋতুপর্ণেব ইচ্ছাপূরণ কবিব” ॥৮॥

বিষণ্ণচিত্ত বাহুক মনে মনে এইকপ স্থি কবিয়া কৃতাজ্জলি হইয়া ঋতুপর্ণবাজাকে এই কথা কহিলেন— ॥৯॥

“পুরুষশ্রেষ্ঠ বাজা ! আমি আপনাব নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি যে, এক-দিনেই আমি বিদর্ভনগরে যাইব” ॥১০॥

(৬)•• বিবশা গতসৌহৃদা• পি । (১০)••তে বাক্যম্• বিদর্ভনগরীং নৃপ । বা ব কা নি ।
 (১১)••ভাগস্ববিনৃপাজ্জয়া বা ব কা,...ভাগস্ববিনৃপাজ্জয়া—পি ।

स त्वर्यमाणो बहूश ऋतुपर्णेन बालकः ।
 अश्वान् जिज्ञासमानो वै विचार्य च पुनः पुनः ॥१२॥
 अद्यगच्छं कृशानश्वान् समर्थानध्वनि ऋमान् ।
 तेजोबलसमायुक्तान् कुलशीलसमन्वितान् ॥१३॥
 वर्जितान् लङ्घनैर्हीनैः पृथुप्रोथान् महाहनुन् ।
 शुक्लान् दशभिवावर्तेः सिद्धुजान् वातवंहसः ॥१४॥ (विशेषकम्)
 दृष्ट्वा तानब्रवीद्राजा किञ्चिकोपसमन्वितः ।
 किमिदं प्रार्थितं कर्तुं प्रलम्बव्या न ते वयम् ॥१५॥
 कथमन्नबलप्राणा वक्ष्यन्तीमे हया वथम् ।
 महानध्वा स चैकाह्वा गन्तव्यः कथमौदृशैः ॥१६॥

भावतकौमुदी

तत्र इति । भगवत्पताय भगवतिः ऋतुपर्णः ॥११॥

स इति । जिज्ञासमानो क्रतुगमने शक्ताशक्ततया ज्ञातुमिच्छन् । अद्यगच्छं प्रोत्प्लोत् । समर्थान् भाववहने शक्तान्, अध्वनि पथि, ऋमान् क्रतुगमने । हीनैर्निर्लङ्घितैः, पृथुप्रोथान् विशालनासिकान् । आवर्तेर्लौमचैर्जुञ्जानिति शेषः ॥१२—१४॥

दृष्ट्वेति । प्रार्थितमिष्टम् । न प्रलम्बव्या न प्रतावणीवा इति कारुः ॥१५॥

भावतभावदीपः

श्रद्धेति ॥ —७॥ सापत्या अपत्यासहिता ॥१—१२॥ तेजः कास्तिविशेषः बलं शक्तिः । कुलं जातिविशेषः । शीलं साधुचित्तानुसारिता ॥१३॥ हीनैर्लङ्घितैः शतपदी-प्रभृतिभिर्वर्जितान् । प्रोत्प्लोत् नासिका । हनुधवः मुखफलकम् । शुक्लान् हृदावर्तीदिच्छुर्वावर्त-हीनान्, सिद्धुजान् सिद्धदेशजान् ॥१४॥ ते ह्या, न विप्रलम्बव्या न वक्ष्यन्तीयाः ॥१५॥ बलं भारसहिष्णुता, प्राणो वेगवत्ता, वक्ष्यन्ति वहनं कविशक्ति, अध्वानः निःशक्यम्, महदतिदुरे । दमयन्त्याः पुनर्भुञ्ज्यां तद्वर्णे महती लज्जा, तथा च अवृते महत्तरा लज्जेति प्रच्छन्नतर्धेव तत्र

राजा । ताहाव पव ऋतुपर्णवाजाव आदेश अनुसावे बालक अश्वशालाय याइया अश्वसमूहेव पवीष्का कविते लागिलेन ॥११॥

तथन ऋतुपर्णराजा बहवार ह्वा कविलेन , क्रमे बालक पवीष्काय प्रवृत्त हइया बाव बाव विचाव कविवा, सिद्धुदेशजात कयेकटा कृश अश्व पाहिलेन , से अश्व कयटा भाववहने समर्थ, पथे क्रतुगमन कविते दक्ष, तेज, बल, सत्कुल ओ सत्सम्भावयुक्त, दुर्लक्ष्णशूत्र, विशाल नासिका ओ हनुसमन्वित, निर्मल वर्ण, दशति वामावर्तविशिष्ट एवं वायुव त्राय वेगवान् छिल ॥१२—१४॥

वाजा सेइ अश्व कयटा देथिया, ईषं क्रुद्ध हइया वलिलेन—“बालक । तूमि ए कि कविते चाहितेछ । तूमि आमाके प्रतावणा कविवे ना त ॥१५॥

(१७)...ह्या मम । महदध्वानमपि च गन्तव्यं कथमौदृशैः—वा व का पि ।

বাহুক উবাচ ।

একো ললাটে দ্বৌ মূৰ্দ্ধি, দ্বৌ দ্বৌ পার্শ্বোপপার্শ্বয়োঃ ।

দ্বৌ দ্বৌ বক্ষসি বিজ্ঞেযৌ প্রযাণে চৈক এব তু ॥১৭॥

এতে হরা গমিষ্যন্তি বিদৰ্ভান্ নাত্র সংশয়ঃ ।

যানন্ত্যান্ মন্যসে বাজন্ । ক্রহি তান্ যোজয়ামি তে ॥১৮॥

ঋতুপৰ্ণ উবাচ ।

ত্বমেব হবতভ্ৰজঃ কুশলো হসি বাহুক ।।

যান্ মন্যসে সমৰ্থাংস্ত্বং ক্ষিপ্রং তানেব যোজয় ॥১৯॥

ভাবতকৌমুদী

কথমিতি । অল্লৌ বলপ্রাণৌ শক্তিজীবনে যেষাং তে । এতে খল্লবলবত্বাছৌচুং ন শস্যন্তি
অল্পপ্রাণত্বান্নবিজ্ঞেযেব বেতি ভাবঃ । মহান্ বিশালঃ, অধ্বা পদ্বাঃ ॥১৬॥

এক ইতি । যস্ত ললাটে মূৰ্দ্ধি, চ একৈকতয়া দ্বৌ রোমাবৰ্ত্তাবিতি শেষঃ, পার্শ্বোপপার্শ্বয়োঃ
পার্শ্বদ্বয়ে দ্বৌ তৎসম্মিহিতহানদ্বয়ে চ দ্বৌ লোমাবৰ্ত্তৌ, বক্ষসি চ মিলিতভাবেন দ্বৌ দ্বৌ রোমাবৰ্ত্তৌ,
বিজ্ঞেযৌ দ্ৰষ্টব্যৌ, স এক এব স্বয়ং, প্রযাণে দ্ৰুতগমনে একো মুখ্যঃ । এবকৈঃষাং চতুর্গামেব
তথাবিধদশরোমাবৰ্ত্তবস্থাং প্রযাণে মুখ্যস্বমেবেতি ভাবঃ । যথাক্রমতনৌলকৰ্ণব্যাখ্যানে তু
বোমাবৰ্ত্তানাং দ্বাদশসংখ্যাত্বাং “শুদ্ধান্ দশভিরাবৰ্ত্তঃ” ইতি পূৰ্ব্বোক্তবিবোধঃ ॥১৭॥

এত ইতি । বিদৰ্ভান্ গমিষ্যন্তি, একেনৈবাহেতি ভাবঃ । তে রথে ইতি শেষঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

গতমপি বেগবশাদ্গতমিব যথা ভবতি তথা গন্তব্যমিতি ভাবঃ ॥১৬॥ “একো ললাটে দ্বৌ
মূৰ্দ্ধি দ্বৌ দ্বৌ পার্শ্বোপপার্শ্বয়োঃ । দ্বৌ দ্বৌ বক্ষসি বিজ্ঞেযৌ প্রযাণে চৈক এব তু ॥” ইতি
শ্লোকঃ কচিন্ন দৃশ্যতে । তদর্থস্ত—বক্ষসি দ্বৌ পুরস্তাদ্বৌ পশাদিতি প্রযাণে পৃষ্ঠভাগে এবং
দ্বাদশ আবৰ্ত্তপদমত্বজ্য যোজ্যম্ ॥১৭॥ এতে ইতি । এতেবু স্থলেদাবৰ্ত্তবস্ত ইতি শেষঃ

কারণ, এ অশ্ব কর্ণটীব শক্তিও অল্প, জীবনও অল্প ; সুতবাং ইহাবা কি কবিয়া
বথ বহন কবিবে এবং কি কবিয়াই বা একদিনে সেই বিস্তৃত পথ যাইবে !” ॥১৬॥

বাহুক বলিলেন—“যাহাব ললাটে একটা, মস্তকে একটা, দুই পার্শ্বে দুইটা, দুই
পার্শ্বেব নিকটস্থানে দুইটা এবং বক্ষে দুইটা কবিয়া চাবিটা রোমাবৰ্ত্ত দেখা যাইবে,
সেই এক অশ্বই দ্ৰুতগমনে শ্রেষ্ঠ ॥১৭॥

অতএব এই অশ্বকর্ণটী একদিনে বিদৰ্ভদেশে যাইবে, এ বিষয়ে কোন সন্দেহ
নাই । তবে বাজা । আপনি অন্ত যে অশ্বগুলি ভাল মনে কবেন, সেগুলিব কথা
বলুন, আমি সেই গুলিকেই আপনাব বথে বোগ কবি” ॥১৮॥

ততঃ সদশ্বাংশচতুরঃ কুলশীলসমগ্নিতান্ ।
 যোজয়ামাস কুশলো জবযুক্তান্ বথে নলঃ ॥২০॥
 ততো যুক্তং বথং বাজা সমাবোহত্ববান্নিতঃ ।
 অথ পর্য্যাপতন্ ভূমো জানুভিস্তে হযোক্তমাঃ ॥২১॥
 ততো নবববঃ শ্ৰীমান্ নলো বাজা বিশাংপতে । ।
 সান্ত্বয়ামাস তানশ্বাংস্তেজোবলসমগ্নিতান্ ॥২২॥
 বশ্মিভিচ্চ সমুত্তম্য নলো যাতুমিষেষ সঃ ।
 সূতমাবোপ্য বাৰ্ষেৰ্ষং জবমাশ্বায় বৈ পবম্ ॥২৩॥
 তে চোত্তমানা বিধিবদ্বাহুকেন হযোক্তমাঃ ।
 সমুৎপেতুবথাকাশং বথিনং মোহযন্তি চ ॥২৪॥

ভাবতকৌমুদী

স্বমিতি । কুশলঃ অশ্বচালনে নিপুণঃ । সমর্থান্ একেনাত্ৰৈব গমনে শক্তান্ ॥১৯॥
 তত ইতি । কুশলঃ অশ্ববিদ্যায়াং নিপুণঃ, জবযুক্তান্ বেগবতঃ ॥২০॥
 তত ইতি । জানুভিভূমো পর্য্যাপতন্নিতি তাদৃশানামস্থানাং স্বভাবো দর্শিতঃ ॥২১॥
 তত ইতি । শ্ৰীমান্ অশ্ববিদ্যাসমুদ্বিমান্ । সান্ত্বয়ামাস সান্ত্বনয়া উদযোজয়ামাস ॥২২॥
 বশ্মিভিভিত্তি । সমুত্তম্য বন্ধা । বাৰ্ষেৰ্ষং তদাখ্যং ভূতপূৰ্ব্বনলসাবথিম্ ॥২৩॥
 ত ইতি । চোত্তমানাঃ প্রগুহমানাঃ । সমুৎপেতুবিব । মোহযন্তি স্ব চ ॥২৪॥

ঋতুপৰ্ণ বলিলেন—“বাহুক । তুমিই অশ্বতত্ত্বজ্ঞ এবং অশ্বচালনে নিপুণ ; অতএব তুমি যেগুলিকে সমর্থ মনে কব, সেইগুলিকেই সত্বব বথে যোগ কব” ॥১৯॥

তাহাব পব, অশ্ববিদ্যানিপুণ নল—কুল—শীলযুক্ত এবং বেগবান্ সেই চাবিটী উৎকৃষ্ট অশ্বকে বথে সংযোজিত কবিলেন ॥২০॥

ওদনন্তব ঋতুপৰ্ণবাজা হবান্নিত হইয়া সেই অশ্বযুক্ত বথে আবোহণ কবিলেন । তৎপবে সেই উৎকৃষ্ট অশ্বগুলি জানুদ্বাবা ভূতল স্পর্শ কবিল ॥২১॥

নবনাথ । তাহাব পব, অশ্ববিদ্যানিপুণ নলবাজা সেই তেজস্বী ও বলবান্ অশ্ব-গুলিকে সান্ত্বনা কবিলেন ॥২২॥

নল লাগাম বাঁধিয়া, বাৰ্ষেৰ্ষসাবথিকে তুলিয়া লইয়া, গুরুতব বেগ স্থাপন কবিয়া যাইবাব ইচ্ছা কবিলেন ॥২৩॥

তখন বাহুক যথাবিধানে চালাইয়া দিলে, সেই উৎকৃষ্ট অশ্বগুলি যেন আকাশে উঠিল এবং রথীকে মোহিত কবিতো লাগিল ॥২৪॥

তথা তু দৃষ্ট্বা তানশ্বান্ বহতো বাতরংহসঃ ।
 অযোধ্যাধিপতিঃ শ্রীমান্ বিস্ময়ং পবমং ববৌ ॥২৫॥
 বথঘোষন্তু তং শ্রুত্বা হ্রসংগ্রহণঞ্চ তং ।
 বাৰ্ষেয়শ্চিন্তয়ামাস বাহুকশ্চ হ্রসজ্ঞতাম্ ॥২৬॥
 কিন্নু স্ত্রান্মাতলিবয়ং দেববাজশ্চ সাবথিঃ ।
 তথা তল্লক্ষণং বীবে বাহুকে দৃশ্যতে মহৎ ॥২৭॥
 শালিহোত্রোহথ কিং নু স্ত্রান্ধয়ানাং কুলতত্ত্ববিৎ ।
 মানুশ্চাং সমনুপ্রাপ্তৌ বপুঃ পবমশোভনম্ ॥২৮॥
 উতাহোশ্চিন্তবেদ্রাজা নলঃ পরপুরঞ্জযঃ ।
 সোহবং নৃপতিবাযাত ইত্যেবং সমচিন্তয়ৎ ॥২৯॥
 অথবা বাং নলো বেদ বিদ্যাং তামেব বাহুকঃ ।
 তুল্যং হি লক্ষ্যে জ্ঞানং বাহুকশ্চ নলশ্চ চ ॥৩০॥

ভাবতকৌমুদী

তথেতি । বহতো রথমিতি শেষঃ, বাতবংহসো বায়ুবেগান্ ॥২৫॥
 বথেনি । হ্রসংগ্রহণম্ অশ্বানাং ধারণপ্রকারম্, দৃষ্ট্বেনি শেষঃ ॥২৬॥
 কিন্নিতি । ঈদৃশমশ্চালনমেব মাতলের্মহল্লক্ষণমিতি ভাবঃ ॥২৭॥
 শালীতি । শালিহোত্রো নাম গন্ধৰ্ব্বঃ । মানুশ্চাং মানুষ্যসম্বন্ধি বপুঃ ॥২৮॥
 উতেতি । সোহবং নৃপতিবাযাতঃ, এতদ্বাহুকরূপেণেত্যশ্বযঃ ॥২৯॥
 অথবেতি । বেদ জানাতি । বাহুকো বেদেতি পুনঃ সম্বন্ধঃ ॥৩০॥

অযোধ্যাধিপতি ঋতুপর্ণবাজা বায়ুৰ ন্যায় বেগবান্ সেই অশ্বগুলিকে সেইভাবে
 বথ বহন কবিত্তে দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥২৫॥

বাৰ্ষেয় সেই বথের শব্দ শুনিয়া এবং সেই অশ্বধাবণের প্রণালী দেখিয়া বাহুকের
 অশ্ববিচার বিষয় চিন্তা কবিত্তে লাগিল ॥২৬॥

'ইনি কি দেববাজের সাবথি মাতলি হইবেন ? কাবণ, বীবে বাহুকের উপবে
 তাঁহাবই ত বিশেষ লক্ষণ দেখিতেছি ॥২৭॥

অথবা অশ্বতত্ত্বজ্ঞ শালিহোত্র পবমশুন্দব মনুশ্চাণবীব ধাবণ কবিয়া আদিয়া-
 ছেন ? ॥২৮॥

কিংবা শক্রনগববিজয়ী নলবাজা হইবেন, তিনিও বাহুকরূপে আসিতে পাবেন,
 এইরূপও বাৰ্ষেয় চিন্তা কবিল ॥২৯॥

অথবা নলবাজা যে অশ্ববিদ্যা জানেন, বাহুকও সেই অশ্ববিদ্যাই জানেন।
 কারণ, বাহুকের ও নলের সমান অশ্ববিদ্যাই দেখিতেছি ॥৩০॥

অপি চেদং বয়স্তূল্যং বাহুকশ্চ নলশ্চ চ ।
 নাযং নলো মহাবীৰ্য্যস্তদ্বিগুশ্চ ভবিষ্যতি ॥৩১॥
 প্রচ্ছন্না হি মহাত্মানশ্চরন্তি পৃথিবীমিমাম্ ।
 দৈবেন বিধিনা যুক্তাঃ শাস্ত্রোক্তৈশ্চ নিরূপণৈঃ ॥৩২॥
 ভবেন্ন মতিভেদো মে গাত্রবৈকপ্যত্রাং প্রতি ।
 প্রমাণাৎ পবিত্ৰীকৃত্য ভবেদিতি মতির্মম ॥৩৩॥
 বয়ঃপ্রমাণং তদ্বূ ল্যং কাপেণ তু বিপর্য্যযঃ ।
 নলং সৰ্ব্বগুণৈৰ্যুক্তং মন্যে বাহুকমন্ততঃ ॥৩৪॥
 এবং বিচার্য্য বহুশো বাৰ্ষেৰ্যঃ পর্য্যচিন্তয়ৎ ।
 হৃদয়েন মহাবাজ । পুণ্যশ্লোকশ্চ সাবধিঃ ॥৩৫॥
 ঋতুপৰ্ণশ্চ বাজেন্দ্রো বাহুকশ্চ হয়জ্ঞতাম্ ।
 চিন্তয়ন্ মুমুদে বাজা সহবাৰ্ষেৰ্যসাবধিঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

অসীতি । তথাপ্যয়ং মহাবীৰ্য্যো নলো ন, আকৃতিবৈষম্যাৎ । সা তাদৃশী বিত্তা যশ্চ সঃ ॥৩১॥
 পুনর্নলশ্চেন শব্দতে—প্রচ্ছন্না ইতি । নিকৰ্ণৈর্নিবৰ্মৈযুক্তা ইতি সম্বন্ধঃ ॥৩২॥
 ততশ্চাহ—ভবেদিতি । মতিভেদঃ অনলশ্চেন জ্ঞানম্ । প্রমাণান্নলপরিমাণাৎ ॥৩৩॥
 বয় ইতি । অন্ততঃ পরিশেষে বাহুকং নলমিব সৰ্ব্বগুণৈৰ্যুক্তং মন্যে ॥৩৪॥
 এবমিতি । পুণ্যশ্লোকশ্চ নলশ্চ ভূতপূৰ্ব্বঃ সাবধিৰ্বাৰ্ষেৰ্য ইত্যম্বযঃ ॥৩৫॥
 ঋত্বিতি । হয়জ্ঞতাম্ অশ্ববিত্তাম্ । বাৰ্ষেৰ্যসাবধিনা সহেতি সহবাৰ্ষেৰ্যসাবধিঃ ॥৩৬॥

আর, বাহুকেব ও নলেব বয়সও সমানই দেখিতেছি, তথাপি বাহুক—মহাবীৰ
 নল নহে, তবে তাঁহাব তুল্য অশ্ববিত্তানিপুণ হইবে ॥৩১॥

দৈবেব বিধানে এবং শাস্ত্রীয নিয়মে মহাত্মাবা গুণবেশে এই পৃথিবী বিচরণ
 কবিয়া থাকেন ॥৩২॥

সেই কাৰণে—আকৃতিব বৈকপ্য আছে বলিয়াই যে, এ—নল নহে, একপ ধাবণা
 আমাব হয় না, তবে নলেব শবীবেব পবিমাণ অপেক্ষা ইহাব শরীবেব পবিমাণ খৰ্ব্ব,
 এ ধাবণা আমাব হয় ॥৩৩॥

বয়সেব পবিমাণ নলেবই তুল্য, কিন্তু কুপেব বৈষম্য আছে। সে যাহা হউক,
 পরিশেষে বাহুককে নলেব তুল্য সৰ্ব্বগুণযুক্ত মনে কবিতেই হইবে ॥৩৪॥

মহারাজ । নলেব ভূতপূৰ্ব্ব সাবধি বাৰ্ষেৰ্য এইকপ বিচাব কবিয়া কবিয়া মনে
 মনে অনেক চিন্তা কবিল ॥৩৫॥

ঐকাগ্র্যঞ্চ তথোৎসাহং হবসংগ্রহণঞ্চ তৎ ।

পবং যত্নঞ্চ সংশ্রেক্ষ্য পবাং মুদমবাপ হ ॥৩৭॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি
নলোপাখ্যানে ঋতুপর্ণবিদর্ভগমনে অষ্টপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥ *

—:~:—

উনষষ্টিতমোহধ্যায়ঃ ।

—:~:—

বৃহদশ্ব উবাচ ।

স নদীঃ পর্বতাংশ্চৈব বনানি চ সরাংসি চ ।

অচিবোণাতিচক্রাম খেচরঃ খে চবন্নিব ॥১॥

তথা প্রযাতে তু বথে তদা ভাগস্ববিনৃপঃ ।

উত্তরীয়মধোহপশ্যদ্ব্রহ্মকং পবপুত্রঞ্জয়ঃ ॥২॥

ভাবতকৌমুদী

ঐকাগ্র্যমিতি । হবসংগ্রহণম্ অশ্বগ্রহণপ্রকাবম্ । যত্নং ক্রতচালনে ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং
মহাভাবতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বনপর্বণি নলোপাখ্যানে অষ্টপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥

—:~:—

স ইতি । স বাহুকঃ । খে আকাশে চবন, খেচরঃ পক্ষী গরুড় ইব ॥১॥

তথেতি । তথা তাদৃগ্ ক্রতম্, প্রযাতে চলতি । ভাগস্বরিঃ ঋতুপর্ণঃ ॥২॥

ভাবতভাবদীপঃ

॥১৮—২২॥ স্মৃতমিতি । আবোণ্য স্মৃতস্থানাতুপযুঁপবেশ স্বমমেব স্মৃতস্বং চকারেত্যর্থঃ

॥২৩—২৭॥ শালিহোত্রঃ অশ্বশাস্ত্রপ্রণেতা আচার্য্যঃ ॥২৮—৩৩॥ অন্ততঃ নির্ণয়েন ॥৩৪—৩৭॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥২৮॥

রাজশ্রেষ্ঠ ঋতুপর্ণবাজাও বাহুকেব অশ্ববিছাব বিবয় চিন্তা কবিয়া বাষ্কোঁয়সাবথির
সহিত আমোদিত হইলেন ॥৩৬॥

এবং বাহুকের একাগ্রতা, উৎসাহ, অশ্বধাবণেব প্রণালী ও অশ্বচালনে পবন যত্ন
দেখিয়া অত্যন্ত আনন্দ লাভ কবিলেন ॥৩৭॥

—:~:—

বৃহদশ্ব বলিলেন—“বাহুক অচিবকালমধ্যেই আকাশচাবী গরুড়ের ছায বহুতব
নদী, পর্বত, বন ও সর্বোবব অতিক্রম কবিল ॥১॥

* ‘...একসপ্ততিতমঃ...’ —বা ব কা, ‘...সপ্ততিতমঃ...’ —পি, ‘...একোনসপ্ততিতমঃ...’
—নি । (২) ..তদা ভাগস্ববিনৃপঃ.. বা ব কা, ..ভাগস্ববিনৃপঃ পি ।

ততঃ স ত্বমাণস্ত পটে নিপতিতে তদা ।
 গ্রহীষ্টামীতি তং বাজা নলমাহ মহামনাঃ ॥৩॥
 নিগৃহীষ মহাবুদ্ধে । হয়ানেতান্ মহাজবান্ ।
 বাষ্ণেযো যাবদেতং মে পটমানয়তামিহ ॥৪॥
 নলস্ত প্রত্যাচাচাথ দূরে ভ্রষ্টঃ পটস্তব ।
 যোজনং সমতিক্রান্তো নাহৰ্ত্তুং শক্যতে পুনঃ ॥৫॥
 এবমুক্তো নলেনাথ নাতিপ্ৰীতমনা নৃপঃ ।
 আসসাদ বনে বাজন্ । ফলবন্তং বিভীতকম্ ॥৬॥
 তং দৃষ্ট্বা বাহুকং বাজা ত্বমাণোহভ্যভাষত ।
 মমাপি সূত । পশ্য ত্বং সংখ্যান্ পবমং বলম্ ॥৭॥
 সৰ্ব্বঃ সৰ্ব্বং ন জানাতি সৰ্ব্বজ্ঞো নাস্তি কশ্চন ।
 নৈকত্র পবিনিষ্ঠাস্তি জ্ঞানশ্চ পুরুষে কচিৎ ॥৮॥

ভাবতকৌমুদী

তত ইতি । পটে উত্তরীয়বস্ত্রে । তং পটম্, গ্রহীষ্টামীত্যা হ স্ম ॥৩॥

নীতি । নিগৃহীষ স্বগয । হয়ান্ অস্থান্ । বাষ্ণেযঃ অপয়ঃ সারথিঃ ॥৪॥

নল ইতি । এতেন বথস্ত নাতিশযো বেগঃ স্মৃতিভঃ ॥৫॥

এবমিতি । নাতিপ্ৰীতমনাঃ, বথস্ত বেগাতিশয়ান্তু কিঞ্চিপ্ৰীতমনা এবেতি ভাবঃ ॥৬॥

তমিতি । তং বিভীতকং বৃক্ষম্ । সংখ্যান্ গণনায়াম্, বলং শক্তিম্ ॥৭॥

বথখানা সেইকপ দ্রুত চলিতে লাগিলে, তখন শত্রুনগরবিজয়ী ঋতুপৰ্ণবাজা দেখিলেন যে, তাঁহাব উত্তরীয়বস্ত্রখানা নীচে পড়িয়া গেল ॥২॥

উত্তরীয়বস্ত্র পড়িয়া গেলে, তখনই মহামনা ঋতুপৰ্ণবাজা ব্যস্ত হইয়া নলকে বলিলেন যে, “কাপড়খানা লইব ॥৩॥

অতএব বাহুক ! এই বেগবান্ অশ্বগুলিকে একটু থামাও, যে পর্য্যন্ত বাষ্ণেয এই কাপড়খানা লইয়া আইসে” ॥৪॥

নল প্রত্যুত্তর কবিলেন—“মহাবাজ ! আপনাব চাদব দূবে পড়িয়াছে, তাহাব পর বথ এক যোজন পথ অতিক্রম করিয়াছে, সুতরাং আব তাহা আনিতে পাবা যাইবে না” ॥৫॥

বাজা ! নল এইকপ বলিলে, ঋতুপৰ্ণবাজা অনধিক সন্তুষ্ট হইয়া নিকটবর্তী বনে একটা ফলবান্ বিভীতকবৃক্ষ দেখিতে পাইলেন ॥৬॥

সেই বিভীতকবৃক্ষ দেখিয়া রাজা সত্বব বাহুককে বলিলেন—“সাবথি ! তুমি আমারও গণনায় গুরুতব শক্তি দর্শন কব ॥৭॥

(৬)...ভাষ্ণেযবিনৃপঃ...বা ব কা, ..ভাষ্ণেযবিনৃপঃ...পি ।

বৃক্ষেহস্মিন্ যানি পত্রাণি ফলান্যপি চ বাহুক ।।
 পতিতানি চ যান্যত্র তত্রৈকমধিকং শতম্ ॥৯॥
 একমত্রাধিকং পত্রং ফলমেকঞ্চ বাহুক ।।
 পঞ্চ কোট্যোহথ পত্রাণাং দ্বয়োরপি চ শাখাযোঃ ॥১০॥
 প্রচিন্ন হস্ত শাখে দ্বে বাশ্চাপ্যন্যাঃ প্রশাখিকাঃ ।
 আভ্যাং ফলসহস্রে দ্বে পঞ্চোনং শতমেব চ ॥১১॥
 ততো বথমবস্থাপ্য বাজানং বাহুকোহত্রবীৎ ।
 পবোক্ষমিব মে বাজন্ । কথসে শত্রুর্কর্ষণ । ॥১২॥

ভাবতকৌমুদী

সর্ব ইতি । পরিনিষ্ঠা সর্বথা সমাপ্তিঃ, “নিষ্ঠা নিষ্পত্তিনাশান্তাঃ” ইত্যমরঃ ॥৮॥

আত্মনঃ সংখ্যানশক্তিং প্রদর্শয়িতুমাং—বৃক্ষ ইতি । হে বাহুক । অস্মিন্ বৃক্ষে যানি পত্রাণি ফলান্যপি চ বর্তন্তে, যানি চ পত্রাণি ফলানি চ অত্র বৃক্ষতলে পতিতানি, তত্র তথোকৃতয়ো রাশৌ মध्ये, বৃক্ষস্থিতপত্রফলাপেক্ষয়া পতিতপত্রফলানাম্ একং শতমধিকম্ ॥৯॥

একমিতি । কিঞ্চ অত্র অধিকে শতেহপি একং পত্রমধিকম্ একং ফলঞ্চাধিকম্ । তেন চ বৃক্ষস্থিতপত্রফলাপেক্ষয়া পতিতপত্রফলানাম্ একাধিকমেকশতমধিকমিত্যর্থঃ । দ্বয়োরপি চ শাখাযোঃ পত্রাণাং পঞ্চ কোট্যাঃ সন্তি ॥১০॥

প্রতি । অস্ত্র বিভীতকবৃক্ষস্ত্র দ্বে বৃহত্যো শাখে, অন্ত্রাশ্চাপি যাঃ প্রশাখিকাঃ ক্ষুদ্রশাখাঃ সন্তি, আভ্যাম্ আনয়োর্বৃহচ্ছাখাদ্বয়ক্ষুদ্রশাখাসমূহয়োরিত্যর্থঃ, সমুদায়েন দ্বে ফলসহস্রে বর্ততে, ফলানাং পঞ্চোনমেকং শতমেব চ বর্ততে, তৎ সর্বং প্রচিন্ন অস্থি গণয়েত্যর্থঃ ॥১১॥

তত ইতি । পবোক্ষমসমক্ষমিব, কথসে আত্মশ্লাঘাং করোষি ॥১২॥

সকলে সকল জানে না, সুতবাং কেহই সর্ব্বজ্ঞ নাই । এই জ্ঞানই কখনও একজনে জ্ঞানেব পবিসমাপ্তি থাকে না ॥৮॥

বাহুক ! এই বিভীতকবৃক্ষে যতগুলি পত্র ও ফল আছে এবং ইহাব যতগুলি পত্র ও ফল ভূতলে পতিত হইয়াছে, তাহাব মধ্যে বৃক্ষস্থিত পত্র ও ফল অপেক্ষা পতিত পত্র ও ফলের সংখ্যা একশত অধিক ॥৯॥

তাহাব মধ্যে আবার একটা পত্র ও একটা ফল অধিক (অর্থাৎ বৃক্ষস্থিত পত্র ও ফল অপেক্ষা পতিত পত্র ও ফলের সংখ্যা একশত এক অধিক) । আর, দুইটা শাখাতে পঞ্চকোটি পত্র আছে ॥১০॥

ইহার দুইটা বৃহৎ শাখা এবং অত্র যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র শাখা আছে, তাহাতে দুই সহস্র পঞ্চনবতিটা ফল আছে, ইহা অয়েষণ কবিয়া দেখ” ॥১১॥

(৯)...যানি পত্রাণি...পতিতান্যপি যান্যত্র...বা ব কা । (১০)...একপত্রাধিকঞ্চা...বা ব কা ।

প্রত্যক্ষমেতৎ কর্ত্বাম্মি শাতযিত্বা বিভীতকম্ ।
 অথাত্র গণিতে বাজন্ ! বিদ্বতে ন পবোক্ষতা ॥১৩॥
 প্রত্যক্ষং তে মহাবাজ । শাতযিষ্যে বিভীতকম্ ।
 অহং হি নাভিজানামি ভবেদেবং ন বেতি বা ॥১৪॥
 সংখ্যাশ্চামি ফলান্শ্চ পশ্যতস্তে জনাধিপ ! ।
 মুহূর্তমপি বাষ্ণেযো রশ্মীন্ যচ্ছতু বাজিনাম্ ॥১৫॥
 তমব্রবীন্ পঃ সূতং নাযং কালো বিলম্বিতুম্ ।
 বাহুকস্তুব্রবীদেনং পবং যত্ত্বং সমাস্থিতঃ ॥১৬॥
 প্রতীক্ষস্ব মুহূর্তং ত্বমথবা ত্ববতে ভবান্ ।
 এষ যাতি শিবঃ পস্থা যাহি বাষ্ণেয়সাবথিঃ ॥১৭॥
 অব্রবীদুতপৰ্ণস্তু সান্ত্বয়ন্ কুরুনন্দন । ।
 ত্বমেব যন্তা নাশ্চোহস্তি পৃথিব্যামপি বাহুক । ॥১৮॥

ভাবতকৌমুদী

প্রত্যক্ষমিতি । কর্ত্বাম্মি কবিষ্ণামি, শাতযিত্বা ছিদ্ভা ॥১৩॥
 প্রত্যক্ষমিতি । শাতযিষ্যে ছেৎশ্চামি । নাভিজানামি ইদানীপি ন বুধে ॥১৪॥
 সংখ্যেতি । সংখ্যাশ্চামি গণযিষ্ণামি । পশ্যতস্তে সমীপ এব । যচ্ছতু দধাতু ॥১৫॥
 তমিতি । পবং যত্ত্বং গণনাযামত্যস্তং প্রবৃত্তিম্, সমাস্থিত আশ্রিতঃ ॥১৬॥
 প্রতীতি । যাতি বিদর্ভান্, শিবো নিদেীষঃ, বাষ্ণেয়ঃ সারথির্ষশ্চ সঃ ॥১৭॥

তাহার পর, বাহুক বথ বাথিয়া বাজাকে বলিল—“শক্রদমন বাজা ! আপনি যেন আমার অসমক্ষে আত্মশ্লাঘা কবিতেন ॥১২॥

আমি বিভীতকবৃক্ষ ছেদন কবিয়া ইহা প্রত্যক্ষ কবিব । বাজা ! তাহাব পব গণনা কবিলে আব পবোক্ষতা থাকিবে না ॥১৩॥

মহাবাজ । আপনার সমক্ষেই বিভীতকবৃক্ষ ছেদন কবিব । কাবণ, আমি বুঝিতেছি না যে, এইকপ হইবে কি না ॥১৪॥

নরনাথ ! আপনার সাক্ষাতেই আমি বিভীতকবৃক্ষেব পত্র ও ফল গণনা কবিব , একটু কাল বাষ্ণেয় অশ্ববশি ধাবণ করুক” ॥১৫॥

তখন রাজা বাহুককে বলিলেন—“এটা বিলম্ব করিবার সময় নহে” । বাহুকও গণনার বিষয়ে বিশেষ আগ্রহ কবিয়া বাজাকে কহিল—॥১৬॥

“আপনি একটু কাল অপেক্ষা করুন । অথবা আপনি যদি ব্যস্ত হইয়া থাকেন, তবে এই ভাল পথ সাইতেছে, আপনি বাষ্ণেয়কে সাবথি কবিয়া গমন করুন” ॥১৭॥

ত্বংকৃতে যাতুমিচ্ছামি বিদর্ভান্ হয়কোবিদ ।।
 শরণং ত্বাং প্রপমোহস্মি ন বিপ্লবং কর্তুমর্হসি ॥১৯॥
 কামঞ্চ তে করিষ্যামি যন্মাং বক্ষ্যসি বাহুক ।।
 বিদর্ভান্ যদি যাত্নাচ্চ সূর্য্যং দর্শয়িতাসি মে ॥২০॥
 অথাববৌদ্ধাহুকস্তং সংখ্যায় চ বিভীতকম্ ।
 ততো বিদর্ভান্ যাশ্চামি কুরুশ্চৈবং বচো মম ॥২১॥
 অকাম ইব তং বাজা গণয়শ্চৈতু্যবাচ হ ।
 একদেশঞ্চ শাখায়াঃ সমাদিষ্টং ময়াহনঘ । ॥২২॥
 গণযিত্বাহশ্চতদ্ভুক্ত । ততস্ত্বং প্রীতিমাবহ ।
 সোহবতীর্য্য বথাত্ত্বূর্ণং শাতযামাস তং দ্রুমম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অববৌদিতি । সাঙ্ঘবন্ অনুনঘন্ । যন্তা সাবথিঃ, অগ্গস্তুল্য ইত্যর্থঃ ॥১৮॥

ত্বদিতি । ত্বংকৃতে ত্বম্মিমিত্তমেব । হে হয়কোবিদ । অশ্ববিজ্ঞাবিশাবদ ॥১৯॥

কামমিতি । কামমভীষ্টম্পাদনম্ । যাত্না গত্বা ॥২০॥

অথেতি । সংখ্যায় গণযিত্বা, বিভীতকং বিভীতকবৃক্ষস্ত পত্রং ফলঞ্চ ॥২১॥

অকাম ইতি । ময়া সমাদিষ্টম্ ইদানীমাদিশ্চমানং শাখায়া একদেশং তত্রত্যং ফলং পত্রঞ্চৈত্যর্থঃ
 গণযিত্বা প্রীতিমাবহ, অগ্গথা প্রাগাদিষ্টমস্তগণনে মহান্ বিলম্বো ভবেদিতি ভাবঃ । ততশ্চ
 বাজা কস্তাশ্চিচ্ছাখায়া একদেশস্ত ফলানি পত্রাণি চ ইযুক্তযা নির্দিষ্টবানিতি মন্তব্যম্ । স বাহুকঃ ।
 শাতযামাস চিচ্ছেদ ॥২২—২৩॥

কুকনন্দন । তখন ঋতুপর্ণ অনুনঘ কবিয়া বলিলেন—“বাহুক ! তুমিই উৎকৃষ্ট
 সাবথি, তোমাব মত সাবথি পৃথিবীতে আব নাই ॥১৮॥

অতএব তোমাব জন্মই আমি বিদর্ভদেশে যাইতে ইচ্ছা কবি। অশ্ববিজ্ঞাবিশাবদ !
 আমি তোমাব শরণাপন্ন হইলাম, তুমি বিপ্লব কবিও না ॥১৯॥

বাহুক । আজ তুমি যদি বিদর্ভদেশে যাইয়া পব আমাকে সূর্য্য দেখাইতে
 পাব, তবে তুমি আমাকে যাহা বলিবে, আমি তোমাব সেই কামনাই পূরণ
 কবিব” ॥২০॥

তাহার পব বাহুক রাজাকে বলিল—“আমি বিভীতকবৃক্ষের ফল ও পত্র গণনা
 কবিয়া পবে বিদর্ভদেশে যাইব ; আপনি আমাব এই কথা বক্ষা ককন” ॥২১॥

তখন বাজা যেন অনিচ্ছু হইয়া তাহাকে বলিলেন—“গণনা কব । তবে—

(১৯)....বিদর্ভাং হয়কোবিদ ।...বা ব কা পি । (২০)....বিদর্ভাং যদি...বা ব কা পি ।

(২১)....ততো বিদর্ভান্ . বা ব কা পি । (২২) দ্বিতীয়ার্ধং পি নাষ্টি ।

ততঃ স বিশ্বযাবিষ্টৌ রাজানমিদমব্রবীৎ ।
 গণযিত্বা যথোক্তানি তাবন্ত্যেব ফলানি চ ॥২৪॥
 অত্যদ্ভুতমিদং বাজন্ । দৃষ্টবানস্মি তে বলম্ ।
 শ্রোতুমিচ্ছামি তে বিদ্যাং যথৈতজ্জায়তে নৃপ . ॥২৫॥
 তমুবাচ ততো বাজা ত্ববিতো গমনে নৃপঃ ।
 বিদ্যাক্ষহৃদযজ্ঞং মাং সংখ্যানে চ বিশাবদম্ ॥২৬॥
 বাহুকস্তমুবাচাথ দেহি বিদ্যামিমাং মম ।
 মত্তোহপি চান্থহৃদয়ং গৃহাণ পুরুষৰ্ষভ । ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি । স বাহুকঃ । যথোক্তানি পরং বাজা । চকাবাৎ পত্রানি চ ॥২৪॥
 অত্যদ্ভুতমিতি । বলং দ্রুতগণনাশক্তিম্ । এতেন ইদানীন্তনী সেনাপত্যাদিগতেষং দ্রুতগণন-
 বিদ্যা তদানীমপি ভাবতবর্ষে বিদিতানীদৃতি সর্বথা প্রত্যেতব্যম্ ॥২৫॥
 তমিতি । অক্ষা অমুক্লাঃ প্রতিকূলা বা ভবিষ্যন্তীতি তেবাং তদধিষ্ঠাতৃদেবানাং হৃদযং
 হৃদযভাবং জানাতীতি তম্ । সংখ্যানে অতীবদ্রুতগণনে ॥২৬॥
 বাহুক ইতি । মত্তো মম সকাশাদপি, অস্থহৃদযং তদাখ্যবিদ্যাম্ ॥২৭॥

ভাবতভাবদীপঃ

স ইতি ॥১—২৫॥ অক্ষহৃদযজ্ঞম্ অক্ষণামক্ষাভিমানিদেবতাষা হৃদযবদ্বশীকরণার্থো
 মন্ত্রঃ অক্ষহৃদযম্, যেন জ্ঞাতেন দ্বাতেহক্ষা অমুক্লা ভবন্তি । সংখ্যানে রাশীকৃতানাং পত্র-
 পুষ্পকলধাতাদীনাং রাশ্যামবিস্তারোচ্ছাষাথালোচনেন পাটীগণিতবীত্যা ঝাটিতি তৎসংখ্যা-

হে নিষ্পাপ অশ্বতত্ত্বজ্ঞ ! আমি এখন এই শাখাটাব এক অংশেবই ফল ও
 পত্রের সংখ্যা বলিতেছি, তাহাই তুমি গণনা করিয়া পবে আনন্দ লাভ কব ।'
 (এই বলিয়া বাজা কোন শাখাব এক অংশেব ফল ও পত্রের সংখ্যা বলিলেন ।)
 তাহার পব বাহুক সত্ত্বর বথ হইতে অবতীর্ণ হইয়া সেই বিভীতকবৃক্ষ ছেদন
 কবিল ॥২২—২৩॥

তাহার পব—রাজা সেই শাখাব সেই অংশেব যত পত্র ও ফলেব সংখ্যা বলিয়া-
 ছিলেন, তত ফল ও তত পত্রই গণনা কবিয়া দেখিয়া, বাহুক বিশ্বযাপন্ন হইয়া বাজাকে
 এই কথা বলিল—॥২৪॥

“রাজা । আপনাব এই শক্তি অতি অদ্ভুতই দেখিলাম । অতএব আপনাব এই
 বিদ্যাটা আমি জানিতে ইচ্ছা কবি, যাহা দ্বারা এইকপ জানা যায়” ॥২৫॥

তৎপবে ঋতুপর্ণবাজা গমনে ত্ববান্বিত হইয়া বাহুককে বলিলেন—“বাহুক ! তুমি
 অবগত হও যে, আমি অক্ষহৃদয জানি এবং দ্রুতগণনায় অত্যন্ত নিপুণ” ॥২৬॥

ঋতুপর্ণস্ততো রাজা বাহুকং কার্য্যগৌববাৎ ।
 হযজ্ঞানস্য লোভাচ্চ তং তথৈত্যব্রবীদ্বচঃ ॥২৮॥
 যথোক্তং ত্বং গৃহাণেদমক্ষাণাং হৃদয়ং পরম্ ।
 নিক্ষেপো মেহং হৃদয়ং ত্বয়ি তিষ্ঠতু বাহুক । ।
 এবমুক্ত্বা দর্দৌ বিত্য়ামৃতপর্ণো নলায বৈ ॥২৯॥
 তস্মাক্ষহৃদয়জ্ঞস্য শবীবান্নিঃসৃতঃ কলিঃ ।
 কর্কোটকবিষং তীক্ষ্ণং মুখাৎ সততমুদ্রমন্ ॥৩০॥
 কলেস্তস্য তদার্তস্য শাপাগ্নিঃ স বিনিঃসৃতঃ ।
 স তেন কর্ষিতো রাজা দীর্ঘকালমনাত্ত্ববান্ ॥৩১॥

ভাবতকৌমুদী

ঋত্বিতি । কার্য্যগৌববাৎ অনেন গুরুতরং কার্য্যং সাধয়িত্বামীতি সম্ভাবনাৎ ॥২৮॥

যথৈতি । অক্ষাণাং হৃদয়ম্ অক্ষবিভ্যাম্ । বিভাং দ্বিবিধামেব । ষট্‌পাদমিদং পঞ্চম্ ॥২৯॥

তস্মৈতি । অক্ষহৃদয়জ্ঞতয়া-নলো ঋবমেব পুরুবান্নিজরাজ্যমুদ্বিষ্ণতি । তেন চ নলশরীরে
 ইদানীমবস্থানে কেবলবিবজ্জালাভোগ এবৈতি মত্বা কলিনিঃসৃত ইতি বোধ্যম্ ॥৩০॥

ভাবতভাবদীপঃ

বথনে ॥২৬—২৮॥ অনযোর্মধ্যেহক্ষাণাং হৃদয়ং পরং শ্রেষ্ঠম্, ইতবৎ তু ত্বয়াহপি জ্ঞায়ত
 ইতি ভাবঃ । ঋতুঃ কালঃ, তদ্বচ্ছীভ্রগামি পর্ণং প্লিষতে ব্যাপ্রিয়তে ব্যাঘচ্ছতে দেশান্তর-
 মনেনেতি পর্ণঃ বাহনং যশ্চেতি ঋতুপর্ণনামনিকঙ্কিতঃ, অত্রো তু ঋতানি সত্যানি গণিতানি
 পর্ণানি যশ্চেতি পাঠান্তরং বিপ্রকল্পা ব্যাকুর্বতে ॥২৯॥ তস্মাক্ষহৃদয়জ্ঞশ্চেতি । সর্বেবাং
 মজ্ঞাণাং তদ্বা মনোমবকোবাখ্যঃ সূত্রাত্মা, অতএব জ্ঞ প্রকৃত্য শ্রযতে—“তস্ম যজ্ঞুরেব
 শিরঃ ঋগ্‌দক্ষিণঃ পক্ষঃ সামোক্তবঃ পক্ষ” ইত্যাদি । তমজ্ঞানস্তং হি অত্যন্তং ধর্ম্মিষ্ঠমপি

তাহার পব, বাহুক রাজাকে বলিল—“হে পুরুষশ্রেষ্ঠ ! আপনি আমাকে এই
 বিত্তাটী দান করুন এবং আমার নিকট হইতে অশ্ববিত্তা গ্রহণ করুন” ॥২৭॥

তদনন্তব ঋতুপর্ণবাজা ‘ইহা দ্বারা গুরুতব কার্য্য হইবে’ এইকপ ভাবিয়া এবং
 অশ্ববিত্তাব লোভে বাহুককে বলিলেন যে, “তাহাই হউক ॥২৮॥

বাহুক ! তুমি এই উত্তম অক্ষহৃদয় গ্রহণ কব ; আব আমার অশ্বহৃদয়
 তোমাত্তেই গচ্ছিত থাক ।” এই কথা বলিয়া ঋতুপর্ণবাজা নলকে সংখ্যাবিত্তা ও
 অক্ষবিত্তা দান করিলেন ॥২৯॥

নল অক্ষবিত্তা জানিবামাত্র, কলি আপন মুখ হইতে অনবরত কর্কোটকনাগেব
 তীক্ষ্ণ বিষ উদগাব কবিত্তে কবিত্তে নলেব শবীব হইতে নির্গত হইলেন ॥৩০॥

বিষপীড়িত কলির শবীর হইতেও কর্কোটকবিষকপ দমযন্তীদন্ত শাপাগ্নি

ততো বিষবিমুক্তাত্মা স্বং কপমকবোৎ কলিঃ ।
 তং শপ্তু মৈচ্ছৎ কুপিতো নিষধাপতিনলঃ ॥৩২॥
 তম্বাচ কলিভীতো বেপমানঃ কৃতাঞ্জলিঃ ।
 কোপং সংযচ্ছ নৃপতে । কীর্ত্তিং দাশ্ৰামি তে পবাম্ ॥৩৩॥
 ইন্দ্রসেনশ্চ জননী কুপিতা মাহশপৎ পুবা ।
 যদা ত্বয়া পবিত্যক্তা ততোহহং ভৃশপীড়িতঃ ॥৩৪॥
 অবসং ত্বয়ি বাজেন্দ্র । স্তুত্বঃখমপবাজিত ! ।
 বিষেণ নাগরাজশ্চ দহমানো দিবানিশম্ ॥৩৫॥
 শবণং ত্বাং প্রপন্নোহস্মি শৃণু চেদং বচো মম ।
 যে চ ত্বাং মনুজা লোকে কীর্ত্তিযস্যন্ত্যতক্রিতাঃ ॥৩৬॥
 মৎপ্রসূতং ভয়ং তেষাং ন কদাচিদ্ধবিষ্যতি ।
 তযার্ত্তং শবণং যাতং যদি ত্বাং ত্বং ন শপ্স্যসে ॥৩৭॥ (সুগন্ধকম্)

ভাবতকৌমুদী

কলেৱিতি । শাপায়ির্দময়স্তীদন্তঃ, স কর্কোটকবিষভূতঃ, বিনিঃসৃতঃ কলিদেহাদপি নির্গতঃ,
 দণ্ডদানেনোপক্ষীণত্বাৎ । তেন কলিনা, রাজা নলঃ, অনাস্ত্রবান্ মুচোহভূৎ ॥৩১॥
 তত ইতি । শপ্তু মৈচ্ছৎ, প্রত্যক্ষতো লাভাদিতি ভাবঃ ॥৩২॥
 - তমিতি । বেপমানঃ কম্পমানঃ । সংযচ্ছ উপসংহব । পরামত্যস্তাম্ ॥৩৩॥
 মম শাপদণ্ডস্ত জাত এবত্যাহ—ইন্দ্রেতি । ইন্দ্রসেনশ্চ জননী দময়ন্তী, মা মাম্ ॥৩৪॥
 অবসমিতি । অবসং স্থিতবান্, ত্বয়ি তব শবীবে, স্তুত্বঃখমতিত্বঃখম্ ॥৩৫॥
 শরণমিতি । প্রপন্নঃ প্রাপ্তঃ । অতক্রিতাঃ সাবধানাঃ । মমা প্রসূতং কৃতম্ ॥৩৬—৩৭॥

নির্গত হইয়া গেল । এদিকে কলিকর্ত্তৃক অধিষ্ঠিত নলরাজ্য দীর্ঘকাল যাবৎ মোহিত
 ছিলেন ; (তিনি এখন প্রকৃতিস্থ হইলেন) ॥৩১॥

তাহাব পব, কলি বিষবিমুক্ত হইয়া আপন কপ প্রকাশ কবিলেন , অমনি নলও
 কুপিত হইয়া তাঁহাকে অভিসম্পাত কবিতে ইচ্ছা কবিলেন ॥৩২॥

তখন কলি ভীত, কম্পিত ও কৃতাঞ্জলি হইয়া নলকে বলিলেন—“বাজা । আপনি
 ক্রোধ সংবরণ ককন, আমি আপনাকে উত্তম কীর্তি দান কবিব ॥৩৩॥

আপনি পূর্বে যখন দময়ন্তীকে পবিত্যাগ কবিয়াছিলেন, তখন তিনি কুপিত
 হইয়া আমাকে অভিসম্পাত কবিয়াছিলেন, তাহাতেই আমি অত্যন্ত পীড়িত হইয়া-
 ছিলাম ॥৩৪॥ ;

এবং নাগবান্ধ কর্কোটকের বিষে দিবাবাত্র দগ্ধ হইতে থাকিয়া আপনাব শরীবে
 অতিদুঃখে বাস কবিতেছিলাম ॥৩৫॥

(৩৪)....কুপিতা মাং শপৎ পুবা...বা ব কা ।

এবমুক্তো নলো বাজা ন্যযচ্ছং কোপমান্বনঃ ।
 ততো ভীতঃ কলিঃ ক্ষিপ্রং প্রবিবেশ বিভীতকম্ ॥৩৮॥
 কলিস্ত্বন্যৈস্তদাহৃদ্যঃ কথয়ন্ নৈষধেন বৈ ।
 ততো গতজ্বরো বাজা সংখ্যায়াশ্চ ফলান্যুত ॥৩৯॥
 মুদা পবময়া যুক্তস্তেজসাম চ পবেণ বৈ ।
 বথমারুহ তেজস্বী প্রযর্ঘো জবনৈর্হয়ৈঃ ।
 বিভীতকশ্চাপ্রশস্তঃ সংবৃত্তঃ কলিসংশ্রয়াৎ ॥৪০॥ (যুগ্মকম্)
 হয়োত্তমানুৎপততো দ্বিজানিব পুনঃ পুনঃ ।
 নলঃ সঞ্ছোদযামাস প্রহৃষ্টেনান্তবাত্মনা ॥৪১॥

ভারতকৌমুদী

এবমিতি । ন্যযচ্ছং সংবৃত্তবান্, পবোপচিকীর্ষাবশাদিতি ভাবঃ ॥৩৮॥
 কলিরিতি । অত্রৈঃ ঋতুপর্ণাদিভিঃ, অদৃশ্যো দেবপ্রভাবাদিত্যাশয়ঃ । নৈষধেন নলেন
 সহ । গতজ্বরো বিগতকলিসস্তাপঃ, অশ্চ বিভীতকশ্চ । জবনৈর্বেগবন্তিঃ । ঘটুপাদমিদং
 পদ্যম্ ॥৩৯—৪০॥
 হযেতি । দ্বিজানু খগানিব, পুনঃ পুনঃ, উৎপতত উড্ডমমানানিব ॥৪১॥

ভাবতভাবদীপঃ

কলির্বাধতে ন তু মন্ত্রজমিতি ভাবঃ ॥৩০॥ শাপায়ির্দমযন্তীনিষ্কৃষ্টঃ, স বিষকপঃ, অনাত্মবান্
 হৃদযশ্শ্রো মৃত ইত্যর্থঃ ॥৩১—৩৮॥ অদৃশ্য ইতি ছেদঃ, কথয়ন্ কথায় কুর্ক্বন্ । ফলানি

এখন আমি আপনার শবণাগত হইলাম, আপনি আমাব এই কথা শ্রবণ
 করুন—“আমি ভয়ার্ত্ত ও শবণাগত, এই অবস্থায় আপনি যদি আমাকে অভিসম্পাত
 না কবেন, তবে জগতে যে সকল লোক মনোযোগী হইয়া আপনার নাম কীর্ত্তন
 কবিবে, তাহাদের কখনও আমাব ভয় হইবে না” ॥৩৬—৩৭॥

কলি এইরূপ বলিলে, নলবাজা নিজেব ক্রোধ সংবরণ কবিলেন । তাহার পব
 কলি ভীত হইয়া তৎক্ষণাৎ বিভীতকবৃক্ষে প্রবেশ কবিলেন ॥৩৮॥

কলি যখন নলেব সহিত কথা বলিতেছিলেন, তখন তিনি অন্বেষ অদৃশ্য ছিলেন ।
 তাহার পব, নলবাজা সন্তাপবিহীন হইয়া, বিভীতকবৃক্ষেব ফলগুলিকে গণনা কবিয়া,
 অত্যন্ত আনন্দিত ও উৎসাহী হইয়া, বথে আরোহণ করিয়া, বেগবান্ অশ্বগুলিদ্বাৰা
 গমন কবিতে লাগিলেন । এদিকে কলিব সংস্রব হওয়ায বিভীতকবৃক্ষ অপ্রশস্ত
 হইয়া গেল ॥৩৯—৪০॥

উৎকৃষ্ট অশ্বগুলি পক্ষীব ন্যায় বার বার যেন আকাশে উঠিতে লাগিল : এই
 অবস্থায় নল আনন্দিতচিত্তে সেগুলিকে চালাইতে লাগিলেন ॥৪১॥

বিদৰ্ভাভিমুখো বাজা প্রযযৌ স মহাযশাঃ ।

নলে তু সমতিক্রান্তে কলিবপ্যগমদগৃহম্ ॥৪২॥

ততো গতজুরো বাজা নলোহভূৎ পৃথিবীপতিঃ ।

বিমুক্তঃ কলিনা বাজন্ । রূপমাত্রবিযোজিতঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপৰ্ব্বণি
নলোপাখ্যানেন নলকলিত্যাগে ঊনষষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥ *

—:~:—

ষষ্টিতমোহধ্যায়ঃ ।

—:~:—

বৃহদশ্ব উবাচ ।

ততো বিদৰ্ভান্ সংপ্রাপ্তং সায়াহ্নে সত্যবিক্রমম্ ।

ঋতুপৰ্ণং জনা বাজে ভীমায় প্রত্যবেদয়ন্ ॥১॥

ভাবতকৌমুদী

বিদৰ্ভেতি । বাজা নলঃ । গৃহমগমৎ, বিভীতকে স্থিত্যনাবশুকত্বাৎ ॥৪২॥

তত ইতি । গতজুরো বিগতসস্তাপঃ । রূপমাত্রবিযোজিতঃ স্থিতোহভূৎ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপৰ্ব্বণি নলোপাখ্যানেন ঊনষষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥

—:~:—

তত ইতি । জনাঃ পশুস্তো বিদৰ্ভদেশীষলোকাঃ । প্রত্যবেদয়ন্ হ্রবেদয়ন্ ॥১॥

ভাবতভাবদীপঃ

সংখ্যায অক্ষবিদ্যাসামর্থ্যাৎ রাশেরায়ামাদিকমনালোচ্যবেতি ভাবঃ ॥৩২—৪০॥ দ্বিজানিব পক্ষিণ
ইব ॥৪১—৪৩॥

ইতি শ্রীমহাভারতে বনপৰ্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোহধ্যায়ঃ ॥০২॥

—:~:—

এইভাবে মহাযশা নলবাজা বিদৰ্ভদেশাভিমুখে বাইতে লাগিলেন ; তিনি চলিয়া
গেলে কলিও আপন গৃহে গমন কবিলেন ॥৪২॥

রাজা ! তদনন্তর নলবাজা কলিবিমুক্ত হইয়া সস্তাপবিহীন হইলেন বটে, কিন্তু
(বিষেব প্রভাবে) সেই বিকপই থাকিয়া গেলেন” ॥৪৩॥

—:~:—

বৃহদশ্ব বলিলেন—“তাহাব পর, যথার্থবিক্রমশালী ঋতুপৰ্ব্ববাজা সায়াহ্ন-

* ‘...দ্বিসপ্ততিতমঃ...’ বা ব কা, ‘...একসপ্ততিতমঃ...’ পি, ‘...সপ্ততিতমঃ...’ নি ।

(১) ততো বিদৰ্ভান্...বা ব কা পি ।

বন-৮০ (৭)

স ভীমবচনাদ্রোজা কুণ্ডিনং প্রাবিশৎ পুৰুষ ।
 নাদযন্ বথঘোষণে সৰ্ব্বাঃ সবিদিশো দিশঃ ॥২॥
 ততস্তং বথনির্ঘোষণং নলাশ্বাস্তত্র শুশ্রুবুঃ ।
 শ্রুত্বা তু সমহৃগ্যস্ত পুবেব নলসন্নিধৌ ॥৩॥
 দময়ন্তী চ শুশ্রাব বথঘোষণং নলস্য তম্ ।
 যথা মেঘস্য নদতো গন্তীবং জলদাগমে ॥৪॥
 পবং বিশ্বম্যাপন্ন শ্রুত্বা নাদং মহাস্বনম্ ।
 নলেন সংগৃহীতেষু পুবেন নলবাজিষু ।
 সদৃশং বথনির্ঘোষণং মেনে ভৈমী তথা হয়ঃ ॥৫॥
 প্রাসাদস্বাশ্চ শিখিনঃ শালাস্বাশ্চৈব বাবণাঃ ।
 হযাশ্চ শুশ্রুবুস্তস্য বথঘোষণং মহীপতেঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি । রাজা ঋতুপর্ণঃ । বিদিগ্ভির্দিশামস্তরালৈঃ সহেতি সবিদিশঃ ॥২॥
 তত ইতি । যে কিল নলস্য পুত্রকণ্ঠে অনীষ তত্রাতিষ্ঠন, তে নলাশ্বাঃ ॥৩॥
 দময়ন্তীতি । নদতো গর্জতঃ, গন্তীবং বথঘোষণম্, জলদাগমে বর্ষাকালে ॥৪॥
 পবমিতি । পুবা নলেন সংগৃহীতেষু নলবাজিষু মহাস্বনমিবি, তং নাদং শ্রুত্বা পরং বিশ্বম্যাপন্ন
 ভৈমী, নলবথনির্ঘোষণম্ সদৃশং তং বথনির্ঘোষণং মেনে, হয়াস্তত্রত্যনলাশ্বাশ্চ তথা তৎসদৃশমেব
 মেনিবে । বটপাদোহযং শ্লোকঃ ॥৫॥

কালে বিদর্ভদেশে উপস্থিত হইলেন ; তখন তত্রত্য লোকেরা যাইবা ভীমবাজাকে
 সেই সংবাদ জানাইল ॥১॥

তৎপবে ঋতুপর্ণবাজা ভীমবাজাব অন্তর্মতিক্রমে বথশব্দে সমস্ত দিক্‌ ও বিদিক্‌
 নিনাদিত কবিষা কুণ্ডিননগবে প্রবেশ কবিলেন ॥২॥

তখন নলেব যে সকল অশ্ব পূর্বে সেখানে আসিয়াছিল, তাহাবা সেই বথশব্দ
 শুনিব এবং শুনিয়া—পূর্বে নলেব নিকটে যেমন আনন্দিত হইত, সেইরূপই
 আনন্দিত হইল ॥৩॥

দময়ন্তীও বর্ষাকালে মেঘগর্জনেব ত্রায় গন্তীব সেই নলরথের নির্ঘোষণ শুনিতে
 পাইলেন ॥৪॥

পূর্বে নল তাহাব অশ্ব ধাবণ কবিলে রথের যেমন গন্তীর শব্দ হইত, সেইরূপ
 গন্তীর শব্দ শুনিয়া দময়ন্তী অত্যন্ত বিশ্বম্যাপন্ন হইলেন এবং নলরথের শব্দের তুল্যই
 সেই বথের শব্দ মনে কবিলেন, তত্রত্য অশ্বগুলিও তাহাই মনে করিল ॥৫॥

তে শ্ৰুত্বা রথনির্ঘোষণং বাবণাঃ শিখিনস্তথা ।

প্রণেতুস্তনুখা বাজন্ । মেঘনাদ ইবোৎসুকাঃ ॥৭॥

দময়ন্ত্যবাচ ।

যথাসৌ রথনির্ঘোষণং পূবযন্নিব মেদিনীম্ ।

মমাহ্লাদযতে চেতো নল এষ মহীপতিঃ ॥৮॥

অনু চন্দ্রাভবক্ত্ৰং তং ন পশ্যামি নলং যদি ।

অসংখ্যেবগুণং বীরং বিনঙ্ক্যামি ন সংশয়ঃ ॥৯॥

যদি চৈতস্ত বীরস্ত বাহোনাঢ়াহমন্তরম্ ।

প্রবিশামি স্মৃথস্পর্শং ন ভবিষ্যাম্যসংশয়ম্ ॥১০॥

যদি মাং মেঘনির্ঘোষো নোপগচ্ছতি নৈবধঃ ।

অনু চামীকরপ্রথ্যঃ প্রবেক্ষ্যামি হতাশনম্ ॥১১॥

ভাবতকৌমুদী

প্রাসাদেতি । শিখিনো মঘুরাঃ, বাবণা হস্তিনঃ, হবা অখাশ ॥৬॥

র্ত ইতি । তনুখাস্তদভিমুখাঃ । মেঘগর্জনে হস্তিনো মঘুবাশ নদস্তীতি প্রসিদ্ধিঃ ॥৭॥

যথেতি । তথা এষ নলো মহীপতির্যেব, অস্ত্রেদৃশরথনির্ঘোষাস্তব্যাৎ ॥৮॥

অথেতি । চন্দ্রাভবক্ত্ৰং চন্দ্রতুল্যমুখম্ । বিনঙ্ক্যামি মরিষ্যামি হতাশত্বাৎ ॥৯॥

যদীতি । অন্তবং মধ্যদেশম্ । ন ভবিষ্যামি ন হ্যশ্যামি, অসে: প্রয়োগাৎ ॥১০॥

যদীতি । মেঘস্তেব নির্ঘোষো গন্তীরস্বরো যশ্চ সঃ । চামীকরপ্রথ্যঃ স্বর্ণবর্ণঃ ॥১১॥

এবং অট্টালিকাস্থ মঘুরগণ, হস্তিশালাস্থ হস্তিগণ ও অখশালাস্থ অশ্বগণ নল-
বাজার সেই রথশব্দ শুনিতে পাইল ॥৬॥

বাজা । সেই হস্তিগণ ও মঘুরগণ সেই বথের শব্দ শুনিয়া, মেঘগর্জনের সময়ে
যেমন কবে, তেমনই উৎকণ্ঠিত ও তদভিমুখ হইয়া কণ্ঠধ্বনি কবিত্তে লাগিল ॥৭॥

দময়ন্তী (মনে মনে) বলিতে লাগিলেন—‘যখন ঐ রথশব্দ পৃথিবী পূর্ণ কবিয়াই
যেন আমাব চিত্ত আনন্দিত কবিত্তেছে, তখন ইনি নলবাজাই হইবেন ॥৮॥

আজ চন্দ্রবদন ও অসংখ্য গুণসম্পন্ন সেই বীব নলকে যদি দেখিতে না পাই, তবে
নিশ্চয়ই মরিয়া যাইব ॥৯॥

আজ যদি সেই বীরেব স্মৃথস্পর্শ বাহুযুগলেব ভিতবে প্রবেশ কবিত্তে না পাবি,
তবে আমি নিশ্চয়ই আব বাঁচিব না ॥১০॥

(৭) তচ্শ্ৰুত্বা রথনির্ঘোষণম্... বা ব কা নি । (৯) অথ চন্দ্রাভ...বা ব কা । (১১)...অনু
চামীকরপ্রথ্যম্...বা ব কা ।

যদি মাং সিংহবিক্রান্তো মত্তবাবণবিক্রমঃ ।
 নাভিগচ্ছতি বাজেস্ত্রো বিনঙ্ক্যামি ন সংশয়ঃ ॥১২॥
 ন স্মবাম্যনৃতং কিঞ্চিন্ন স্মবাম্যপকাবতাম্ ।
 ন চ পযুর্যুযিতং বাক্যং স্নৈবেষপি কদাচন ॥১৩॥
 প্রভুঃ ক্ষমাবান্ বীরশ্চ দাতা চাত্যধিকো নৃপৈঃ ।
 বহোহনীচানুবর্তী চ ক্লীববন্মম নৈষণঃ ॥১৪॥
 গুণাংস্তস্য স্মবন্ত্যা মে তৎপবাযা দিবানিশম্ ।
 হৃদয়ং দীর্ঘ্যত ইদং শোকাৎ প্রিয়বিনাকৃতম্ ॥১৫॥

ভারতকৌমুদী

যদীতি । মত্তবাবণবিক্রমো মত্তহস্তিতুল্যবিক্রমশালী । বাজেস্ত্রো নলঃ ॥১২॥

নেতি । অহং কিঞ্চিদপি অনৃতং নলেন সহ মিথ্যাব্যবহৃতম্, ন স্মবামি, অপকারতাং
 মৎকৃতমপকাবমপি চ ন স্মরামি । স্বার্থে তপ্রত্যয়ঃ । তথা কদাচন স্নৈবেষপি স্বচ্ছন্দব্যবহারেষপি,
 বাক্যং তদীষমাদেশম্, পযুর্যুযিতং পবদিনে মযা সম্পাদিতং ন চ স্মরামি ॥১৩॥

প্রভুবৃতি । মম নৈষণো নলঃ, প্রভুঃ প্রভাবান্, ক্ষমাবান্, বীরঃ, নৃপৈরপবনৃপৈঃ অভ্য-
 ধিকো দাতা, বহসি নির্জনেহপি অনীচানুবর্তী নীচকার্যাকর্তা, তথা ক্লীববৎ পরদাবেষু নপুংসক-
 বদ্বর্জতে, অনিচ্ছুত্বৈবাক্ষমত্বাদিতি ভাবঃ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

তত ইতি ॥১-২॥ নলাশ্বাঃ বিদর্ভনগবে যে দমযন্ত্যাপত্যাভ্যাং সহ প্রেথিতাঃ ॥৩-৬॥
 শিথিনো মযুবাঃ, মেঘধ্বনিতভ্রমাচ্ছুক্ৰুস্তঃ ॥৭-১২॥ পযুর্যুযিতং প্রতিজ্ঞাতকালাতিলজি ॥১৩॥

মেঘেব গ্ৰায় গন্তীব স্বব এবং স্বর্ণের গ্ৰায় গোববর্ণ নল যদি আজ আমার নিকটে
 না আসেন, তাহা হইলে আমি অগ্নিতে প্রবেশ কবিব ॥১১॥

সিংহেব গ্ৰায় বিক্রমশালী এবং মত্তহস্তীব গ্ৰায় পবাক্রমসম্পন্ন বাজশ্রেষ্ঠ নল যদি
 আজ আমার নিকটে না আসেন, তবে নিশ্চয়ই মবিব ॥১২॥

কখনও তাঁহাব সহিত কোন মিথ্যা ব্যবহার কবিয়াছি বলিয়া স্ববণ হয় না, কোন
 অপকাব কবিয়াছি বলিয়াও মনে হয় না এবং ইচ্ছানুকূপ ব্যবহাবেও তাঁহাব আদেশ
 বিলম্বে সম্পাদন কবিয়াছি বলিয়া ধাবণা হয় না ॥১৩॥

আমাব নল প্রভাবশালী, ক্ষমাগুণসম্পন্ন, বীর, অত্র বাজা অপেক্ষা অধিক দাতা,
 গোপনেও কোন নীচকার্য্য কবেন না এবং পবস্ত্রীর নিকটে সর্বদাই নপুংসকের গ্ৰায়
 থাকেন ॥১৪॥

আমি দিবাবাত্রি তাঁহাবই গুণ স্ববণ কবিয়া থাকি এবং তাঁহাতেই আসক্ত
 বহিয়াছি ; সুতরাং তাঁহাব বিচ্ছেদে আমার এই হৃদয় শোকে বিদীর্ণ
 হইতেছে ॥১৫॥

এবং বিলপমানা সা নষ্টসংজ্ঞেব ভবত ! ।
 আরুৰোহ মহদেশ্ম পুণ্যল্লোকদিদৃক্ষয়া ॥১৬॥
 ততো মধ্যমকক্ষায়াং দদর্শ বথমাস্থিতম্ ।
 ঋতুপৰ্ণং মহীপালং সহবাক্ষেৰ্ণবাহুকম্ ॥১৭॥
 ততোহবতীৰ্য্য বাৰ্ষেৰ্যো বাহুকশ্চ বথোত্তমাৎ ।
 হয়াংস্তানবমুচ্যাথ স্থাপয়ামাসতু বথম্ ॥১৮॥
 সোহবতীৰ্য্য বথোপস্থাদৃতুপর্ণো নবাধিপঃ ।
 উপতস্থে মহাবাজং ভীমং ভীম শরাক্রমম্ ॥১৯॥
 তং ভীমঃ প্রতিজগ্রাহ পূজয়া পরয়া ততঃ ।
 স তেন পূজিতো বাজ্ঞা ঋতুপর্ণো নবাধিপঃ ॥২০॥
 স তত্র কুণ্ডিনে বম্যে বসমানো মহীপতিঃ ।
 ন চ কিঞ্চিত্তদাহপশ্যৎ শ্রেক্ষমাণো মুহুৰ্মুহুঃ ॥২১॥

ভাবতকৌমুদী

শুণানিতি । তৎপবাষা নলাসক্তায়াঃ । শ্রিষবিনাকৃতং নলবিবহিতম্ ॥১৫॥
 এবমিতি । মহদেশ্ম উচ্চসৌধোপবি, পুণ্যল্লোকস্ত নলস্ত দিদৃক্ষয়া ॥১৬॥
 তত ইতি । আস্থিতম্ভাক্রমম্ । বাৰ্ষেৰ্ণবাহুকাভ্যাং সহেতি সহবাক্ষেৰ্ণবাহুকম্ ॥১৭॥
 তত ইতি । তান্ বথযোজিতান্, হযানশান্, অবমুচ্য বথাৎ প্রচাৰ্য্য ॥১৮॥
 স ইতি । বথোপস্থায়ং বথমধ্যাৎ । উপতস্থে উপগতবান্ ॥১৯॥
 তমিতি । পূজয়া সম্মানেন, পবষা অধিকষা । তেন ভীমেন, পূজিতোহভূৎ ॥২০॥
 স ইতি । বসমানো বসন্, মহীপতিঃ ঋতুপর্ণঃ । কিঞ্চিৎ স্বয়ংববাক্ষোজনম্ ॥২১॥

ভবতনন্দন ! দময়ন্তী এইকপ বিলাপ কবিয়া, লুপ্তচৈতন্ত্ৰেব ত্রায় হইয়া, নলকে দেখিবার ইচ্ছায় উচ্চ অট্টালিকাব উপবে আবোহণ কবিলেন ॥১৬॥

তাহাব পব তিনি দেখিলেন—বাডীৰ মধ্যম মহলে বথ আসিয়াছে, তাহাতে বাৰ্ষেৰ্ণ ও বাহুকেব সহিত ঋতুপৰ্ণবাজ্ঞা বহিয়াছেন ॥১৭॥

তৎপবে বাৰ্ষেৰ্ণ ও বাহুক সেই উত্তম বথ হইতে নামিয়া, সেই অশ্বগুলিকে মুক্ত কবিয়া, বথখানাকে স্থাপিত কবিল ॥১৮॥

তদনন্তব ঋতুপৰ্ণবাজ্ঞা বথ হইতে নামিয়া ভীমপবাক্রম মহাবাজ ভীমেব নিকট উপস্থিত হইলেন ॥১৯॥

তখন ভীমরাজা বিশেষ সম্মান কবিয়া ঋতুপৰ্ণবাজ্ঞাকে গ্রহণ কবিলেন এবং পবেও সম্মান কবিতে লাগিলেন ॥২০॥

স তু বাজ্ঞা সমাগম্য বিদর্ভপতিনা তদা ।
 অকস্মাৎ সহসা প্রাপ্তং স্ত্রীমন্ত্রং ন স্ম বিন্দতি ॥২২॥
 কিং কার্য্যং স্বাগতং তেহস্ত বাজ্ঞা পৃষ্ঠশ্চ ভাবত ! ।
 নাভিজজ্ঞে স নৃপতির্হুহিত্রর্থং সমাগতম্ ॥২৩॥
 ঋতুপর্ণেহর্ষাপ রাজা স ধীমান্ সত্যপবাক্রমঃ ।
 বাজানং রাজপুত্রং বা ন স্ম পশ্যতি কঞ্চন ॥২৪॥
 নৈব স্বয়ংববকথাং ন চ বিপ্রসমাগমম্ ।
 ন চান্যং কিঞ্চিদারম্ভং স্বয়ংবববিধিং প্রতি ॥২৫॥ (যুগ্মকম্)
 ততো বিগণয়ন্ বাজা মনসা কোশলাধিপঃ ।
 আগতোহস্মীতু্যবার্চেনং ভবন্তমভিবাদকঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

স ইতি । স ঋতুপর্ণস্ত তদা বিদর্ভপতিনা রাজা ভীমেন সহ সমাগম্য মিলিত্বা, সহসা
 বুদ্ধিবলেন, “সহো বলং সহা মার্গঃ” ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী, প্রাপ্তমতীতম্, স্ত্রীষোর্দগম্যস্তীত্ন্যাত্নোঃ
 মন্ত্রং গুপ্তমন্ত্রণাম্, অকস্মাৎ হঠাৎ বিন্দতি স্ম ন বুধ্যতে স্ম ॥২২॥

কিমিতি । হে ভারত । রাজা ভীমেন চ ‘তে স্বাগতমস্ত’ ইত্যুক্তেতি শেষঃ, কিং কার্য্যম্
 অত্রাগমনে তব কিং প্রযোজনম্, ইতি পৃষ্ঠ ঋতুপর্ণঃ । যেন হি স নৃপতির্ভীমঃ, হুহিত্রর্থং দমযস্ত্যাঃ
 স্বয়ংববার্থম্, ঋতুপর্ণস্ত সমাগতং নাভিজজ্ঞে ॥২৩॥

ঋদ্বিতি । রাজানং বাজপুত্রং বা স্বয়ংববার্থমাগতমিতি ভাবঃ । আরম্ভমায়োজনম্ ॥২৪—’৫।
 তত ইতি । বিগণয়ন্ বিচারয়ন্ । কোশলাধিপ ঋতুপর্ণঃ । এনং ভীমম্ । অভি-

ঋতুপর্ণবাজা সেই মনোহব কুণ্ডিনমগবে অবস্থান কবতঃ, বাব বাব চতুর্দিকে
 দৃষ্টিপাত কবিয়া স্বয়ংববেব কিছুই দেখিতে পাইলেন না ॥২১॥

ঋতুপর্ণবাজা তখন ভীমরাজাব সহিত মিলিত হইয়া কেবল বুদ্ধিবলে হঠাৎ
 দমযস্তী ও তাঁহার মাতাব পূর্ব্ব মন্ত্রণা বুঝিতে পাবিলেন না ॥২২॥

ভরতনন্দন । ‘আপনার শুভাগমন হউক’ এই কথা বলিয়া ভীমবাজাও ঋতুপর্ণ-
 রাজাকে জিজ্ঞাসা কবিলেন যে, আপনাব এখানে আসিবাব কারণ কি ? কাবণ,
 ভীমবাজা জানিতেন না যে, ঋতুপর্ণরাজা দমযস্তীর জন্তই আসিয়াছেন ॥২৩॥

বুদ্ধিমান্ ও যথার্থবিক্রমশালী ঋতুপর্ণবাজাও কোন রাজা, রাজপুত্র, ব্রাহ্মণ-
 সমাগম, বা স্বয়ংববেব কোন আযোজন দেখিতে পাইলেন না, কিংবা স্বয়ংববের কোন
 কথাও শুনিতে পাইলেন না ॥২৪—২৫॥

রাজাপি চ স্ময়ন্ ভীমো মনসা সমচিন্তয়ৎ ।
 অধিকং যোজনশতং তস্মাগমনকাবণম্ ॥২৭॥
 বাজ্ঞশ্চান্য়ানতিক্রম্য প্রাপ্তোহয়মভিবাদকঃ ।
 গ্রামান্ বহুনতিক্রম্য নাধ্যগচ্ছদ্যথাতথম্ ॥২৮॥
 অথ কার্যং বিনির্দিষ্টং তস্মাগমনকারণম্ ।
 পশ্চাত্তদর্কে জ্ঞাস্তামি কাবণং যদ্ববিষ্যতি ॥২৯॥
 নৈতদেবং স নৃপতিস্তং সংকৃত্য ব্যসর্জ্জযৎ ।
 বিশ্রাম্যতামিত্যুবাচ ক্লাস্তোহসীতি পুনঃ পুনঃ ॥৩০॥

ভাবতকৌমুদী

বাদক ইতি “বুণ্ডুর্মো জিয়ায়াং জিয়ার্থাম্” ইতি বুণ্ড, “ন বুণি তুমর্থে” ইতি কর্কণি
 যষ্টানিবেদাদ্বিতীয়েব ॥২৬॥

রাজেতি । স্ময়ন্ কেবলাভিবাদনায়াগমনশ্রবণাদিস্ময়মানঃ ॥২৭॥

রাজ্ঞ ইতি । যথাতথং যথার্থমাগমনকারণম্, নাধ্যগচ্ছৎ নাবগচ্ছস্তীমঃ ॥২৮॥

অথেতি । তস্ম অস্ম ঋতুপর্ণস্ম আগমনকাবণম্, বিনির্দিষ্টং নিশ্চিতম্, কার্যং যথা কৰ্তব্যম্ ।
 ভবতু তাবৎ, উদর্কে অস্ম উত্তরফলে সতি, যৎ কারণং ভবিষ্যতি, তৎ পশ্চাৎ জ্ঞাস্তামি ॥২৯॥

নেতি । এতৎ আগমনকারণম্, এবম্ অনেনোক্তপ্রকাবং ন, ঈদৃগ্দূরপথে কেবলাভি-
 বাদনার্থমাগমনসম্ভবত্বাদিতি বিভাব্যেতি শেবঃ, স নৃপতিভার্যঃ, তম্বুতুপর্ণং, সংকৃত্য,

ভাবতভাবদীপঃ

জিতেক্রিয়ত্বমেবাহ—রহ ইতি । রহসি কৰ্তব্যে স্ববতবিষয়ে নীচকর্কণ পারদার্থাদি তদন্ত-
 বর্জিত ইতি তদন্তঃ অনীচান্য়বর্তী, পরজ্ঞীষু ক্লীব ইত্যর্থঃ ॥১৪—২৩॥ নৈতদেবম্ এতৎ
 এতস্মিন্ কালে এবং বিচার্য্য ন ব্যসর্জ্জযৎ, কিন্তু বিশ্রাম্যতামিত্যেবোবাচেত্যন্তরে-

তখন ঋতুপর্ণবাজা মনে মনে বিবেচনা কবিষা ভীমবাজাকে বলিলেন যে, “আমি
 আপনাকে অভিবাদন কবিবাব জ্ঞাত আসিয়াছি” ॥২৬॥

ভীমবাজাও বিস্মিত হইয়া একশত যোজনেবও অধিক পথ ঋতুপর্ণেব আগমনেব
 কাবণ মনে মনে চিন্তা করিতে লাগিলেন ॥২৭॥

ইনি বহুতর গ্রাম অতিক্রম কবিষা অন্যান্য রাজাকে লজ্বনপূর্বক আমাকে
 অভিবাদন কবিতে আসিয়াছেন! এই বিষয়েব যথার্থ কাবণ' ভীমবাজা বুঝিতে
 পারিলেন না ॥২৮॥

(তাহাব পব তিনি মনে মনে বলিলেন—) ‘ইহার আগমনেব কাবণ আমাব
 নিশ্চয় কবিতেই হইবে । যাহা হউক, ইহাব আগমনেব কাবণ' যাহা হইবে, তাহা
 ভাবী ফল দেখিয়া পবে জানিব ॥২৯॥

স সংকৃতঃ প্রহৃষ্টাত্মা প্রীতঃ প্রীতেন পার্থিবঃ ।
 বাজপ্রেষ্ঠৈরনুগতো দিক্ষং বেশ্য সমাবিশৎ ॥৩২॥
 ঋতুপর্ণে গতে বাজন্ । বাষ্কেষ্যসহিতে নৃপে ।
 বাহুকো রথমাদায় রথশালামুপাগমৎ ॥৩২॥
 স মোচয়িত্বা তানশ্বান্ পবিচর্য্য চ শাস্ত্রতঃ ।
 স্বয়ংকৈতান্ সমাশ্বাস্ত রথোপস্থ উপাবিশৎ ॥৩৩॥
 দময়ন্ত্যপি শোকার্ভা দৃষ্ট্বা ভাগস্বরিং নৃপম্ ।
 সূতপুত্রঞ্চ বাষ্কেষ্যং বাহুকঞ্চ তথাবিধম্ ॥৩৪॥
 চিন্তয়ামাস বৈদর্ভা কশ্চেষু রথনিশ্বনঃ ।
 নলশ্বেব মহানাসীন্ চ পশ্যামি নৈষধম্ ॥৩৫॥

ভাবতকৌমুদী

গাঘ্রয়ঃ ব্যসর্জয়ৎ, স্বং ক্লাস্তোহসি, ইতি হেতোর্গদভূতৌর্ভবান্ বিশ্রাম্যতাম্, ইতি পুনঃ
 পুনরুবাচ চ ॥৩০॥

 কণ্ঠাশ্রমং ততো গচ্ছেৎ শ্রীজুষ্টং লোকপূজিতম্ ॥৬৫॥

ভাবতকৌমুদী

উষ্ট্রেতি । উষ্ট্রা পুষ্কবে বাস কৃত্বা । নিষত একভক্তাদিনিষমবান্, নিষতাশনো নিরামিষাদি-
 ভোজী, প্রদক্ষিণমুপাবৃত্তঃ পুষ্কবং প্রদক্ষিণীকৃত্য, জম্বুমাৰ্গং তীৰ্থম্ ॥৬০॥
 জম্বুমাৰ্গমিতি । সমাবিশ্চ গত্বা । অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥৬১॥
 তত্রোতি । তত্র জম্বুমাৰ্গে, উশ্ব বাস কৃত্বা । পূতাত্মা পবিত্রচিত্তঃ ॥৬২॥
 জম্বুমাৰ্গাদিতি । উপাবৃত্তো নির্গতঃ । তণ্ডলিকাশ্রমং তদাখ্যং তীৰ্থম্ ॥৬৩॥
 আগস্ত্যমিতি । পিতৃর্চনং শ্রাদ্ধাদি, দেবার্চনং তত্রত্যদেবপূজা ॥৬৪॥
 শাকেতি । ফলৈর্বাপি বৃত্তিমানিত্যর্থঃ, আগস্ত্যসরসীত্যনুবৃত্তিঃ । কৌমাৰং পদং কান্তিকেশ-
 স্থানম্, বিন্দতে লভতে । শ্রীজুষ্টং শোভাসম্পন্নম্ ॥৬৫॥

নিবামিষ একাহাবাদি নিয়মমুক্ত হইয়া, বার দিন পুষ্করে বাস কবিয়া, তৎপবে পুষ্করতীৰ্থকে প্রদক্ষিণ কবিয়া জম্বুমাৰ্গতীৰ্থে গমন করিবে ॥৬০॥

দেবগণ, ঋষিগণ ও পিতৃগণসেবিত জম্বুমাৰ্গতীৰ্থে যাইয়া মানুষ অশ্বমেধযজ্ঞেব ফল লাভ কবে এবং বিষ্ণুলোকে গমন কবে ॥৬১॥

মানুষ সেই জম্বুমাৰ্গতীৰ্থে পাঁচ রাত্রি বাস কবিয়া পবিত্র চিত্ত হয়, দুৰ্গতি ভোগ কবে না এবং উত্তম সিদ্ধি লাভ করে ॥৬২॥

জম্বুমাৰ্গ হইতে নির্গত হইয়া তণ্ডলিকাশ্রমতীৰ্থে গমন করিবে ; তাহা হইলে সে লোক দুৰ্গতি ভোগ করিবে না এবং ব্রহ্মলোকে যাইবে ॥৬৩॥

মানুষ অগস্ত্যসরোবরে যাইয়া পিতৃপূজা ও দেবপূজায় নিবত থাকিয়া এবং ত্রিরাত্র উপবাস কবিয়া অগ্নিষ্টৌমযজ্ঞেব ফল লাভ করিবে ॥৬৪॥

(৬১) ...পিতৃদেবৰ্ষিপূজিতম্—পি, ...অবাপ্নোতি সৰ্ব্বকামসমৃদ্ধিতঃ—বা ব কা ।

ধৰ্ম্মাবগ্যং হি তৎ পুণ্যমাগ্ৰঞ্চ ভবতৰ্বভ ।
 যত্র প্ৰবিষ্টিমাত্ৰো বৈ সৰ্ব্বপাপৈঃ প্ৰমুচ্যতে ॥৬৬॥
 অৰ্চয়িত্বা পিতৃন্ দেবান্ নিষতো নিযতাশনঃ ।
 সৰ্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য ফলমশ্নুতে ॥৬৭॥
 প্ৰদক্ষিণং ততঃ কৃত্বা যযাতিপতনং ব্ৰজেৎ ।
 হযমেধস্য যজ্ঞস্য ফলং প্ৰাপ্নোতি তত্র বৈ ॥৬৮॥
 মহাকাশং ততো গচ্ছেন্নযতো নিযতাশনঃ ।
 কোটিতীৰ্থ উপস্পৃশ্য হযমেধফলং লভেৎ ॥৬৯॥
 ততো গচ্ছেত ধৰ্ম্মজ্ঞঃ খ্যাতং তীৰ্থমুমাপতেঃ ।
 নাম্না ভদ্ৰবটং নাম ত্ৰিষু লোকেষু বিশ্ৰুতম্ ॥৭০॥

ভারতকৌমুদী

ধৰ্ম্মেতি । তৎ কথাস্ৰমার্থ্যম্ । আগ্ৰমতীবপ্ৰাচীনম্ ॥৬৬॥
 অৰ্চয়িত্বাতি । কথাস্ৰমতীৰ্থে ইত্যনুবৃদ্ধিঃ । নিয়ত ইত্যাদিকং প্ৰাগ্ ব্যাখ্যাতে । সৰ্ব্বৈ কামাঃ
 কাম্যপদার্থান্তৈঃ সমৃদ্ধস্য সম্পন্নস্য সৰ্ব্বাঙ্গসম্পন্নস্তোত্যর্থঃ ॥৬৭॥
 প্ৰেতি । প্ৰদক্ষিণং কথাস্ৰমমিতি শেষঃ । যযাতিপতনং তদাখ্যং তীৰ্থম্ ॥৬-॥
 মহেতি । কোটিতীৰ্থে মহাকাশাখ্যানাস্তৰ্গততদাখ্যাতীৰ্থে, উপস্পৃশ্য স্নাত্বা ॥৬৯॥
 তত ইতি । উমাপতেঃ শিবস্য । ভদ্ৰো মঙ্গলকরো বটো বৃক্ষো যত্র তৎ ॥৭০॥

সেখানে শাক ও ফলস্বাত্ৰ ভোজন কবিয়া বহিলে, কাৰ্ত্তিকেযেব পদ লাভ কবে ।
 তাহাব পবে শোভায়ুক্ত ও জগৎপূজিত কথাস্ৰমে যাইবে ॥৬৫॥

ভবতশ্ৰেষ্ঠ ! সেই কথাস্ৰম ধৰ্ম্মাবগ্য, পবিত্ৰ এক আদিম তীৰ্থ, যেখানে
 প্ৰবেশ কবিবামাত্ৰই মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৬৬॥

মানুষ সেখানে নিৰামিষ একাহাবাদি নিয়মযুক্ত হইয়া, পিতৃগণ ও দেবগণেব
 অৰ্চনা কবিয়া সৰ্ব্বাঙ্গসম্পন্ন যজ্ঞেব ফল লাভ কবে ॥৬৭॥

তদনন্তব কথাস্ৰমকে প্ৰদক্ষিণ কবিয়া যযাতিপতননামক তীৰ্থে যাইবে, তাহা
 হইলে অশ্বমেধযজ্ঞেব ফল লাভ কবিবে ॥৬৮॥

তৎপবে মহাকালে গমন কৰিবে এক সেখানে নিবামিষ একাহাবাদি
 নিয়মযুক্ত হইয়া তত্ৰত্য কোটিতীৰ্থে স্নান কবিয়া অশ্বমেধযজ্ঞেব ফল লাভ
 কবিবে ॥৬৯॥

তাহাব পর ধৰ্ম্মজ্ঞ লোক শিবেব তীৰ্থ বলিয়া প্ৰসিদ্ধ ত্ৰিভুবনবিখ্যাত ভদ্ৰবট-
 নামক তীৰ্থে গমন কবিবে ॥৭০॥

(৬৯)...কোটিতীৰ্থমুপস্পৃশ্য...বা ব কা ।

তত্রাভিগম্য চেশানং গোসহস্রফলং লভেৎ ।
 মহাদেবপ্রসাদাচ্চ গাণপত্যঞ্চ বিন্দতি ।
 সমৃদ্ধমসপত্রঞ্চ শ্রিয়া যুক্তং নবোত্তমঃ ॥৭১॥
 নর্মদাস্তু সমাসাঢ় নদীং ত্রৈলোক্যবিশ্রুতাম্ ।
 তর্পয়িত্বা পিতৃন্ দেবান্ অগ্নিষ্টৌমফলং লভেৎ ॥৭২॥
 দক্ষিণং সিন্ধুমাশাঢ় ব্রহ্মচাবী জিতেন্দ্রিয়ঃ ।
 অগ্নিষ্টৌমবাপ্নোতি বিমানঞ্চাধিবোহতি ॥৭৩॥
 চর্ম্মধতীং সমাসাঢ় নিয়তো নিয়তশনঃ ।
 রন্তিদেবাত্যনুজাতমগ্নিষ্টৌমফলং লভেৎ ॥৭৪॥
 ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞঃ হিমবৎস্তুতমর্ব্দম্ ।
 পৃথিব্যাং যত্র বৈ চ্ছিদ্ৰং পূর্ব্বমাসীদ্যুধিষ্ঠির । ॥৭৫॥
 তত্রাশ্রমো বশিষ্ঠস্য মিত্রষু লোকেষু বিশ্রুতঃ ।
 তত্রোষ্য বজনীমেকাং গোসহস্রফলং লভেৎ ॥৭৬॥

ভাবতকৌমুদী

তত্রোতি । অভিগম্য পূজনার্থং গম্বা পূজয়িত্তেত্যর্থঃ, গোসহস্রশ্চ তদানশ্চ ফলম্ । গাণপত্যং
 প্রজাগাধিপত্যং বাজহ্মমিত্যর্থঃ । অসপত্রং শক্রশূত্রম্ । ষট্‌পাদোহযং শ্লোকঃ ॥৭১॥
 নর্মদামিতি । তর্পয়িত্বা শ্রীদ্ধাদিনা পূজাদিনা চ সম্ভোষ্য ॥৭২॥
 দক্ষিণমিতি । সিন্ধুং তদাখ্যং তীর্থম্ । বিমানং দেবপ্রোবিতম্ ॥৭৩॥
 চর্ম্মেতি । চর্ম্মধতীং তদাখ্যং নদীম্ । রন্তিদেবেন বাজা অভ্যুজাতমহুমতম্ ॥৭৪॥
 তত ইতি । অর্ব্দম্ তদাখ্যং পর্ব্বতম্ । যুধিষ্ঠিবেতি সম্বোধনং নাবদকৃতম্ ॥৭৫॥

সেখানে যাইয়া, শিবের পূজা কবিয়া, সহস্র গোদানের ফল লাভ কবিবে
 এবং শিবের অনুগ্রহে সমৃদ্ধিযুক্ত, শক্রশূত্র এবং শোভাসম্পন্ন বাজহ্ম লাভ
 কবিবে ॥৭১॥

তদনন্তব ত্রিভুবনবিখ্যাত নর্মদানদীতে যাইয়া, পিতৃশ্রাদ্ধ ও দেবতাপূজা কবিয়া,
 অগ্নিষ্টৌমযজ্ঞের ফল লাভ কবিবে ॥৭২॥

তৎপবে দক্ষিণসিন্ধুতীর্থে যাইয়া, ব্রহ্মচাবী ও জিতেন্দ্রিয় থাকিয়া, (স্নান-শ্রাদ্ধাদি
 করিয়া) অগ্নিষ্টৌমযজ্ঞের ফললাভ কবিবে এবং অস্ত্রিমে দেবপ্রোবিত বিমানে আবোহণ
 কবিবে ॥৭৩॥

তাহাব পর চর্ম্মধতীনদীতে যাইয়া, নিবামিষ একাহাবাদি নিয়মযুক্ত থাকিয়া
 রন্তিদেবের অনুমতিক্রমে অগ্নিষ্টৌমযজ্ঞের ফললাভ কবিবে ॥৭৪॥

ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠিব ! তাহাব পর হিমালয়জাত অর্ব্দুদনামক পর্ব্বতে গমন কবিবে,
 পূর্ব্বক যেখানে ভূতলে গর্ভ ছিল ॥৭৫॥

পিঙ্গতীৰ্থ উপস্পৃশ্য ব্রহ্মচাবী নবাধিপ ! ।
 কপিলানাং নরব্যাত্ন । শতশ্চ ফলমশ্নুতে ॥৭৭॥
 ততো গচ্ছেত রাজেন্দ্র । প্রভাসং তীৰ্থমুক্তমম্ ।
 যত্র সন্নিহিতো নিত্যং স্বয়মেব হৃত্বাশনঃ ।
 দেবতানাং মুখং বীব ! জ্বলনোহনিলসাবথিঃ ॥৭৮॥
 তস্মিন্স্তীৰ্থে নবঃ স্নাত্বা শুচিঃ প্রযতমানসঃ ।
 অগ্নিষ্টোমাতিবাত্ৰাত্ৰাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৭৯॥
 ততো গত্বা সবস্বত্যাঃ সাগবশ্চ চ সঙ্গমম্ ।
 গোসহস্রফলং তশ্চ স্বৰ্গলোকঞ্চ বিন্দতি ॥৮০॥
 তীৰ্থে সলিলবাজশ্চ স্নাত্বা প্রযতমানসঃ ।
 ত্ৰিবাত্ৰমুষিতস্তত্রৈ তৰ্পয়েৎ পিতৃদেবতাঃ ॥৮১॥

ভাবতকৌমুদী

ভ্রজেতি । উক্ত বাসং কৃত্বা, গোসহস্রশ্চ তদানশ্চ ফলম্ ॥৭৬॥
 পিঙ্গতি । উপস্পৃশ্য স্নাত্বা । কপিলানাং খেত্ৰানাং, শতশ্চ শতদানশ্চ ॥৭৭॥
 তত ইতি । দেবতানাং মুখম, দেবতার্থে আহুতিগ্রহণাৎ । বৃহপাদোহয়ং শ্লোকঃ ॥৭৮॥
 তস্মিন্ণিতি । অগ্নিষ্টোমাতিবাত্ৰাত্ৰাভ্যাং যজ্ঞাভ্যাং সম্পাত্তমিতি শেষঃ ॥৭৯॥
 তত ইতি । গোসহস্রশ্চ তদানশ্চ ফলং ভবতি । বিন্দতি স লভতে ॥৮০॥
 তীৰ্থ ইতি । সলিলবাজশ্চ সাগরশ্চ তীৰ্থে সরস্বতীনদীসঙ্গমস্থানরূপে ॥৮১॥

সেখানে ত্ৰিভুবনবিখ্যাত বশিষ্ঠাশ্রম বহিয়াছে , সেই স্থানে একবাত্রি বাস কবিয়া
 সহস্র গোদানেব ফল লাভ করিবে ॥৭৬॥

নবশ্রেষ্ঠ বাজা ! তৎপবে ব্রহ্মচাবী থাকিয়া, পিঙ্গনামক তীৰ্থে স্নান কবিয়া
 শত কপিলাধেনুদানেব ফল লাভ কবিবে ॥৭৭॥

বীব ! বাজশ্রেষ্ঠ ! তাহাব পব উত্তম প্রভাসতীৰ্থে গমন কবিবে , যেখানে
 দেবগণেব মুখস্বরূপ, বায়ুসাবথি ও জ্বলিতমূৰ্ত্তি স্বয়ং অগ্নিদেব সৰ্ব্বদাই সন্নিহিত
 বহিয়াছেন ॥৭৮॥

মানুষ পবিত্র ও সংযতচিত্ত হইয়া, সেই প্রভাসতীৰ্থে স্নান কবিয়া, অগ্নিষ্টোমযজ্ঞ
 ও অতিরাত্রযজ্ঞেব ফললাভ করিবে ॥৭৯॥

তদনন্তব সবস্বতীনদী ও সমুদ্রেব সঙ্গমে যাইয়া স্নান কবিবে ; তাহা হইলে
 তাহাব সহস্র গোদানেব ফল হইবে এবং সে স্বৰ্গলাভ কবিবে ॥৮০॥

মানুষ সংযতচিত্ত হইয়া, সবস্বতী-সাগব-সঙ্গমে স্নান কবিয়া এবং সেখানে তিন
 দিন বাস কবিয়া, পিতৃশ্রাদ্ধ ও দেবপূজা কবিবে ॥৮১॥

(৭৭) পিঙ্গলতীৰ্থমুপস্পৃশ্য...বা ব পি নি । (৭৮)...অনলোহনিলসাবথিঃ—পি ।

প্রভাসতে যথা সোমঃ সোহশ্বমেধঞ্চ বিন্দতি ।
 ববদানং ততো গচ্ছেত্তীর্থং ভরতসত্তম । ॥৮২॥
 বিষেণাত্তুর্বাসসা যত্র ববো দত্তো যুধিষ্ঠির । ।
 বরদানে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৮৩॥
 ততো দ্বারবতীং গচ্ছেন্নিয়তো নিয়তশনঃ ।
 পিণ্ডারকে নরঃ স্নাত্বা লভেদ্বহুস্বর্ণকম্ ॥৮৪॥
 তস্মিন্স্তীর্থে মহাভাগ ! পদ্মালঙ্কণলক্ষিতাঃ ।
 অঢ্যাপি মুদ্রা দৃশ্যন্তে তদদ্ভুতমরিন্দম ! ॥৮৫॥
 ত্রিশূলাঙ্কানি পদ্মানি দৃশ্যন্তে কুরুনন্দন । ।
 মহাদেবস্য সান্নিধ্যং তত্র বৈ পুরুষর্ষভ । ॥৮৬॥
 সাগরস্য চ সিন্ধোশ্চ সঙ্গমং প্রাপ্য ভারত । ।
 তীর্থে সলিলবাজস্য স্নাত্বা প্রয়তমানসঃ ॥৮৭॥

ভাবতকৌমুদী

প্রেতি । প্রভাসতে শোভতে, অশ্বমেধফলম্ অশ্বমেধফলম্ । বরদানং তীর্থম্ ॥৮২॥
 বিষেণারিতি । দুর্বাসসা তদাখ্যেয় মূনিয়া । গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৮৩॥
 তত ইতি । পিণ্ডারকে তদাখ্যে স্থানে, বহুস্বর্ণকং বহুস্বর্ণদানফলম্ ॥৮৪॥
 তস্মিন্ন্নিতি । মুদ্রাঃ স্বর্ণস্ত । অদ্ভুতম্, তৎকালীনবিষ্ণুব্যবহারসূচনাৎ ॥৮৫॥
 ত্রিশূলেতি । ত্রিশূলস্য অঙ্কশিঙ্কং যেষু তানি, পদ্মানি স্বর্ণপদ্মানি ॥৮৬॥

সেকাপ করিলে মানুষ চন্দ্রের স্তার কাস্তিমান হইবে এবং অশ্বমেধযজ্ঞের ফললাভ করিবে । ভবতশ্রেষ্ঠ ! তাহার পর ববদানতীর্থে যাইবে ॥৮২॥

যুধিষ্ঠির ! যেখানে দুর্বাসামুনি বিষ্ণুকে বরদান করিয়াছিলেন, সেই বরদান-তীর্থে স্নান করিয়া মানুষ সহস্র গোদানের ফললাভ করিবে ॥৮৩॥

তাহার পর দ্বারবতীর্থে গমন করিবে । নিরামিষ একাহাবাদি নিয়মযুক্ত হইয়া তত্রত্য পিণ্ডারকতীর্থে স্নান করিয়া মানুষ বহু স্বর্ণদানের ফললাভ করিবে ॥৮৪॥

মহাভাগ অরিন্দম ! অঢ্যাপি সেই তীর্থে পদ্মচিহ্নে চিহ্নিত বহুভব স্বর্ণমুদ্রা দেখিতে পাওয়া যায় ; তাহা অদ্ভুতই বটে ॥৮৫॥

এবং পুরুষশ্রেষ্ঠ কুরুনন্দন ! ত্রিশূলচিহ্নে চিহ্নিত স্বর্ণপদ্মও দেখিতে পাওয়া যায় ; স্নাত্বাং সেখানে মহাদেব সন্নিহিত আছেন ॥-৬॥

তর্পয়িত্বা পিতৃন্ দেবানৃষীংশ্চ ভবতর্ষভ ।।
 প্রাপ্নোতি বারুণং লোকং দীপ্যমানঃ স্বতেজসা ॥৮৮॥ (যুগ্মকম্)
 শঙ্কুর্গণেশ্বরং দেবমর্চয়িত্বা যুধিষ্ঠিব ! ।
 অশ্বমেধাদশগুণং প্রবদন্তি মনৌষিণঃ ॥৮৯॥
 প্রদক্ষিণমুপার্বত্য গচ্ছেত ভবতর্ষভ ! ।
 তীর্থং কুরুবরশ্চেষ্ট ! ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥৯০॥
 দমীতি নাম্না বিখ্যাতং সর্বপাপপ্রণাশনম্ ।
 যত্র ব্রহ্মাদয়ো দেবা উপাসন্তে মহেশ্বরম্ ॥৯১॥ (যুগ্মকম্)
 তত্র স্নাত্বাহর্চয়িত্বা চ রুদ্রং দেবগণৈর্বৃতম্ ।
 জন্মপ্রভৃতি যৎ পাপং তৎ স্নাতস্য প্রণশ্যতি ॥৯২॥
 দমী চাত্র নবশ্চেষ্ট ! সর্বদেবৈবতিষ্ঠুতঃ ।
 তত্র স্নাত্বা নবশ্চেষ্ট । হযমেধমবাপ্নুয়াৎ ॥৯৩॥

ভাবতকৌমুদী

নাগরশ্চেতি । সিদ্ধোর্নদস্ত । সলিলবাজস্ত বরুণস্ত । স্বস্ত তেজসা পুণ্যপ্রভয়া ॥৮৭—৮৮॥
 শঙ্কুতি । শঙ্কুবৎ কর্ণো যস্ত স চার্সো ঈশ্ববশ্চেতি তম্ । দশগুণং ফলম্ ॥৮৯॥
 প্রেতি । প্রদক্ষিণমুপার্বত্য বারুণং তীর্থং প্রদক্ষিণং কৃত্বা নির্গত্য । দমযতি কামমিতি দমী
 মহেশ্বর এব তদধিষ্ঠিতস্বান্ধীর্থমপি দমি । উপাসন্তে উপাসতে ॥৯০—৯১॥
 তত্রোতি । যৎ পাপং বর্ষতে, তৎ, স্নাতস্য কৃতস্নানস্ত জনস্ত, প্রণশ্যতি ॥৯২॥
 দমীতি । দমী দমিনান্না প্রসিদ্ধো রুদ্রঃ । হযমেধং হযমেধফলম্ ॥৯৩॥

ভবতনন্দন । তাহার পব সমুদ্রে ও সিদ্ধুনদেব সঙ্গমে যাইয়া, বরুণতীর্থে স্নান
 কবিয়া, সংযতচিত্তে পিতৃগণ, দেবগণ ও ঋষিগণেব তর্পণ কবিয়া, আপন তেজে দীপ্তি
 পাইতে থাকিয়া, বরুণলোকে গমন কবিবে ॥৮৭—৮৮॥

আব, তত্রত্য শঙ্কুর্গণেশ্ববনামক শিবের পূজা কবিয়া অশ্বমেধযজ্ঞের দশগুণ
 ফললাভ কবিবে, এ কথা জ্ঞানীবা বলিয়া থাকেন ॥৮৯॥

ভবতবংশপ্রধান কুরুববশ্চেষ্ট যুধিষ্ঠিব ! সেই বারুণতীর্থ প্রদক্ষিণ কবিয়া পবে
 ত্রিভুবনবিখ্যাত সর্বপাপনাশক দমীনামে প্রসিদ্ধ তীর্থে গমন কবিবে, যেখানে
 ব্রহ্মাদি দেবগণ শিবের উপাসনা কবিয়া থাকেন ॥৯০—৯১॥

সেখানে স্নান কবিয়া দেবগণবেষ্টিত শিবের পূজা কবিলে, জন্মপ্রভৃতি যে পাপ
 থাকিবে, তাহাই নষ্ট হইবে ॥৯২॥

নবশ্চেষ্ট ! সেখানে 'দমী'-নামে শিব আছেন, সমস্ত দেবতাবা তাঁহাব স্তব
 করেন । সেখানে স্নান কবিয়া অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥৯৩॥

(৯১) দমীতি নাম্না বিখ্যাতং সর্বপাপপ্রমোচনম্...পি । তত্র ব্রহ্মাদিঃ...বা ব নি ।

গঙ্গা যত্র মহাপ্রাজ্ঞ ! বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ।
 পুরা শৌচং কৃতং রাজন্ । হস্মা দৈতেয়দানবান্ ॥৯৪॥
 ততো গচ্ছেত ধর্মজ্ঞ ! বহুধারামভিষ্ণুতাম্ ।
 গমনাদেব তস্মাং হি হয়মেধমবাপ্নুয়াৎ ॥৯৫॥
 স্নাত্বা কুরুবরশ্ৰেষ্ঠ ! প্রযতাত্মা তু মানবঃ ।
 তর্পয়িত্বা পিতৃন্ দেবান্ বিষ্ণুলোকে মহীয়তে ॥৯৬॥
 তীর্থে চাত্র সবঃ পুণ্যং বসূনাং ভবতর্ষভ ! ।
 তত্র স্নাত্বা চ পীত্বা চ বসূনাং সন্মতো ভবেৎ ॥৯৭॥
 সিন্ধুভ্রমমিতি খ্যাতং সর্বপাপপ্রণাশনম্ ।
 তত্র স্নাত্বা নবশ্ৰেষ্ঠ ! লভেদ্বহুস্বর্ণকম্ ॥৯৮॥
 ভদ্রেতুঙ্গং সমাসাত্ত শুচিঃ শীলসম্মিতঃ ।
 ব্রহ্মলোকমবাপ্নোতি গতিঞ্চ পবমাং ব্রজেৎ ॥৯৯॥

ভাবতকৌমুদী

গংগেতি । প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা । শৌচং স্নাননিবন্ধনা শুচিতা ॥৯৪॥
 তত ইতি । বহুধাবাং তদাখ্যং তীর্থম্, অভিষ্ণুতাং মহর্ষিভিঃ প্রশংসিতাম্ ॥৯৫॥
 স্নাত্বেতি । স্নাত্বা বহুধারাতীর্থে, তৎপ্রকরণাৎ । প্রযতাত্মা সংযতচিত্তঃ ॥৯৬॥
 তীর্থ ইতি । অত্র বহুধাবাখ্যে । পীত্বা তৎসবোজলম্ । সন্মতঃ প্রিয়ঃ ॥৯৭॥
 সিন্ধুভ্রমমিতি । খ্যাতং তীর্থম্ । বহুস্বর্ণকং বহুস্বর্ণদানজনিতং ফলম্ ॥৯৮॥

মহাপ্রাজ্ঞ রাজা ! পূর্বে প্রভাবশালী বিষ্ণু দৈত্যগণ ও দানবগণকে বধ করিয়া
 যেখানে যাইয়া পবিত্র হইয়াছিলেন ॥৯৪॥

ধর্মজ্ঞ যুধিষ্ঠিৰ ! তাহার পর, মহর্ষিগণপ্রশংসিত বহুধাবাতীর্থে গমন করিবে ;
 সেখানে গমন করিবামাত্রই অশ্বমেধযজ্ঞেব ফল পাইবে ॥৯৫॥

হে কৌরবশ্ৰেষ্ঠ ! মানুষ সংযতচিত্ত হইয়া, সেই বহুধাবাতীর্থে স্নান করিয়া,
 পিতৃগণ ও দেবগণেব তর্পণ কবিয়া, বিষ্ণুলোকে গমন কবে ॥৯৬॥

ভবতশ্ৰেষ্ঠ ! এই বহুধারাতীর্থে বহুগণেব একটা পবিত্র সরোবর আছে,
 তাহাতে স্নান করিয়া এবং তাহার জল পান কবিয়া মানুষ বহুদেবতাগণের শ্রীতি-
 ভাজন হয় ॥৯৭॥

নরশ্ৰেষ্ঠ ! সেই বহুধাবাতীর্থে 'সিন্ধুভ্রম'-নামে সর্বপাপনাশক আব. একটা
 তীর্থ আছে, তাহাতে স্নান কবিয়া বহু স্বর্ণদানেব ফল লাভ কবে ॥৯৮॥

(৯৬)•• প্রযতাত্মা সমাহিতঃ । তর্প্য দেবান্ পিতৃশ্চৈব...বা ব কা নি । (৯৭)•• তীর্থক্ৰমাপ্যপরং
 তত্র...সন্মিতো ভবেৎ—পি । (৯৮)•• ব্রহ্মতুঙ্গং সমাসাত্ত শুচিঃ প্রযতমানসঃ ।...স্বকৃতী বিরজা
 নরঃ—পি ।

কুমাৰিকাণাং শক্রশ্চ তীৰ্থং সিদ্ধনিষেবিতম্ ।
 তত্র স্নাত্বা নবশ্ৰেষ্ঠ । শক্রলোকমবাণ্মুয়াৎ ॥১০০॥
 বেণুকায়শ্চ তত্রৈব তীৰ্থং সিদ্ধনিষেবিতম্ ।
 তত্র স্নাত্বা ভবেদ্বিপ্রো নিৰ্মলশ্চন্দ্রমা যথা ॥১০১॥
 অথ পঞ্চনদং গত্বা নিয়তো নিয়তাশনঃ ।
 পঞ্চ যজ্ঞানবাপ্নোতি ক্রমশো যেহ্নুকীৰ্ত্তিতাঃ ॥১০২॥
 ততো গচ্ছত বাজেন্দ্র ! ভীমায়াঃ স্থানমুত্তমম্ ।
 তত্র স্নাত্বা চ যোগ্যাং বৈ নবো ভবতসত্তম । ॥১০৩॥
 দেব্যাঃ পুত্রো ভবেদ্রাজন্ । বহুকুণ্ডলবিগ্রহঃ ।
 গবাং শতসহস্রশ্চ ফলক্ৰৈবাপ্নু যান্মহৎ ॥১০৪॥ (যুগ্মকম্)
 ত্রীকুণ্ডল সমাসাত্ত ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ।
 পিতামহং নমস্কৃত্য গোঁসহস্রফলং লভেৎ ॥১০৫॥

ভারতকৌমুদী

ভদ্রেতি । ভদ্রতুঙ্গ তদাখ্যং তীৰ্থম্ । ব্রহ্মলোকাদপি পবমাং গতিং মুক্তিম্ ॥১০০॥
 কুমেতি । শক্রশ্চ কুমাৰিকাণাং তীৰ্থমিতি সৰ্ব্বক্ৰ, শক্রকুমাৰিকাতীৰ্থমিতি নাম ॥১০১॥
 বেণুকায় ইতি । অত্র বিপ্রপদমুপলক্ষণম্, তীৰ্থে সৰ্বেষামেবাধিকারায় ॥১০২॥
 অথেতি । নিয়ত আৰিষাদিনিবৃত্তিকৰুণনিষমবান্, নিয়তাশন একভক্তাদিক্ৰুৎ । পঞ্চযজ্ঞান্
 অধ্যাপনাদীন্ তৎফলমিত্যর্থঃ । অহ্নুকীৰ্ত্তিতাঃ “অধ্যাপনং ব্রহ্মযজ্ঞ” ইত্যাদিনা ॥১০৩॥
 তত ইতি । ভীমায়া দেব্যাঃ । যোগ্যাং যোনিতীৰ্থে । দেব্যা ভীমায়াঃ ॥১০৩—১০৪॥

তৎপবে ভদ্রতুঙ্গতীৰ্থে যাইয়া, পবিত্র ও সংযতচিত্ত হইয়া কাৰ্য্য কবিলে, ব্রহ্ম-
 লোকে যায় এবং তথা হইতে মুক্তিলাভ কবে ॥১০০॥

নবশ্ৰেষ্ঠ ! ‘শক্রকুমাৰিকা’-নামে সিদ্ধসেবিত একটী তীৰ্থ আছে, তাহাতে
 স্নান কবিয়া মানুষ ইন্দ্রলোকে গমন কবে ॥১০১॥

এবং সেইখানেই সিদ্ধসেবিত বেণুকাতীৰ্থ আছে, তাহাতে স্নান কবিয়া মানুষ
 চন্দ্রের স্থায় নিৰ্মল হয় ॥১০২॥

তাহাব পব, পঞ্চনদে যাইয়া, নিবামিষ একাহাবাদি নিষমে থাকিয়া—ক্রমিক
 যেগুলি বলা হইয়াছে, সেই পঞ্চযজ্ঞেব ফল পায় ॥১০৩॥

ভবতশ্ৰেষ্ঠ বাজেন্দ্র ! তাহাব পব উত্তম ভীমাদেবীব স্থানে যাইবে এবং তত্রত্য
 যোনিতীৰ্থে স্নান কবিয়া মানুষ বহুকুণ্ডলধাবী দেবীপুত্র হইবে, আব শতসহস্র
 গোদানেব গুৰুতব ফল লাভ কবিবে ॥১০৩—১০৪॥

(১০৪)....ফলং প্রাপ্নোতি মানবঃ—বা ব কা । (১০৫) গিরিকুঞ্জং সমাসাত্ত...পি নি ।

ততো গচ্ছেত ধর্মজ্ঞ ! বিমলং তীর্থগুণ্ডমম্ ।
 অত্য়পি বত্র দৃশ্যন্তে মৎশ্চাঃ সৌবর্ণরাজতাঃ ॥১০৬॥
 তত্র স্নাত্বা নরব্যাস্র । বাজপেয়মবাণুয়াৎ ।
 সর্বপাপবিশুদ্ধাত্মা গচ্ছেচ্চ পরমাং গতিম্ ॥১০৭॥
 বিতস্তাঞ্চ সমাসাচ্চ সন্তপ্য পিতৃদেবতাঃ ।
 নরঃ ফলমবাপ্নোতি বাজপেয়স্য ভারত ! ॥১০৮॥
 কাশ্মীরেষেব নাগস্য ভবনং তক্ষকস্য চ ।
 বিতস্তাখ্যমিতি খ্যাতং সর্বপাপপ্রমোচনম্ ॥১০৯॥
 তত্র স্নাত্বা নরো নুনং বাজপেয়মবাণুয়াৎ ।
 সর্বপাপবিশুদ্ধাত্মা গচ্ছেচ্চ পরমাং গতিম্ ॥১১০॥

ভারতকৌমুদী

শ্রীতি । শ্রীকৃৎ তদাখ্যং তীর্থম্ । পিতামহং ব্রহ্মণম্ ॥১০৫॥
 তত ইতি । বিমলং তদাখ্যম্ । সৌবর্ণরাজতাস্তদুভববর্ণাঃ ॥১০৬॥
 তত্রোতি । বাজপেয়ং বাজপেয়াখ্যযজ্ঞবলম্ । পবমাং গতিং মুক্তিম্ ॥১০৭॥
 বিতস্তামিতি । বিতস্তাং নদীম্ । বাজপেয়স্য তদাখ্যস্য যজ্ঞস্য ॥১০৮॥
 কাশ্মীরেষেতি । কাশ্মীরেষু তদাখ্যে দেশ এব, অত্য়ত্র তু নেতি ভাবঃ ॥১০৯॥
 তত্রোতি । তত্র বিতস্তায়াম্, নুনং নিশ্চিতম্, বাজপেয়ং বাজপেয়যজ্ঞবলম্ ॥১১০॥

ত্রিভুবনবিখ্যাত শ্রীকৃৎতীর্থে যাইয়া, ব্রহ্মাকে নমস্কাব কবিয়া, সহস্র গোদানেব
 ফল লাভ করিবে ॥১০৫॥

ধর্মজ্ঞ ! তাহাব পব উত্তম বিমলতীর্থে গমন কবিবে ; যেখানে অত্য়পি স্বর্ণবর্ণ
 ও বৌপ্যবর্ণ মৎস্য সকল দৃষ্টিগোচর হয় ॥১০৬॥

নবশ্রেষ্ঠ ! সেই বিমলতীর্থে স্নান কবিয়া বাজপেয়যজ্ঞের ফললাভ কবিবে এবং
 সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া মুক্তিলাভ কবিবে ॥১০৭॥

ভবতনন্দন ! বিতস্তা নদীতে যাইয়া, পিতৃগণ ও দেবগণের তর্পণ করিয়া, মানুস্ব
 বাজপেয়যজ্ঞের ফল লাভ করে ॥১০৮॥

কাশ্মীরদেশেই তক্ষকনাগের আশ্রয় বিতস্তাতীর্থ বিখ্যাত আছে এবং সে তীর্থ
 সমস্ত পাপ নষ্ট কবে ॥১০৯॥

সেই বিতস্তাতে স্নান কবিয়া মানুস্ব নিশ্চয়ই বাজপেয়যজ্ঞের ফল লাভ করিবে
 এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পরম গতি লাভ কবিবে ॥১১০॥

(১০৭) তত্র স্নাত্বা নরঃ দ্বিপ্রং বানবং লোকমাপ্নুয়াৎ—বা ব কা নি ।

ততো গচ্ছেত বড়বাং ত্রিষু লোকেষু বিশ্রুতাম্ ।
 পশ্চিমায়াস্ত সন্ধ্যায়ামুপস্পৃশ্য যথাবিধি ॥১১১॥
 চক্ৰং সপ্তার্চিসে বাজন্ । যথাশক্তি নিবেদয়েৎ ।
 পিতৃণামক্ষয়ং দানং প্রবদন্তি মনুষিণঃ ॥১১২॥ (যুক্তকম্)
 ঋষয়ঃ পিতবো দেবা গন্ধর্ব্বাপ্সবসাং গণাঃ ।
 গুহ্ৰকাঃ কিন্নবা যক্ষাঃ সিদ্ধা বিত্ৰাধবা নবাঃ ॥১১৩॥
 বাক্ষসা দিতিজা রুদ্রা ব্রহ্মা চ মনুজাধিপ ।।
 নিয়তঃ পবমাং দীক্ষামাস্থাযাদ্ধসহস্রকীম্ ॥১১৪॥
 বিেষাঃ প্রসাদনং কুব্ৰবংশচক্ৰঞ্চ শ্রপয়ংস্তথা ।
 সপ্তভিঃ সপ্তভিশ্চব ঋগ্ভিস্তুষ্টাব কেশবম্ ॥১১৫॥ (বিশেষকম্)
 দদাবষ্ঠগুণৈশ্বর্য্যং তেষাং তুষ্টস্ত কেশবঃ ।
 যথাভিলষিতানন্যান্ কামান্ দত্ত্বা মহৌপতে ! ॥১১৬॥

ভাবতকৌমুদী

তত ইতি । বড়বাং বড়বাখ্যং তীর্থম্ । পশ্চিমায়াং সন্ধ্যায়াং সাংকালে, উপস্পৃশ্য স্নাত্বা, সপ্তার্চিসে অগ্নয়ে, পিতৃণামুদ্দেশে দানম্ ॥১১১—১১২॥

ঋষ ইতি । নরাঃ সাত্বিকাঃ । নিয়তো যথাশক্তি উপবাসাদিনিয়মযুক্তঃ, দীক্ষাং বিষ্ণুপূজা-সঙ্কল্পম্, আস্থায় অবলম্ব্য, আদ্যসহস্রকীং সহস্রবৎসবব্যাপিনীম্ । শ্রপয়ন্ বিষ্ণুপূজার্থং এব পচন্, ঋগ্ভিঃ তদ্বিষ্ণোবিতাদিভির্মন্ত্রৈঃ । তুষ্টাব হোমেন ব্রহ্মেত্যাসক্তিক্রমেণাষবঃ । ঋগাদ্যস্ত তুষ্টবুবিতি বিপবিণামেন যোজ্যম্ ॥১১৩—১১৫॥

দদাবিতি । অষ্টগুণৈশ্বর্য্যম্ অগ্নিমাগুণৈর্বিধৈশ্বর্য্যম্ । তচ্চ সাংখ্যতত্ত্বকৌমুদ্যুক্তং যথা—“অগ্নিমা

বাজা । তাহাব পব ত্রিভুবনবিখ্যাত বড়বাতীর্থৈ গমন কবিবে এবং সেখানে সাংকালে যথাবিধানে স্নান কবিয়া, শক্তি অনুসাবে অগ্নিদেবকে চক্ৰ নিবেদন কবিবে ; আব সেখানে পিতৃলোকেব উদ্দেশে দান কবিলে, তাহাতে অক্ষয় ফল হয়, এ কথা জ্ঞানীবা বলিয়া থাকেন ॥১১১—১১২॥

ঋষিগণ, পিতৃগণ, দেবগণ, গন্ধর্ব্বগণ, অম্ববোগণ, গুহ্ৰকগণ, কিন্নবগণ, যক্ষগণ, সিদ্ধগণ, বিত্ৰাধবগণ, মনুস্মৃগণ, বাক্ষসগণ, দৈত্যগণ, কদ্ৰগণ এবং ব্রহ্মা বিশেষ নিয়ম-যুক্ত হইয়া, বহুকালেব জন্ম বিশেষ সঙ্কল্প কবিয়া, বিষ্ণুব সন্তোষার্থে চক্ৰ পাক কবিয়া, সাত সাতটা মন্ত্রদ্বারা বিষ্ণুকে সন্তুষ্ট কবিয়াছিলেন ॥১১৩—১১৫॥

তাহাতে বিষ্ণু সন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে অগ্নিমাগুণৈশ্বর্য্য দান কবিয়াছিলেন এবং তাঁহাদেব আশানুকূপ অত্যাচ্ছ বব দান কবিয়া, মেঘে

তত্রৈবাস্তদর্শে দেবো বিদ্যাদভ্রেবু বৈ যথা ।
 নান্না সপ্তচরুং তেন খ্যাতং লোকেষু ভারত ! ॥১১৭॥ (যুগ্মকম্)
 গবাং শতসহস্রেন রাজসূয়শতেন চ ।
 অশ্বমেধসহস্রেন শ্বেয়ান্ সপ্তার্চ্চিষশ্চরুং ॥১১৮॥
 ততো নিবৃন্তো রাজেন্দ্র ! রৌদ্রং পদমথাবিশেৎ ।
 অর্চ্চয়িত্বা মহাদেবমশ্বমেধফলং লভেৎ ॥১১৯॥
 মণিমন্তং সমাসাত্ত ব্রহ্মচারী সমাহিতঃ ।
 একরাত্রৌষিতো রাজন্ ! অগ্নিষ্টৌমফলং লভেৎ ॥১২০॥
 অথ গচ্ছেত রাজেন্দ্র ! দেবিকাং লোকবিশ্রুতাম্ ।
 প্রসূতির্বত্র বিপ্রাণাং শ্রয়তে ভরতর্ষভ ! ॥১২১॥

ভারতকৌমুদী

লক্ষ্মী প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা । ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবলায়িতা ॥^১ এবং বিবরণঞ্চ
 তত্রৈব দ্রষ্টব্যম্ । অভ্রেবু মেঘেবু । নান্না সপ্তচরুং খ্যাতং তীর্থং বদন্তীতি শেবঃ ॥১১৬—১১৭॥

গবামিতি । শ্বেয়ান্ কৃত ইতি শেবঃ । তেন লক্ষগোদানাদিভ্যোহপি অগ্নয়ে চরুদানম্ অধিক-
 বলজনকমিত্যর্থঃ ॥১১৮॥

তত ইতি । নিবৃন্তো নির্গতঃ, রৌদ্রং পদং শিবস্থানম্ ॥১১৯॥

মণীতি । মণিমন্তং তদাখ্যং মহাদেবম্ । উষিতঃ কৃতবানঃ ॥১২০॥

অথেনি । দেবিকাং তদাখ্যাং নদীম্ । প্রসূতিঃ আদিমা উৎপত্তিঃ ॥১২১॥

বিদ্যাতের আয় সেই স্থানেই অস্তহিত হইয়াছিলেন; তাহাতেই সেই স্থানটী 'সপ্তচরু'-
 নামে জগতে বিখ্যাত হইয়াছে ॥১১৬—১১৭॥

লক্ষ গোদান, শত রাজসূয়যজ্ঞ এবং সহস্র অশ্বমেধযজ্ঞ অপেক্ষাও সেখানে
 অগ্নিকে চরুদান অধিক বলজনক ॥১১৮॥

বাজশ্রেষ্ঠ ! তাহার পর সে স্থান হইতে নির্গত হইয়া মহাদেবস্থানে গমন
 করিবে এবং সেখানে মহাদেবকে পূজা করিয়া অশ্বমেধযজ্ঞের বল লাভ
 করিবে ॥১১৯॥

রাজা ! সেই মণিমান্দেবের নিকটে ব্রহ্মচারী ও ধ্যানস্থ হইয়া একরাত্রি বাস
 করিয়া অগ্নিষ্টৌমযজ্ঞের বল লাভ করিবে ॥১২০॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পব জগদ্বিখ্যাত দেবিকাতীর্থে গমন করিবে ; ভরতপ্রধান !
 যেখানে ব্রাহ্মণগণের প্রথম উৎপত্তি শুনা যায় ॥১২১॥

ত্রিশূলপাণেঃ স্থানঞ্চ যত্র লোকেষু বিশ্রুতম্ ।
 দেবিকায়াং নবঃ স্নাত্বা সমভ্যর্চ্য মহেশ্বৰম্ ॥১২২॥
 যথাশক্তি চক্ৰং তত্র নিবেদ্য ভবতর্ষভ । ।
 সৰ্বকামসমৃদ্ধস্ত যজ্ঞস্ত লভতে ফলম্ ॥১২৩॥ (যুগ্মকম্)
 কামাখ্যং তত্র রুদ্ৰস্ত তীৰ্থং দেবনিষেবিতম্ ।
 তত্র স্নাত্বা নবঃ স্কিপ্রং সিদ্ধিং প্রাপ্নোতি ভবত । ॥১২৪॥
 যজনং যাজনক্ৰৈব তথৈব ব্রহ্মবালুকম্ ।
 পুষ্পান্ত্ৰশ্চ উপস্পৃশ্য ন শোচেন্মবণং গতঃ ॥১২৫॥
 অর্দ্ধযোজনবিস্তাৰাং পঞ্চযোজনমায়তাম্ ।
 এতাবদেবিকামাহুঃ পুণ্যাং দেবর্ষিসেবিতাম্ ॥১২৬॥
 ততো গচ্ছেত ধর্মজ্ঞ ! দীর্ঘসত্রং যথাক্রমম্ ।
 যত্র ব্রহ্মর্ষিবো দেবাঃ সিদ্ধাশ্চ পবমর্ষয়ঃ ।
 দীর্ঘসত্রমুপাসন্তে দীক্ষিতা নিয়তব্রতাঃ ॥১২৭॥

ভাবতকৌমুদী

ত্রিশূলেতি । তস্তাং দেবিকায়াং । সৰ্বকামসমৃদ্ধস্ত সৰ্বাঙ্গসম্পন্নস্ত ॥১২২—১২৩॥
 কামেতি । তত্র দেবিকায়াং । সিদ্ধিং পাপক্ষয়নিষ্পত্তিম্ ॥১২৪॥
 যজনমিতি । যজ্ঞাদীনি তত্রত্যতীর্ণানাং নামানি । উপস্পৃশ্য স্নাত্বা ॥১২৫॥
 নম্বল্লায়াং দেবিকায়াং কথং কামাখ্যাদীনি পঞ্চ তীর্ণানীত্যাহ—অর্দ্ধেতি ॥১২৬॥

এবং যেখানে ত্রিভুবনবিখ্যাত শিবস্থান বহিষাছে, সেই দেবিকানদীতে স্নান
 কবিয়া, শিবের পূজা এবং তাঁহাকে যথাশক্তি চক্ৰ নিবেদন কবিয়া মানুষ সৰ্বাঙ্গসম্পন্ন
 যজ্ঞের ফল লাভ কবে ॥১২২—১২৩॥

সেই দেবিকাতে দেবসেবিত কামনামে শিবতীর্থ আছে, ভবতনন্দন ! তাহাতে
 স্নান করিয়া মানুষ সর্ব সিদ্ধি লাভ কবে ॥১২৪॥

এবং দেবিকাতে যজন, যাজন, ব্রহ্মবালুক ও পুষ্পান্ত্রনামে চাবিটা তীর্থ আছে,
 তাহাতে স্নান কবিয়া পবজন্মে শোকভাগী হয় না ॥১২৫॥

প্রত্যক্ষদর্শীবা বলেন—দেবিকাতীর্থ বিস্তারে অর্দ্ধযোজন এবং দৈর্ঘ্যে পঞ্চযোজন,
 পবিত্র ও দেবর্ষিসেবিত ॥১২৬॥

ধর্মজ্ঞ ! তাহাব পব যথাক্রমে দীর্ঘসত্রতীর্থে গমন কবিবে, যেখানে ব্রহ্মর্ষিগণ,
 দেবগণ, সিদ্ধগণ ও মহর্ষিগণ কৃতসঙ্কল্প ও নিয়মযুক্ত হইয়া দীর্ঘকাল যজ্ঞ কবিয়া
 থাকেন ॥১২৭॥

গমনাদেব বাজেন্দ্র ! দীর্ঘসত্রমরিন্দম ! ।
 বাজসূযাশ্বমেধাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥১২৮॥
 ততো বিনশনং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ ।
 গচ্ছত্যন্তুর্হিতা যত্র মেরুপৃষ্ঠে সবস্বতী ॥১২৯॥
 চমসে চ শিবোদ্ভেদে নাগোদ্ভেদে চ দৃশ্যতে ।
 স্নাত্বা চ চমসোদ্ভেদে অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১৩০॥
 শিবোদ্ভেদে নবং স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ।
 নাগোদ্ভেদে নরঃ স্নাত্বা নাগলোকমবাগ্নুয়াৎ ॥১৩১॥
 শশযানঞ্চ রাজেন্দ্র ! তীর্থমাসাং দুর্লভম্ ।
 শশরূপপ্রতিচ্ছনাঃ পুঙ্করা যত্র ভারত ! ॥১৩২॥
 সবস্বত্যাং মহাবাজ ! অনুসংবৎসরং হি তে ।
 দৃশ্যন্তে ভবতশ্ৰেষ্ঠ ! বৃত্তাং বৈ কার্ত্তিকীং সদা ॥১৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি । দীর্ঘসত্রং তদাখ্যং তীর্থম্ । উপাসন্তে উপাসতে । ষট্‌পাদমিদং পত্রম্ ॥১২৭॥
 গমনাদিতি । দীর্ঘসত্রং প্রাতি । রাজসূযাশ্বমেধাভ্যাং তৎফলাভ্যাং তুল্যম্ ॥১২৮॥
 তত ইতি । বিনশনং তদাখ্যং তীর্থম্ । মেরুপৃষ্ঠে স্তমেরুপর্বতে ॥১২৯॥
 চমস ইতি । চমসাদীনি বিনশনস্থানবিশেষনামানি । দৃশ্যতে সবস্বতী ॥১৩০॥
 শিবেতি । গোসহস্রস্ত গোসহস্রদানস্ত ফলম্ ॥১৩১॥
 শশেতি । শশযানং তদাখ্যম্ । নহু তন্তীর্থস্ত শশযানমিতি নাম কথমিত্যাহ—শশেতি । যত্র
 তীর্থে, তে প্রসিদ্ধাঃ, পুঙ্করাঃ সারসাঃ পক্ষিণঃ, শশকপেণ শশাখ্যহরিণাকৃত্যা প্রতিচ্ছনা

অবিন্দম রাজশ্ৰেষ্ঠ ! মানুষ দীর্ঘসত্রতীর্থে গমন কবিয়াই রাজসূয় ও অশ্বমেধ-
 যজ্ঞের ফল লাভ কবে ॥১২৮॥

তাহার পব নিবামিষ একভক্তাদি নিয়মযুক্ত হইয়া বিনশনতীর্থে গমন কবিবে ।
 যেখানে সবস্বতীনদী অন্তর্হিত হইয়া মেরুপৃষ্ঠে গিয়াছে ॥১২৯॥

আব, চমস, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদে সবস্বতীকে দেখা যায় । সেই চমসোদ্ভেদে
 স্নান কবিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ কবিবে ॥১৩০॥

মানুষ শিবোদ্ভেদে স্নান কবিয়া সহস্র গোদানের ফল লাভ করিবে এবং নাগো-
 দ্ভেদে স্নান কবিয়া নাগলোকে গমন করিবে ॥১৩১॥

বাজশ্ৰেষ্ঠ ! তাহার পব দুর্লভ শশযানতীর্থে গমন কবিবে ; ভারতনন্দন
 মহারাজ ! যেখানে সেই সাবসপক্ষিগণ শশকপ ধাবণ কবিয়া প্রতিবৎসর

(১২৮)...প্রাপ্নোতি ভারত !—বা ব কা । (১৩৩)...বৃত্তাং বৈ কার্ত্তিকীং সদা—বা ব কা ।

তত্র স্নাত্বা নবব্যাস্ত্র ! ছোততে শশিবৎ সদা ।
 গোসহস্রফলৈশ্চৈব প্রাপ্নুযাদ্ভবতর্ষভ ! ॥১৩৪॥ (বিশেষকম)
 কুমাবকোটীমাসাশ্র নিষতঃ কুরনন্দন । ।
 তত্রাভিষেকং কুব্বীত পিতৃদেবার্চনে বতঃ ॥১৩৫॥
 গবাময়নমাপ্নোতি কুলশ্চৈব সমুদ্রবেৎ ।
 ততো গচ্ছেত ধর্মজ্ঞঃ ! রুদ্রকোটিং সমাহিতঃ ॥১৩৬॥
 পুবা যত্র মহাবাজ ! মুনিকোটিং সমাগতা ।
 হর্ষণে মহতাবিষ্ঠা রুদ্রদর্শনকাঙ্ক্ষয়া ॥১৩৭॥
 অহং পূর্বমহং পূর্বং দ্রেক্ষ্যামি বৃষভধ্বজম্ ।
 এবং সম্প্রস্থিতা বাজন্নৃষযঃ কিল ভারত ! ॥১৩৮॥
 ততো যোগেশ্ববেণাপি যোগমাশ্রায় ভূপতে । ।
 তেষাং মন্যুপ্রণাশার্থমুষীণাং ভাবিতাত্মনাম্ ॥১৩৯॥

ভারতকৌমুদী

শুভ্রস্বরূপাঃ সন্তঃ, অনুসংবৎসরং প্রতিবৎসরম্, বৃত্তাং জাতাম্, কার্ত্তিকীং কার্ত্তিকমাসপূর্ণিমাং প্রাপ্য,
 সরস্বত্যং নদ্যাং দৃষ্টতে, তত্র স্নাত্বা ॥১৩২—১৩৪॥

কুমারেতি । কুমাবকোটিং তদাখ্যং তীর্থম্, নিষত উপবাসাদিনিষমবান্ ॥১৩৫॥

গবামিতি । গবাময়নং তদাখ্যং যজ্ঞং তৎফলমিত্যর্থঃ । রুদ্রকোটিং তীর্থম্ ॥১৩৬॥

পুরেতি । মুনিকোটিং কোটিনংখ্যক্ মুনয়ঃ ॥১৩৭॥

অহমিতি । এবং ভ্রুবন্ত ইতি শেযঃ, সম্প্রস্থিতা কদ্রাস্তিকং গন্তং প্রবৃত্তাঃ ॥১৩৮॥

কার্ত্তিকী পূর্ণিমাং দিনে সর্বস্বতীনদীতে লোকেব দৃষ্টিগোচব হইয়া থাকে, সেই
 শশয়ানতীর্থে স্নান কবিয়া সর্বদা চন্দ্রেব ত্রায় কার্ত্তিমান্ হইয়া থাকে এবং সহস্র
 গোদানের ফল লাভ কবে ॥১৩২—১৩৪॥

কুরনন্দন ! তাহাব পব কোন নিষমযুক্ত হইয়া কুমাবকোটীতীর্থে যাইয়া স্নান
 কবিবে এবং পিতৃদেবার্চনে ব্যাপৃত হইবে ॥১৩৫॥

তাহা হইলে সে লোক গবায়নযজ্ঞেব ফল লাভ কবিবে এবং আত্মবংশ উদ্ধার
 কবিত্তে পাবিবে । তৎপবে সংযত হইয়া কদ্রকোটীতীর্থে গমন কবিবে ॥১৩৬॥

মহাবাজ ! পূর্বকালে যে তীর্থে কোটীসংখ্যক মুনি কদ্রকে দেখিবাব ইচ্ছায়
 অত্যন্ত হর্ষাবিষ্ট হইয়া আসিয়াছিলেন ॥১৩৭॥

ভবতনন্দন রাজা ! ‘আমি আগে মহাদেবকে দেখিব, আমি আগে মহাদেবকে
 দেখিব’ এইরূপ বলিতে থাকিয়া ঋষিবা যাইতে লাগিলেন ॥১৩৮॥

(১৩৬) গবামযুতমাপ্নোতি... বা ব কা ।

বন-২০ (৭)

সৃষ্টি কোটীতি রুদ্রাণামৃষীগামগ্রতঃ স্থিতা ।
 ময়া পূর্বতবং দৃষ্ট ইতি তে মেনিবে পৃথক্ ॥১৪০॥ (যুগ্মকম্)
 তেষাং তুষ্টি মহাদেবো মুনীনাং ভাবিতান্নাম্ ।
 ভক্ত্যা পবময়া রাজন্ । ববং তেষাং প্রদিক্ষবান্ ।
 অগ্ৰপ্রভৃতি যুগ্মাকং ধর্মবুদ্ধির্ভবিষ্যতি ॥১৪১॥
 তত্র স্নাত্বা নবব্যান্ত্র ! রুদ্রকোটি্যাং নবঃ শুচিঃ ।
 অশ্বমেধমবাপ্নোতি কুলক্লেব সমুদ্ধবেৎ ॥১৪২॥
 ততো গচ্ছেত বাজেন্দ্র ! সঙ্গমং লোকবিশ্রুতম্ ।
 সরস্বত্যা মহাপুণ্যং কেশবং সমুপাসতে ॥১৪৩॥
 যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়ঃ সিদ্ধচাবণাঃ ।
 অভিগচ্ছন্তি বাজেন্দ্র ! চৈত্রেশুরূচতুর্দশীম্ ॥১৪৪॥

ভাবতকৌমুদী

তত ইতি । যোগং যোগজাং শক্তিম্ । মন্যপ্রণাশার্থং দৈন্ত্রনিবাবণার্থম্ । ঋষীগাং প্রত্যেক-
 মগ্রতঃ স্থিতা কদ্রাণাং কোটী সৃষ্টা, ইতি হেতোঃ, তে ঋষয়ঃ ॥১৩৯—১৪০॥
 তেষামিতি । প্রদিক্ষবান্ দত্তবান্ । কোহর্সো বব ইত্যাহ—অথোতি । ষট্‌পাদমিদং পঞ্চম্ ॥১৪১॥
 তত্রোতি । অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥১৪২॥
 তত ইতি । সমুপাসতে যত্র মুনয় ইতি শেষঃ ॥১৪৩॥

বাজা ! তখন মহাদেবও যোগপ্রভাব অবলম্বন করিয়া, সেই বিশুদ্ধচিত্ত
 ঋষিদের দৈন্ত্রনিবাবণেব জন্ম, তাঁহাদের প্রত্যেকের সম্মুখে (এক একটা হিসাবে)
 এককোটি কদ্র হইলেন ; এই কাবণে সেই ঋষিবা প্রত্যেকেই ‘আমি আগে
 দেখিয়াছি’ এইরূপ ধাবণা কবিলেন ॥১৩৯—১৪০॥

রাজা ! তৎপবে মহাদেব সেই বিশুদ্ধচিত্ত ঋষিদের পবম ভক্তিতে তাঁহাদের
 উপবে সন্তুষ্ট হইয়া বব দিলেন যে, ‘আজ হইতে তোমাদের ধর্মবুদ্ধি হইবে’ ॥১৪১॥

নবশ্রেষ্ঠ ! মানুষ সেই কদ্রকোটিতীর্থে স্নান কবিয়া নিষ্পাপ হইবে, অশ্বমেধ-
 যজ্ঞেব ফল লাভ কবিবে এবং কুল উদ্ধাব কবিতে পাবিবে ॥১৪২॥

বাজশ্রেষ্ঠ ! তাহাব পব জগদ্বিখ্যাত মহাপুণ্য সবস্বতীসঙ্গমে গমন কবিবে,
 যেখানে মুনিবা নাবায়ণেব উপাসনা কবিয়া থাকেন ॥১৪৩॥

রাজশ্রেষ্ঠ ! ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ ও চাবণগণ চৈত্রমাসেব শুক্লপক্ষেব
 চতুর্দশী লক্ষ্য কবিয়া যেখানে স্নান কবিতে যাইয়া থাকেন ॥১৪৪॥

তত্র স্নাত্বা নবব্যাস্ত্র ! বিন্দেরহুস্বৰ্ণকম্ ।
 সৰ্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥১৪৫॥
 ঋষীণাং যত্র সত্রাণি সমাপ্তানি নবাধিপ ।।
 সত্রাবসানমাসাত্ত্ব গোসহস্রফলং লভেৎ ॥১৪৬॥

ইতি শ্ৰীমহাভাবতে শতসাহস্ৰাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপৰ্ব্বণি
 তীৰ্থযাত্রায়াং নানাতীৰ্থকথনে সপ্তমষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥ *

—:~:—

অষ্টমষ্টিতমোহধ্যায়ঃ-।

—:~:—

পুলস্ত্য উবাচ ।

ততো গচ্ছেত রাজেন্দ্র । কুব্ধেন্দ্রমভিষ্কৃতম্ ।
 পাপেভ্যো যত্র মুচ্যন্তে দৰ্শনাৎ সৰ্ব্বজন্তবঃ ॥১॥
 কুব্ধেন্দ্রং গমিষ্যামি কুব্ধেন্দ্রে বসাম্যহম্ ।
 য এবং সততং ক্রয়াৎ সোহপি পাটৈর্বিমুচ্যতে ॥২॥

ভাবতকৌমুদী

যত্রোতি । চৈত্রশুক্লচতুর্দশীম্ অভি লক্ষ্যীকৃত্য, গচ্ছন্তি স্নাতুমিতি শেষঃ ॥১৪৪॥
 তত্রোতি । বহুস্বৰ্ণকং বহুস্বৰ্ণদানজগুং ফলম্, বিন্দেরং লভেত ॥১৪৫॥
 ঋষীণামিতি । সত্রাণি যজ্ঞাঃ । তৎ সত্রাবসানং তদাখ্যং তীৰ্থম্ ॥১৪৬॥
 ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং
 মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বনপৰ্ব্বণি তীৰ্থযাত্রায়াং সপ্তমষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥

—:~:—

তত ইতি । অভিষ্কৃতং পুণ্যস্থানং মূনিভিঃ প্রশংসিতম্ । দৰ্শনান্তঃশ্রব ॥১॥
 নবশ্ৰেষ্ঠ । সেই সবস্বতীসঙ্গমে স্নান কৰিয়া মানুষ বহু স্বৰ্ণদানেব ফল পায়
 এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন কবে ॥১৪৫॥
 আব, বাজা । যেখানে ঋষিদের যজ্ঞ সমাপ্ত হইয়াছিল, সেই সত্রাবসানতীৰ্থে
 যাইয়া মানুষ সহস্র গোদানেব ফল লাভ কৰিবে” ॥১৪৬॥

—:~:—

পুলস্ত্য বলিলেন—“বাজশ্ৰেষ্ঠ । তাহাব পব সৰ্বতোভাবে প্রশংসিত কুব্ধেন্দ্রে
 গমন কৰিবে ; যেখানে দৰ্শনমাত্ৰেই সকল প্ৰাণী পাপ হইতে মুক্ত হয় ॥১॥

* ‘...দ্বাশীতিতমঃ...’ —বা ব কা পি, ‘...অশীতিতমঃ...’ —নি । (২)...ক্রয়াৎ সৰ্বপাটৈঃ
 প্রমুচ্যতে—বা ব কা ।

পাংশবোহপি কুরুক্ষেত্রে বায়ুনা সমুদীবিতাঃ ।
 অপি দুষ্কৃতকর্মাণং নয়ন্তি পরমাং গতিম্ ॥৩॥
 দক্ষিণেন সরস্বত্যা দৃষদ্বত্যাভবেণ চ ।
 যে বসন্তি কুরুক্ষেত্রে তে বসন্তি ত্রিপিষ্টপে ॥৪॥
 তত্র মাসং বসেদ্বীবঃ সরস্বত্যাং নরাধিপ ! ।
 যত্র ব্রহ্মাদযো দেবা ঋষয়ঃ সিদ্ধচারণাঃ ॥৫॥
 গন্ধর্ব্বাপ্সবসো যক্ষাঃ পন্নগাশ্চ মহীপতে ! ।
 ব্রহ্মক্ষেত্রং মহাপুণ্যমভিগচ্ছন্তি ভাবত ! ॥৬॥ (যুগ্মকম্)
 মনসাহপ্যতিকামস্য কুরুক্ষেত্রং যুধিষ্ঠির ! ।
 পাপানি বিপ্রশশ্যন্তি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥৭॥

ভারতকৌমুদী

কুর্কিতি । স্ত্যর্থবাদোহযম্ । এবমপবেহপি ॥২॥

পাংশব ইতি । পাংশবোহপি ধূলযোহপি, সমুদীবিতাঃ প্রেরিতাঃ ॥৩॥

দক্ষিণেনেতি । ত্রিপিষ্টপে স্বর্গে । কুরুক্ষেত্রস্য সোহংশঃ স্বর্গতুল্যা ইত্যাশয়ঃ ॥৪॥

তত্র ইতি । তত্র কুরুক্ষেত্রাংশে । ব্রহ্মক্ষেত্রং তপস্শাস্তানম্ ॥৫—৬॥

ভাবতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ “ততো গচ্ছেত বাজেদ্র । কুরুক্ষেত্র”মিতি কুরুক্ষেত্রপ্রস্তাবে বৃহস্পতি-
 কবাচ যাজ্ঞবল্ক্যম্—“যদনুকুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্বেষাং ভূতানাং ব্রহ্মসদন”মিতি ।
 জাবালোপনিষৎস্থ প্রসিদ্ধমনুকুরুক্ষেত্রং স্তোতি ব্রহ্মক্ষেত্রমিতি ॥৬॥ কুৎসিতং বোতীতি
 কুরু পাপং তস্য ক্ষেপণাং ত্রাযত ইতি কুরুক্ষেত্রং পাপনিবর্ত্তকং ব্রহ্মোপলক্ষিস্থানত্বাদ্ ব্রহ্মসদন-
 মিতি স্ত্রোতপদদ্বয়ার্থং সংগৃহ্যাত্যন্ধেন পাপানি চ প্রণশ্যন্তি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি, ব্রহ্মৈব

‘আমি কুরুক্ষেত্রে যাইব এবং কুরুক্ষেত্রে বাস কবিব’ এইরূপ সর্ব্বদা যে বলে,
 সেও পাপ হইতে মুক্ত হয় ॥২॥

কুরুক্ষেত্রের ধূলিগুলিও বায়ুকর্ভুক সঞ্চালিত হইয়া পাপিষ্ঠ লোকেবও উত্তম গতি
 সম্পাদন করে ॥৩॥

সবস্বতীনদীব দক্ষিণ এবং দৃষদ্বতীনদীব উত্তর—কুরুক্ষেত্রের এইস্থানে যাহাবা
 বাস কবে, তাহাবা স্বর্গেই বাস কবে ॥৪॥

ভবতনন্দন নবনাথ বাজা ! জ্ঞানী লোক সবস্বতীনদীব সেই স্থানে এক মাস
 বাস কবিবে ; যে স্থানে ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ, চাৰ্ণগণ, গন্ধর্ব্বগণ,
 অঙ্গবোঁগণ, যক্ষগণ ও নাগগণ মহাপুণ্য তপস্শাক্ষেত্র বলিয়া গমন করিয়া
 থাকেন ॥৫—৬॥

(৫) তত্র মাসং বসেদ্বীব ! সবস্বত্যাং যুধিষ্ঠির ।...বা ব কা ।

গত্বা হি শ্রদ্ধয়া যুক্তঃ কুরুক্ষেত্রং কুবরহ ! ।
 ফলং প্রাপ্নোতি চ তদা বাজসূযাশ্বমেধযোঃ ॥৮॥
 ততো মঙ্গলকং নাম দ্বারপালং মহাবলম্ ।
 যক্ষং সমভিবার্ঠেব গোসহস্রফলং লভেৎ ॥৯॥
 ততো গচ্ছেত ধর্মজ্ঞঃ । বিবেগাঃ স্থানমনুত্তমম্ ।
 সততং নাম রাজেন্দ্র । যত্র সন্নিহিতো হরিঃ ॥১০॥
 তত্র স্নাত্বা চ নত্বা চ ত্রিলোকপ্রভবং হবিম্ ।
 অশ্বমেধমবাপ্নোতি বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি ॥১১॥
 ততঃ পাবিপ্লবং গচ্ছেত্তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্ ।
 অগ্নিষ্টোমাতিবাত্রাত্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥১২॥

ভাবতকৌমুদী

মনসেতি । কুরুক্ষেত্রমুদ্दिष्ट, অভিকামশ্চ গমনাভিলাষিণঃ ॥৭॥
 গচ্ছেতি । শ্রদ্ধা কুরুক্ষেত্রতীর্থশ্চ পুণ্যজনকেষু বিশ্বাসস্তয়া ॥৮॥
 তত ইতি । সমভিবার্ঠেব অষ্টাঙ্গৈর্নমস্কৃত্যেব, গোসহস্রশ্চ তদানশ্চ ফলম্ ॥৯॥
 তত ইতি । ন বিত্ততে উত্তমং যক্ষাং তদনুত্তমং সর্কোত্তমং তীর্থমিত্যর্থঃ ॥১০॥
 তত্রোতি । প্রভবতাস্মাদিতি প্রভবঃ কাবণম্, “যতো বা ইমানি ভূতানি জাযন্তে” ইত্যাদিঃ
 শ্রুতে: “জন্মান্তশ্চ যতঃ” ইতি শারীরকস্মৃত্যুচ্চৈতি ভাবঃ ॥১১॥
 তত ইতি । অগ্নিষ্টোমাতিবাত্রাত্যাং তদাখ্যায়োর্বজ্জ্ববোঃ ॥১২॥

যুধিষ্ঠিব! মনে মনেও কুরুক্ষেত্রে গমনাভিলাষী লোকেব সমস্ত পাপ নষ্ট হয়
 এবং সে ব্রহ্মলোকে গমন কবে ॥৭॥

কৌববশ্রেষ্ঠ! শ্রদ্ধাশীল লোক কুরুক্ষেত্রে গমন কবিয়াই বাজসূয় ও অশ্বমেধ-
 যজ্ঞের ফল লাভ কবে ॥৮॥

তাহাব পব মহাবল ও দ্বারপাল ‘মঙ্গলক’-নামক যক্ষকে অষ্টাঙ্গে নমস্কাব
 কবিয়াই সহস্র গোদানের ফল লাভ কবিবে ॥৯॥

ধর্মজ্ঞ বাজশ্রেষ্ঠ! তদনন্তব সর্বতীর্থশ্রেষ্ঠ বিষ্ণুস্থানে গমন কবিবে। যেখানে
 বিষ্ণু সর্বদাই সন্নিহিত আছেন ॥১০॥

সেখানে স্নান কবিয়া এবং ত্রিভুবনকাবণ বিষ্ণুকে নমস্কাব কবিয়া অশ্বমেধযজ্ঞেব
 ফল লাভ কবে এবং বিষ্ণুলোকে গমন কবে ॥১১॥

তাহাব পর, মানুষ ত্রিভুবনবিখ্যাত পাবিপ্লবতীর্থে গমন কবিবে, তাহাতেই
 অগ্নিষ্টোম ও অতিরাত্রযজ্ঞেব ফল লাভ কবিবে ॥১২॥

(৯) ততো মচক্রুং রাজন্ ।...পি, ততশ্চ মঙ্গলং বাজন্ ।...নি । (১২)...ফলং প্রাপ্নোতি
 ভারত ।—বা ব কা নি ।

পৃথিবীতীর্থমাসাত্ত গোসহস্রফলং লভেৎ ।
 ততঃ শালুকিনীং গত্বা তীর্থসেবী নরাধিপ ! ॥১৩॥
 দশাশ্বমেধে স্নাত্বা চ তদেব ফলমাশ্নুয়াৎ ।
 সর্পদেবীং সমাসাত্ত নাগানাং তীর্থমুত্তমম্ ॥১৪॥
 অগ্নিষ্টোমমবাপ্নোতি নাগলোকঞ্চ বিন্দতি ।
 ততো গচ্ছেত ধর্মজ্ঞঃ । দ্বাবপালং তরস্তুকম্ ॥১৫॥ (বিশেষকম্)
 তত্রোষ্য রজনীমেকাং গোসহস্রফলং লভেৎ ।
 ততঃ পঞ্চনদং গত্বা নিয়তো নিয়তাশনঃ ॥১৬॥
 কোটিতীর্থমুপস্পৃশ্য হয়মেধফলং লভেৎ ।
 অশ্বিনোস্তীর্থমাসাত্ত রূপবানভিজায়তে ॥১৭॥ (যুগ্মকম্)
 ততো গচ্ছেত ধর্মজ্ঞঃ ! বারাহং তীর্থমুত্তমম্ ।
 বিষ্ণুর্বাহরূপেণ পূর্বং যত্র স্থিতোহভবৎ ॥১৮॥

ভাবতকৌমুদী

পৃথিবীতি । তত্রত্যপৃথিব্যাখ্যাতীর্থমিত্যর্থঃ । শালুকিনীং নদীম্, দশাশ্বমেধে তদাখ্যস্থানে ।
 তদেব গোসহস্রদানজগ্নমেব । সর্পদেবীং তদাখ্যম্ । অগ্নিষ্টোমং তদ্যজ্ঞফলম্ । তবস্তুকং
 তন্নামকম্ ॥১৩—১৫॥

তত্রোতি । উষ্য বাসং কৃত্বা । নিয়তো নিরামিষাহাবানিষমবান্, নিয়তাশন একভক্তাদিনিয়ম-
 যুক্তশ্চ । কোটিতীর্থং প্রাপ্যোতি শেষঃ, উপস্পৃশ্য তত্র স্নাত্বা ॥১৬—১৭॥

তত ইতি । বাবাহনায়ঃ কাবণমাহ—বিষ্ণুবিতি ॥১৮॥

নবনাথ ! তদনন্তব তীর্থসেবী লোক পৃথিবীতীর্থে যাইয়া সহস্র গোদানের ফল
 লাভ কবিবে । তৎপবে শালুকিনীনদীতে যাইয়া দশাশ্বমেধস্থানে স্নান কবিয়া সেই
 সহস্র গোদানের ফলই পাইবে । তৎপবে উত্তম নাগতীর্থ সর্পদেবীতে যাইয়া
 অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ কবে এবং নাগলোকে গমন কবে । ধর্মজ্ঞ ! তাহাব পর
 ‘তবস্তুক’-নামক দ্বাবপালের নিকট যাইবে ॥১৩—১৫॥

সেখানে একবাত্রি বাস করিবা সহস্র গোদানের ফল লাভ কবিবে । তৎপরে
 পঞ্চনদে যাইয়া, নিবামিষ একভক্তাদি নিয়মযুক্ত হইয়া, তত্রত্য কোটিতীর্থে স্নান
 কবিয়া, অশ্বমেধযজ্ঞের ফল লাভ কবিবে । তৎপবে অশ্বিনীকুমাবদ্বয়ের তীর্থে যাইয়া
 রূপবান্ হইবে ॥১৬—১৭॥

ধর্মজ্ঞ ! তাহার পর উত্তম বাবাহতীর্থে গমন করিবে ; যেখানে পূর্বের বিষ্ণু
 বরাহরূপে অবস্থান কবিয়াছিলেন ॥১৮॥

(১৫)....নাগলোকঞ্চ গচ্ছতি....দ্বাবপালমবর্ণকম্—পি ।

তত্র স্নাত্বা নবব্যাশ্র । অগ্নিষ্টোমফলং লভেৎ ।
 ততো জয়ন্ত্যাং রাজেন্দ্র । সোমতীর্থে সমাবিশেৎ ॥১৯॥
 স্নাত্বা ফলমবাপ্নোতি রাজসূযস্য মানবঃ ।
 একহংসে নবঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥২০॥
 কৃতশৌচং সমাসাশ্র তীর্থসেবী নবাধিপ ! ।
 পুণ্ডরীকমবাপ্নোতি কৃতশৌচো ভবেচ্চ সঃ ॥২১॥
 ততো মুঞ্জবটং নাম স্থাণোঃ স্থানং মহাত্মনঃ ।
 উপোষ্য বজনীমেকাং গাণপত্যমবাগ্নুয়াৎ ॥২২॥
 তত্রৈব চ মহাবাজ । যক্ষিণীং লোকবিশ্রুতাম্ ।
 স্নাত্বাভিগম্য বাজেন্দ্র । সৰ্বান্ কামানবাগ্নুয়াৎ ॥২৩॥
 কুরুক্ষেত্রস্য তদ্বাবং বিশ্রুতং ভবতর্ষভ ! ।
 প্রদক্ষিণমুপারুত্য তীর্থসেবী সমাহিতঃ ॥২৪॥

ভাবতকৌমুদী

তত্রৈতি । অগ্নিষ্টোমস্য যজ্ঞস্য ফলম্ । জয়ন্ত্যাং তদাখ্যস্থানে ॥১৯॥
 স্নাত্বৈতি । একহংসে তদাখ্যে তীর্থে । গোসহস্রস্য তদানস্য ফলম্ ॥২০॥
 কৃতৈতি । কৃতশৌচং তন্নামকম্ । পুণ্ডরীকং পুণ্ডরীকাক্ষং বিষ্ণুং ॥২১॥
 তত ইতি । স্থাণোঃ শিবস্য উপ লক্ষ্যীকৃত্য উগ্র্য স্থিত্বা গাণপত্যং প্রমথপ্রাধান্যম্ ॥২২॥
 তত্রৈতি । লোকবিশ্রুতাং যক্ষিণীমভিগম্য স্নাত্বৈতি সধকঃ ॥২৩॥

নরশ্রেষ্ঠ বাজেন্দ্র ! সেই বাবাহতীর্থে স্নান কবিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ
 কবিবে । তাহাব পব জয়ন্তীনগবে সোমতীর্থে প্রবেশ কবিবে ॥১৯॥

সেখানে স্নান কবিয়া মানুষ বাজসূযযজ্ঞের ফল লাভ কবে এবং একহংসতীর্থে
 স্নান কবিয়া সহস্র গোদানের ফল পাইবে ॥২০॥

নবনাথ ! তৎপবে তীর্থসেবী লোক 'কৃতশৌচ'-নামক তীর্থে যাইয়া বিষ্ণুকে
 লাভ কবিবে এবং পবম পবিত্র হইবে ॥২১॥

তাহাব পব মহাত্মা শিবের 'মুঞ্জবট'-নামক স্থানে যাইয়া একবাত্রি বাস কবিয়া,
 প্রমথগণের মধ্যে প্রাধান্য লাভ কবিবে ॥২২॥

মহাবাজ ! সেই স্থানেই জগদ্বিখ্যাত যক্ষিণী নিকটে যাইয়া স্নান কবিয়া
 সমস্ত অভীষ্ট লাভ কবিবে ॥২৩॥

ভবতশ্রেষ্ঠ ! সেই স্থানটী বিখ্যাত কুরুক্ষেত্রের দ্বাব ; স্মৃতবাং তীর্থসেবী

সন্মিতে পুঙ্করাণাঞ্চ স্নাত্তার্চ্য পিতৃদেবতাঃ ।
 জামদগ্ন্যেন রামেণ কৃতং তৎ স্মমহাত্মনা ॥২৫॥
 কৃতকৃত্যো ভবেদ্রাজমশ্বমেধঞ্চ বিন্দতি ।
 ততো রামহুদান্ গচ্ছেত্তীর্থসেবী সমাহিতঃ ॥২৬॥ (বিশেষকম)
 যত্র রামেণ রাজেন্দ্র ! তরসা দীপ্ততেজসা ।
 ক্ষত্রমুৎসাহ্য বীবেণ হুদাঃ পঞ্চ নিবেশিতাঃ ॥২৭॥
 পূরয়িত্বা নবব্যাত্র ! রুধিরেণেতি নঃ শ্রুতম্ ।
 পিতবস্তর্পিতাঃ সর্বে তথৈব প্রপিতামহাঃ ॥২৮॥ (যুগ্মকম)
 ততস্তে পিতবঃ শ্রীতা রামমূর্চনবাধিপ ! ।
 রাম ! রাম ! মহাভাগ ! শ্রীতাঃ স্ম তব ভার্গব ! ॥২৯॥
 অনয়া পিতৃভক্ত্যা চ বিক্রমেণ চ তে প্রভো ! ।
 ববং বৃগীষ ভদ্রং তে কিমিচ্ছসি মহাত্ম্যতে ! ॥৩০॥ (যুগ্মকম)

ভাবতকৌমুদী

কুর্বিবতি । প্রদক্ষিণমুপাবৃত্য প্রদক্ষিণং কৃত্বাগত্য । পুঙ্কবাণাং সন্মিতে পুঙ্কবতীর্থতুল্যে তস্মিন্
 কুরুক্ষেত্রধাবে । আর্চ্য পূজয়িত্বা । সমাহিত একাগ্রচিত্তঃ ॥২৪—২৬॥

যত্রোতি । তবসা বলেন । নিবেশিতাঃ কৃতাঃ । নঃ অস্মাকম্ ॥২৭—২৮॥

তত ইতি । অশব্দঃ পাদপূরণে । হে প্রভো ! বলপ্রভাবযুক্ত ! ॥২৯—৩০॥

ভারতভাবদীপঃ

লোকস্তং ব্রহ্মবিদভূত্বা ব্রহ্মৈব ভবতীত্যর্থঃ ॥৭॥ শ্রোতস্ত দেবযজনপদস্তার্থং সংগৃহীতি
 বাজস্বযোতি ॥৮—২৩॥ কুরুক্ষেত্রস্ত প্রস্তুতস্ত তৎ যক্ষাভিবন্দনাদিকং দ্বারং প্রাপকং তথেষং

লোক একাগ্রচিত্তে সেই স্থানটীকে প্রদক্ষিণ কবিরী আসিয়া, পুঙ্কবতুল্য সেই
 তীর্থে স্নান করিয়া এবং পিতৃগণ ও দেবগণের পূজা করিয়া, কৃতকার্য হইবে এবং
 অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে । কাবণ, অতিমহাত্মা জমদগ্নিপুত্র বাম সেই
 স্থানটী নির্মাণ করিয়াছিলেন । তাহাব পর তীর্থসেবী লোক একাগ্রচিত্তে বামহুদে
 গমন কবিবে ॥২৪—২৬॥

রাজশ্রেষ্ঠ ! মহাপ্রভাবশালী ও মহাবীর রাম বলপূর্বক ক্রিয়াদিগকে সংহার
 করিয়া এবং তাঁহাদেবই রক্তে পূর্ণ কবিরী যেখানে পাঁচটি হুদ স্থাপন কবিরীছিলেন ;
 আব সেই বক্তৃৎসবাই পিতৃগণ ও পিতামহগণের তর্পণ কবিরীছিলেন, ইহা আমাদের
 শুনা আছে ॥২৭—২৮॥

(২৫) সন্মিতং পুঙ্করাণাঞ্চ—বা ব কা । (২৬)....পিতরঃ শ্রীতা—পি । প্রথমার্দ্ধাৎ পরম্
 'পিতর উচুঃ'—বা ব কা পি । (৩০)....কিমিচ্ছসি মহাত্ম্যতে !—পি ।

এবমুক্তঃ স বাজেন্দ্র । রামঃ প্রহরতাং ববঃ ।
 অত্রবীৎ প্রাঞ্জলির্বাচ্যং পিতৃন্ স গগনে স্থিতান্ ॥৩১॥
 ভবন্তো যদি মে প্রীতা যদ্বনুগ্রাহতা মষি ।
 পিতৃপ্রসাদমিচ্ছেৎ তপ আপ্যায়নং পুনঃ ॥৩২॥
 যচ্চ রোষাভিভূতেন ক্ষত্রেমুৎসাদিতং ময়া ।
 ততশ্চ পাপান্মুচ্যেয়ং যুস্মাকং তেজসাপ্যহম্ ॥৩৩॥
 হৃদাশ্চ তীর্থভূতা মে ভবেয়ুর্ভুবি বিশ্রুতাঃ ।
 এতচ্ছ্রুত্বা শুভং বাক্যং বামস্য পিতবস্তদা ॥৩৪॥
 প্রতৃত্যচুঃ পবমপ্রীতা রামং হর্ষসমম্বিতাঃ ।
 তপস্তে বর্দ্ধতাং ভূষঃ পিতৃভক্ত্যা বিশেষতঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

এবমিতি । স প্রসিদ্ধঃ । প্রহরতাং যোদ্ধুংগাম্ । স প্রাক্প্রস্তুতঃ ॥৩১॥

ভবন্ত ইতি । পুনরপি, আপ্যায়তে প্রবর্দ্ধত ইত্যাপ্যায়নং প্রবৃদ্ধং তপশ্চ ॥৩২॥

যদिति । ততশ্চ তজ্জনিতাচ্চ । তেজসা বরপ্রভাবেণ ॥৩৩॥

হৃদা ইতি । তীর্থভূতাঃ পাপনিদর্শনীভূতা অপি পাপনাশকা ইত্যাশয়ঃ । হর্ষসমম্বিতা
 হর্ষণোৎফুল্লমুখা ইত্যর্থঃ স্বেষু ভক্ত্যাতিশয়দর্শনাদिति ভাবঃ ॥৩৪—৩৫॥

বাজা । তাহাব পব সেই পিতৃগণ সন্তুষ্ট হইয়া রামকে বলিলেন—“বাম ।
 বাম । মহাঅন্ । ভৃগুনন্দন । প্রভাবসম্পন্ন । মহাশক্তিশালিন্ । তোমাব এই
 পিতৃভক্তি ও বিক্রম দেখিয়া তোমাব উপবে আমবা সন্তুষ্ট হইযাছি , স্মৃতবাং
 তোমাব মঙ্গল হউক, তুমি কি ইচ্ছা কব, সেই বব গ্রহণ কব” ॥২৯—৩০॥

রাজশ্রেষ্ঠ ! পিতৃগণ এইকপ বলিলে, যোদ্ধুশ্রেষ্ঠ বাম কৃতাজ্জলি হইয়া আকাশ-
 স্থিত পিতৃগণকে এই কথা বলিলেন—॥৩১॥

“আপনাবা যদি আমাব উপবে সন্তুষ্ট হইয়া থাকেন এবং আমি যদি আপনাদেব
 অনুগ্রহেব যোগ্য হইয়া থাকি, তবে আমি আপনাদেব প্রসন্নতা ইচ্ছা কবি, আব
 আবাব সাতিশয তপস্যা ইচ্ছা কবি ॥৩২॥

এবং আমি ক্রোধেব বশীভূত হইয়া ক্ষত্রিয়জাতিকে যে উৎসন্ন কবিযাছি,
 আপনাদেব ববপ্রভাবে আমি সেই পাপ হইতে যেন মুক্ত হইতে পাবি ॥৩৩॥

আব, আমাব এই হৃদগলি যেন জগদ্বিখ্যাত তীর্থ হয় ।” বামেব এই মঙ্গলময
 বাক্য শুনিয়া পিতৃগণ পবম সন্তুষ্ট ও উৎফুল্লবদন হইয়া বামকে বলিলেন—“তোমার
 বিশেষ পিতৃভক্তিবশতঃ আবাবও তপস্যা বৃদ্ধি লাভ ককক ॥৩৪—৩৫॥

যচ্চ বোষাভিভূতেন ক্ষত্রমুৎসাদিতং ত্বয়া ।
 ওতশ্চ পাপান্মুক্তস্ত্বং পতিতাস্তে স্বকর্মাভিঃ ॥৩৬॥
 হ্রদাশ্চ তব তীর্থত্বং গমিষ্যন্তি ন সংশয়ঃ ।
 হ্রদেষুতেষু যঃ স্নাত্বা পিতৃন্ সন্তুর্পয়িষ্যতি ॥৩৭॥
 পিতবস্তস্য বৈ প্রীতা দাস্ত্যন্তি ভুবি দুর্লভম্ ।
 ঈঙ্গিতঞ্চ মনঃকামং স্বর্গলোকঞ্চ শাস্বতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
 এবং দত্ত্বা ববান্ বাজন্ ! রামস্য পিতবস্তদা ।
 আমন্ত্র্য ভার্গবং প্রীত্যা তত্রৈবান্তর্হিতাস্ততঃ ॥৩৯॥
 এবং বামহ্রদাঃ পুণ্যা ভার্গবস্য মহাত্মনঃ ।
 স্নাত্বা হ্রদেষু রামস্য ব্রহ্মচারী শুভব্রতঃ ॥৪০॥
 বামমভ্যর্চ্য বাজেন্দ্র । লভেদ্বহুস্বর্ণকম্ ।
 বংশমূলকমাসাঢ় তীর্থসেবী কুরুদ্বহ । ॥৪১॥
 স্ববংশমুদ্ধবেদ্রোজন্ । স্নাত্বা বৈ বংশমূলকে ।
 কায়শোধনমাসাঢ় তীর্থং ভবতসত্তম ! ॥৪২॥

ভাবতকৌমুদী

যদিতি । পতিতা উৎসন্নঃ, অতন্তুমুক্তো ববগ্রয়োজনমেব নাস্তীতি ভাবঃ ॥৩৬॥
 হ্রদা ইতি । গমিষ্যন্তি, অস্মাকং ববাদিত্যাশয়ঃ । ঈঙ্গিতং সর্কেবিষ্টম্ ॥৩৭—৩৮॥
 এবমিতি । তত্রৈব আকাশ এব । ততো দৃষ্টিবিষয়াৎ ॥৩৯॥

তুমি ক্রোধেব বশীভূত হইয়া যে ক্ষত্রিয়জাতিকে উৎসন্ন কবিয়াছ, সে পাপ হইতে তুমি মুক্তই আছ । কাবণ, তাহাবা আপন আপন কর্ম্মই উৎসন্ন হইয়া গিয়াছে ॥৩৬॥

আব, তোমাব হ্রদগুলিও তীর্থ হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই, সুতবাং যে লোক এই হ্রদগুলিতে স্নান কবিয়া পিতৃতর্পণ কবিবে, পিতৃগণ তাহাব উপবে সন্তুষ্ট হইয়া, জগতে দুর্লভ এবং সকলেবই অভীষ্ট তাহাব প্রত্যাশিত বিষয় পূরণ কবিবেন এবং চিবস্থায়ী স্বর্গ দান কবিবেন” ॥৩৭—৩৮॥

বাজা । তখন পিতৃগণ বামকে এইরূপ বব দান কবিয়া এবং সন্তোষ সহকাবে বামেব অনুমতি লইয়া সেইখানেই অস্তর্হিত হইলেন ॥৩৯॥

বালশ্রেষ্ঠ ! এইভাবে মহাত্মা বামেব হ্রদগুলি পুণ্যজনক হইয়াছিল ; সুতবাং তীর্থসেবী লোক ব্রহ্মচারী ও শুভনিয়মযুক্ত হইয়া, বামহ্রদে স্নান কবিয়া

শবীবশুন্ধিমান্নোতি স্নাতস্তস্মিন্ ন সংশয়ঃ ।
 শুদ্ধদেহশ্চ সংযাতি শুভান্ লোকাননুভবান্ ॥৪৩॥ (কলাপকম্)
 ততো গচ্ছেত ধৰ্ম্মজ্ঞঃ । তীৰ্থং ত্ৰৈলোক্যবিশ্ৰুতম্ ।
 লোকা যত্রোদ্ধৃতাঃ পূৰ্ব্বং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥৪৪॥
 লোকোদ্ধাবং সমাসাং তীৰ্থং ত্ৰৈলোক্যপূজিতম্ ।
 স্নাত্বা তীৰ্থববে রাজন্ । লোকানুদ্ভবতে স্বকান্ ॥৪৫॥
 শ্ৰীতীৰ্থং সমাসাং স্নাত্বা নিয়তমানসঃ ।
 অৰ্চযিত্বা পিতৃন্ দেবান্ বিন্দতে শ্ৰিয়মুভমাম্ ॥৪৬॥
 কপিলাতীৰ্থমাসাং ব্ৰহ্মচারী সমাহিতঃ ।
 তত্র স্নাত্বাৰ্চযিত্বা চ পিতৃন্ স্নান্ দৈবতান্যপি ॥৪৭॥
 কপিলানাং সহস্ৰশ্চ ফলং বিন্দতি মানবঃ ।
 সূৰ্য্যতীৰ্থং সমাসাং স্নাত্বা নিয়তমানসঃ ॥৪৮॥

ভাবতকৌমুদী

এবমিতি । স্নাত্বা বামহৃদয়েন বিখ্যাতা হৃদাঃ । বহুস্বৰ্ণকং বহুস্বৰ্ণদানফলম্ । বংশমূলকং তদাখ্যং তীৰ্থম্ । কাষশোধনং তন্নামকম্ । লোকান্ স্বৰ্গান্ ॥৪০—৪৩॥

তত ইতি । লোকা ভুবনানি, উদ্ধৃতাঃ প্রলয়জলধিজলাৎ, প্রভবিষ্ণুনা প্রভাববতা ॥৪৪॥

লোকেতি । লোকোদ্ধাবং তদাখ্যম্ । লোকান্ পিতৃপুরুষান্ ॥৪৫॥

শ্ৰীতি । নিয়তমানসঃ কামাদিনিবৃত্তচিত্তঃ । বিন্দতে লাভতে, শ্ৰিয়ং সম্পদম্ ॥৪৬॥

এবং বামেব পূজা কবিষা বহু স্ববৰ্ণদানেব ফল লাভ কবিবে । কুব্জশ্ৰেষ্ঠ বাজা । তৎপবে তীৰ্থসেবী লোক বংশমূলকতীৰ্থে যাইয়া এবং তাহাতে স্নান কবিষা আপন বংশ উদ্ধাব কবিবে । ভবতশ্ৰেষ্ঠ । তাহাব পব কাষশোধনতীৰ্থে যাইয়া তাহাতে স্নান কবিষা নিশ্চয়ই শবীবশুন্ধি লাভ কবিবে এবং শুদ্ধ শবীব হইয়া, সৰ্ব্বোৎকৃষ্ট ও মঙ্গলময় স্বৰ্গলোকে যাইবে ॥৪০—৪৩॥

ধৰ্ম্মজ্ঞঃ । তাহার পব ত্ৰিভুবনবিখ্যাত তীৰ্থে গমন কবিবে, যেখানে পূৰ্বে প্রভাবশালী বিষ্ণু প্রলয়সমুদ্রে হইতে জগৎ উদ্ধাব কবিষাছিলেন ॥৪৪॥

বাজা । ত্ৰিভুবনপূজিত সেই লোকোদ্ধাবতীৰ্থে যাইয়া, তাহাতে স্নান কবিষা আপন পিতৃপুরুষদিগকে উদ্ধাব কবিবে ॥৪৫॥

তৎপবে শ্ৰীতীৰ্থে যাইয়া, সংযতচিত্তে স্নান, পিতৃপূজা ও দেবপূজা কবিয়া, উত্তম সম্পদ লাভ কবিবে ॥৪৬॥

তাহাব পর মানুষ কপিলাতীৰ্থে যাইয়া, ব্ৰহ্মচারী ও একাগ্ৰচিত্ত হইয়া স্নান, পিতৃপূজা ও দেবপূজা কবিষা, সহস্ৰ কপিলাগোদানেব ফল লাভ কবে ।

(৪৩) শবীবশুন্ধিঃ স্নাতস্ত তস্মিন্তীৰ্থে ন সংশয়...বা ব কা ।

অর্চযিত্বা পিতৃন্ দেবানুপবাসপবাষণঃ ।
 অগ্নিষ্টোমমবাপ্নোতি সূর্য্যালোকঞ্চ গচ্ছতি ॥৪৯॥ (বিশেষকম্)
 গবাং ভবনমাসাদ্য তীর্থসেবী যথাক্রমম্ ।
 তত্রাভিষেকং কুর্বাণো গোসহস্রফলং লভেৎ ॥৫০॥
 শঙ্খিনীতীর্থমাসাদ্য তীর্থসেবী নবাধিপ ! ।
 দেব্যাস্তীর্থে নরঃ স্নাত্বা লভতে বীর্যমুত্তমম্ ॥৫১॥
 ততো গচ্ছেত রাজেন্দ্র । দ্বাবপালং তবস্তকম্ ।
 তচ্চ তীর্থং সবস্বত্যাং যক্ষেন্দ্রস্য মহাত্মনঃ ॥৫২॥
 তত্র স্নাত্বা নরো বাজন্ । অগ্নিষ্টোমফলং লভেৎ ।
 ততো গচ্ছেত ধর্মাজ্ঞ । ব্রহ্মাবর্তং নবাধিপ ॥৫৩॥
 ব্রহ্মাবর্তে নরঃ স্নাত্বা ব্রহ্মলোকমবাপ্নুযাৎ ।
 ততো গচ্ছেত রাজেন্দ্র । স্তুতীর্থকমনুত্তমম্ ॥৫৪॥

ভাবতকৌমুদী

কপিলেতি । সমাহিত একাগ্রচিত্তঃ । সহস্রশু সহস্রদানশু, নিযতমানস ইতি তীর্থকৃত্যস্নানাত্মাঙ্গং মধ্যে মধ্যে শ্ববযতি । অগ্নিষ্টোমং তৎফলম্ ॥৪৭—৪৯॥

গবামিতি । ভবন্ত্যশ্বিম্নিতি ভবনম্ উৎপত্তিস্থানম্ । অভিষেকং স্নানম্ ॥৫০॥

শঙ্খিনীতি । দেব্যাস্ত্যাঃ শঙ্খিনী এষ দুর্গায়াঃ । বীর্যং বলম্ ॥৫১॥

তত ইতি । তবস্তকং তনামকম্ । সবস্বত্যাং নত্বাম, যক্ষেন্দ্রস্য কুববেশু ॥৫২॥

তত্রোতি । তত্র যক্ষেন্দ্রতীর্থে । ব্রহ্মাবর্তং তদাখ্যং তীর্থম্ ॥৫৩॥

তদনন্তব সূর্য্যতীর্থে যাইয়া, সংযতচিত্ত ও উপবাসী থাকিয়া, স্নান, পিতৃপূজা ও দেবপূজা কবিয়া, অগ্নিষ্টোমযজ্ঞেব ফল লাভ কবে এবং সূর্য্যালোকে গমন কবে ॥৪৭—৪৯॥

তৎপবে তীর্থসেবী লোক ক্রমশঃ 'গোভবনতীর্থে যাইয়া, সেখানে স্নান কবিয়া সহস্র গোদানেব ফল লাভ কবিবে ॥৫০॥

বাজা ! তীর্থসেবী লোক শঙ্খিনীতীর্থে যাইয়া, সেই শঙ্খিনীদেবীতীর্থে স্নান কবিয়া উত্তম শক্তি লাভ কবে ॥৫১॥

বাজশ্রেষ্ঠ ! তাহাব পর 'তবস্তক'-নামক দ্বাবপালেব নিকট যাইবে ; সবস্বতী-নদীতীর্থে স্থানবিশেষে সেই তীর্থটি মহাত্মা কুববেব তীর্থ ॥৫২॥

বাজা ! সেই তীর্থে স্নান কবিয়া মানুষ-অগ্নিষ্টোমযজ্ঞেব ফল লাভ কবিবে । ধর্মাজ্ঞ বাজা ! তাহাব পর ব্রহ্মাবর্তে যাইবে ॥৫৩॥

(৫১) তীর্থসেবী কুবদহ ! •বা ব কা । (৫২) •দ্বাবপালং তবস্তকম্• বা• দ্বাবপালং সচক্রম্•পি ।

তত্র সন্নিহিতা নিত্যাং পিতবো দৈবতৈঃ সহ ।
 তত্রোভিষেকং কুবরীত পিতৃদেবার্চনে বতঃ ॥৫৫॥
 অশ্বমেধমবাপ্নোতি পিতৃলোকঞ্চ গচ্ছতি ।
 ততোহশ্বমত্যাং ধৰ্ম্মজ্ঞ । স্মৃতীৰ্থকমনুভ্রমম্ ॥৫৬॥
 কাশীশ্ববশ্চ তীৰ্থে চ স্নাত্বা ভবতসত্তম । ।
 সৰ্বব্যাদিবিবিন্শুৰ্ত্তো ব্রহ্মলোকে মহীয়তে ॥৫৭॥
 মাতৃতীৰ্থঞ্চ তত্রৈব যত্র স্নাতশ্চ ভবত । ।
 প্রজা বিবৰ্দ্ধতে বাজন্নতস্মীং শ্রিয়মশ্নুতে ॥৫৮॥
 ততঃ শীতবনং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ ।
 তীৰ্থং তত্র মহারাজ । মহদশ্বত্রে দুর্লভম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি । স্মৃতীৰ্থকং তন্মামকং তীৰ্থম্, ন বিজ্ঞতে উত্তমং যস্মাত্তৎ ॥৫৫॥

তত্রৈতি । দৈবতৈর্দেবতাভিঃ । অভিষেকং স্নানম্ ॥৫৬॥

অশ্বেতি । প্রস্তুতস্মৃতীৰ্থস্নাত ইতি শেষঃ । অশ্বমত্যাং প্রশস্তাশ্বশালিত্যাং মণিকর্ণিকায়াম্,
 অহস্তমং সৰ্ব্বোৎকৃষ্টম্, স্মৃতীৰ্থকম্ অপবং স্মৃতীৰ্থং গচ্ছেদिति শেষঃ ॥৫৬॥

কাশীতি । তীৰ্থে মণিকর্ণিকাগতস্মৃতীৰ্থাখ্যে । মহীয়তে গচ্ছতি ॥৫৭॥

মাত্ৰিতি । তত্রৈব কাশীশ্ববতীৰ্থ এব । প্রজা সন্ততিঃ । অতস্মীং মহতীম্ ॥৫৮॥

ভাবতভাবদীপঃ

কুরুক্ষেত্রমবিমুক্তাখ্যাম্, “অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রমিতি শ্রুতে: । স্মৃতিশ্চ—“ইমানি তু পবিত্রাণি
 কাশীপ্রাপ্তিকরানি চ” ইতি । অতএবাহুকুরুক্ষেত্রমিতি শ্রুত্যা নির্দিষ্টং কুরুক্ষেত্রাদিসেবন-
 প্রাপ্যত্বাং ॥২৪—৫৬॥ কাশীশ্ববশ্চ তীৰ্থেষু মণিকর্ণিকাদিষু স্নানমাত্ৰাদব্রহ্মলোকে ক্রমযুক্তি-

মানুষ ব্রহ্মাবৰ্ত্তে স্নান করিয়া ব্রহ্মলোক লাভ করিবে । বাজশ্রেষ্ঠ ! তৎপরে
 সৰ্ব্বোৎকৃষ্ট স্মৃতীৰ্থে গমন কবিবে ॥৫৪॥

সেখানে সৰ্ব্বদাই দেবগণেব সহিত পিতৃলোকেৰা অবস্থান কবেন ; স্মৃতবাং
 সেখানে স্নান কবিবে এবং পিতৃশ্রাদ্ধ ও দেবতাপূজা কবিবে ॥৫৫॥

তাহাতে অশ্বমেধযজ্ঞেব ফল পাইবে এবং পিতৃলোকে গমন কবিবে । ধৰ্ম্মজ্ঞ !
 তাহার পব প্রশস্তসলিলা মণিকর্ণিকার সৰ্ব্বোত্তম স্মৃতীৰ্থে গমন কবিবে ॥৫৬॥

ভবতশ্রেষ্ঠ ! মানুষ কাশীনাথেব সেই তীৰ্থে স্নান করিয়া সমস্ত বোগযুক্ত হইয়া
 ব্রহ্মলোকে গমন কৰে ॥৫৭॥

ভবতনন্দন বাজা । সেই কাশীশ্ববতীৰ্থেই মাতৃতীৰ্থনামে একটা তীৰ্থ আছে,
 যাহাতে স্নান কবিলে সন্তান বৃদ্ধি পায় এবং বিশাল সম্পত্তি হয় ॥৫৮॥

(৫৬)...তীৰ্থেষু—পি । (৫৮)• স্নাতশ্চ পার্থিব ।• রাজন্নস্তাং বিন্দতে শ্রিয়ম্—পি ।

পুনাতি গমনাদেব কুলমেকং নবাধিপ ।।
 কেশানভ্যুক্ষ্য বৈ তস্মিন্ পূতো ভবতি ভাবত ।।৬০।।
 তত্র তীর্থবরঞ্চাণ্ডে শ্বাবিল্লোমাপহং স্মৃতম্ ।
 তত্র বিপ্রা নবব্যাস্ত্র । বিদ্বাংসস্তীর্থতৎ পরাঃ ॥৬১।।
 প্রীতিং গচ্ছন্তি পরমাং স্নাত্বা ভরতসত্তম ! ।
 শ্বাবিল্লোমাপনযনে তীর্থে ভরতসত্তম ! ॥৬২।। (যুগ্মকম্)
 প্রাণায়ামৈর্নির্ববন্তি স্বলোমানি দ্বিজোক্তমাঃ ।
 পূতাত্মানশ্চ রাজেন্দ্র । প্রযান্তি পবমাং গতিম্ ॥৬৩।।
 দশাশ্বমেধিকৈধেব তস্মিংশ্তীর্থে মহীপতে ।।
 তত্র স্নাত্বা নবব্যাস্ত্র ! গচ্ছত পবমাং গতিম্ ॥৬৪।।
 ততো গচ্ছত রাজেন্দ্র । মানুষং লোকবিশ্রুতম্ ।
 যত্র কৃষ্ণমৃগা বাজন্ ! ব্যাধেন শবপীড়িতাঃ ॥৬৫।।

ভাবতকৌমুদী

তত ইতি । তত্র শীতবনে, মহতীর্থগন্তি, শীতবনাদন্তত্র তদ্বলভম ॥৫৯।।
 পুনাতি । একং কুলং পিতৃবংশম্ । অভ্যুক্ষ্য গায়ত্র্যা সিন্ধু ॥৬০।।
 তত্রোতি । তত্র শীতবনে । শ্বাবিল্লোমাপহং তন্মাকম্ । প্রীতির্মৈহিকীম্ ॥৬১—৬২।।
 প্রাণেতি । নির্ববন্তি হিন্দন্তি, স্বলোমানি শিখেতরাণি, শিখাযাঃ কক্ষ্মাক্ষাৎ ॥৬৩।।
 দশেতি । দশাশ্বমেধিকং নাম স্থানম্, বর্জত ইতি শেষঃ ॥৬৪।।

মহাবাজ ! তাহাব পব নিবামিব একাহাবাদি নিয়মযুক্ত হইয়া শীতবনে গমন
 কবিবে ; সেখানে এক মহাতীর্থ আছে, তাহা অশ্রুত দুর্লভ ॥৫৯।।

ভবতনন্দন বাজা ! মানুষ সেখানে গমন কবিয়াই পিতৃকুল পবিত্র কবে এবং
 কেশ অভ্যুক্ষণ কবিয়া পবিত্র হয় ॥৬০।।

নবশ্রেষ্ঠ ! সেখানে 'শ্বাবিল্লোমাপহ'-নামে আব একটা প্রধান তীর্থ আছে ;
 বিদ্বান্ ও তীর্থসেবী ব্রাহ্মণেবা সেই শ্বাবিল্লোমাপহতীর্থে স্নান কবিয়া পবমপ্রীতি
 লাভ কবেন ॥৬১—৬২।।

এবং বাজশ্রেষ্ঠ ! সেখানে ব্রাহ্মণেবা প্রাণায়াম কবিয়া আপন লোম ছেদন
 কবেন, তাহাতে পবিত্র হন এবং পবম গতি লাভ কবেন ॥৬৩।।

নবশ্রেষ্ঠ রাজা ! সেই তীর্থে 'দশাশ্বমেধিক'-নামে একটা স্থান আছে, তাহাতে
 স্নান কবিয়া পবম গতি লাভ কবিবে ॥৬৪।।

বাজশ্রেষ্ঠ ! তাহাব পব জগদ্বিখ্যাত মানুষতীর্থে গমন কবিবে । বাজা !

(৬০)....দৃষ্টমেকং নবাধিপ ।...বা ব কা পি । (৬১) তীর্থং তত্র মহাবাজ !...বা ব কা নি ।

বিগাহ তস্মিন্ সবসি মানুষত্বমুপাগতাঃ ।
 তস্মিংস্তীৰ্থে নবঃ স্নাত্বা ব্রহ্মচারী সমাহিতঃ ॥৬৬॥
 সৰ্ব্বপাপবিমুক্তাত্মা স্বৰ্গলোকে মহীষতে ।
 মানুষস্ত তু পূৰ্বেণ ক্ৰোশমাত্রে মহীপতে । ॥৬৭॥
 আপগা নাম বিখ্যাতা নদী সিদ্ধনিষেবিতা ।
 শ্ৰামাকং ভোজনং তত্র যঃ প্রযচ্ছতি মানবঃ ॥৬৮॥
 দেবান্ পিতৃন্ সমুদ্दिश्य তস্য ধৰ্ম্মফলং মহৎ ।
 একস্মিন্ ভোজিতে বিপ্রে কোটির্ভবতি ভোজিতা ॥৬৯॥ (কুলকম্)
 তত্র স্নাত্বাহর্ষযিত্বা চ পিতৃন্ বৈ দৈবতানি চ ।
 উষিত্বা বজনীমেকামগ্নিষ্টৌমফলং লভেৎ ॥৭০॥
 ততো গচ্ছেত বাজেন্দ্র । ব্রহ্মণঃ স্থানমুক্তমম্ ।
 ব্রহ্মোডুস্ববমিত্যেবং প্রকাশং ভুবি ভাবত । ॥৭১॥
 তত্র সপ্তর্ষিকুণ্ডেষু স্নাতস্য নরপুঙ্গব ! ।
 কেদাবে চৈব বাজেন্দ্র ! কপিলস্য মহাত্মনঃ ॥৭২॥

ভাবতকৌমুদী

তত ইতি । মানুষং তন্নামকমেব তীৰ্থম্ । তস্মিন্ তত্র স্থিতে । মানুষস্ত তস্মানুস্বতীৰ্থস্ত ।
 শ্ৰামাকং তদাখ্যাতৃণখাত্মানম্ । কোটির্বিপ্রাণাম্ ॥৬৫—৬৯॥
 তত্রোতি । দৈবতানি অভীষ্টদেবতাঃ । উষিত্বা বাসং কৃত্বা ॥ ০॥
 তত ইতি । ব্রহ্মণ উডুস্বরো বৃক্ষো যত্র তৎ, প্রকাশং প্রসিদ্ধম্ ॥৭১॥

সেখানে পূৰ্ব্বকালে বল্লভব কৃষ্ণনাবহবিণ ব্যাধেব বাণে পীড়িত হইয়া, তত্রত্য
 সবোববে অবগাহন কবিয়া, মনুষ্যত্ব প্রাপ্ত হইয়াছিল। মানুষ ব্রহ্মচারী ও
 একাগ্রচিন্ত হইয়া, সেই সবোববে স্নান করিয়া, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া
 স্বৰ্গলোকে গমন কবে। আব, বাজা। সেই মানুষতীৰ্থেব পূৰ্ব্বদিকে একক্ৰোশ
 দূবে 'আপগা'-নামে বিখ্যাত সিদ্ধসেবিত একটী নদী আছে, সেখানে যে লোক
 দেবগণ ও পিতৃগণেব উদ্দেশে শামাধানেব অন্ন দান কবে, তাহাব গুণতব ধৰ্ম্ম হয়
 এবং একটী ব্রাহ্মণ ভোজন কবাইলে কোটি ব্রাহ্মণ ভোজন কবান হয় ॥৬৫—৬৯॥

সেখানে স্নান, পিতৃগণ ও দেবগণেব পূজা এবং একবাত্রি বাস কবিয়া অগ্নিষ্টৌম-
 যজ্ঞেব ফল লাভ কবিবে ॥৭০॥

ভবতনন্দন বাজশ্ৰেষ্ঠ । তাহাব পর জগতে 'ব্রহ্মোডুস্বব'-নামে বিখ্যাত ব্রহ্মাব
 উক্তম স্থানে গমন কবিবে ॥৭১॥

(৬৭) সৰ্ব্বপাপবিমুক্তাত্মা.. বা ব কা নি । (৬৮).. শ্ৰামাকভোজনং তত্র...পি ।

ব্রহ্মাণমধিগম্যাথ শুচিঃ প্রয়তমানসঃ ।
 সৰ্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকং প্রপদ্যতে ॥৭৩॥
 কপিলস্ত চ কেদারং সমাসাদ্য স্তূৰ্ণভম্ ।
 অন্তর্দ্বানমবাপ্নোতি তপসা দন্ধকিল্বিষঃ ॥৭৪॥
 ততো গচ্ছেত বাজেন্দ্র । সবকং লোকবিশ্রুতম্ ।
 কৃষ্ণপক্ষে চতুর্দশ্যামভিগম্য বৃষধ্বজম্ ॥৭৫॥
 লভতে সৰ্বকামান্ হি স্বৰ্গলোকঞ্চ গচ্ছতি ।
 তিস্রঃ কোট্যস্ত তীর্থানাং সবকে কুরনন্দন । ॥৭৬॥
 রুদ্রকোট্যাং তথা কূপে হ্রদেষু চ মহীপতে ! ।
 ইলাম্পদঞ্চ তত্রৈব তীর্থং ভবতসত্তম । ॥৭৭॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

তত্রৈতি । কেদাবে আলবালে খাত ইত্যর্থঃ, “কেদাবোহর্দ্রো শিবে ক্ষেত্রে ভূমিভেদালবালযোঃ” ইতি মেদিনী । স্নাতস্ত মহৎ পুণ্যং স্মাদিতি শেষঃ ॥৭২॥

ব্রহ্মাণমিতি । ব্রহ্মাণং প্রাপ্ত্বন্ত ব্রহ্মহানগতং তদ্বিগ্রহম্ ॥৭৩॥

